banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর কর্মক্ষেত্র কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

www.ekarmakshetra.com

WBCS • CGL • BANK • RAIL grassroot ✆7427927701 Dunlop • Tamluk Sonarpur • Bolpur

বর্ষ ৩৯ সংখ্যা ৩৭ কলকাতা বুধবার, ১৭ এপ্রিল ২০১৯/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ৩ বৈশাখ ১৪২৬ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

## স্টেট ব্যাঙ্কে ৮৯০৪ জুনিয়র অ্যাসোসিয়েট

দেশ জুড়ে ৮,৯০৪ জন কর্মী নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। ক্লারিক্যাল ক্যাডারে নিয়োগ হবে জুনিয়র অ্যাসোসিয়েট (কাস্টমার সাপোর্ট অ্যান্ড সেলস) পদে। ৬ মাসের প্রবেশন। কলকাতা-সহ ছয়টি পরীক্ষাকেন্দ্র আছে পশ্চিমবঙ্গে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRPD/CR/2019-20/03.

যে-কোনও একটি রাজ্যের শূন্যপদে দরখাস্ত করবেন। যে-রাজ্যের শূন্যপদে আবেদন করবেন, প্রার্থীকে সে-রাজ্যের সরকারি ভাষা লিখতে, পড়তে, বলতে এবং বুঝতে হবে। তাই এখানে পশ্চিমবঙ্গের পাশাপাশি অন্যান্য বাংলা, হিন্দি ও ইংরেজিভাষী রাজ্যগুলির জন্য নির্ধারিত ৫,৭৫৩টি শূন্যপদের বিবরণ বিস্তারিত জানানো হল।

**শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক**

**রাজ্য অনুসারে শূন্যপদের বিন্যাস:** পশ্চিমবঙ্গ (বাংলা ও নেপালি): ২৬৫টি (সাধারণ ১১৮, তফসিলি জাতি ১২২, তফসিলি উপজাতি ১৮, ও বি সি ১২৪, আর্থিকভাবে অনগ্রসর ২৬)। এর মধ্যে ২২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৫৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ২৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**মধ্যপ্রদেশ (হিন্দি):** ৪৭৭টি (সাধারণ ১৬৮, তফসিলি জাতি ৬৩, তফসিলি উপজাতি ১৪১, ও বি সি ৬৩, আর্থিকভাবে অনগ্রসর ৪২)। এর মধ্যে ১৬টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৪২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১৮টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**ছত্তীশগড় (হিন্দি):** ২৩০টি (সাধারণ ৯৪, তফসিলি জাতি ২৭, তফসিলি উপজাতি ৭৩, ও বি সি ১৩, আর্থিকভাবে অনগ্রসর ২৩)। এর মধ্যে ১০টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ২৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১০টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ**

এরপর পনেরোর পাতায়

## কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার গ্রুপ ‘সি’

কয়েক হাজার গ্রুপ ‘সি’ কর্মী নেবে ভারত সরকার। ‘মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ’ পদে নিয়োগ করা হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ এবং বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের অফিসগুলিতে। মাধ্যমিক পাশ হলেই আবেদন করা যাবে। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন।

নিয়োগ করা হবে সেন্ট্রাল রিজিয়ন, ইস্টার্ন রিজিয়ন, কর্নাটক কেরল রিজিয়ন, নর্দার্ন রিজিয়ন, নর্থ ইস্টার্ন রিজিয়ন, নর্থ ওয়েস্টার্ন রিজিয়ন, মধ্যপ্রদেশ রিজিয়ন, সাদার্ন রিজিয়ন এবং ওয়েস্টার্ন রিজিয়নে। পশ্চিমবঙ্গের প্রার্থীরা যে-কোনও রিজিয়নের শূন্যপদের জন্যই দরখাস্ত করতে পারবেন। তবে যে-কোনও একটি রিজিয়নের শূন্যপদে আবেদন করা যাবে। তফসিলি জাতি ও উপজাতি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য কেন্দ্রীয় সরকারের নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত হবে।

এরপর সাতের পাতায়

## শুভ নববর্ষ ১৪২৬

‘কর্মক্ষেত্র’র পাঠক, লেখক, বিজ্ঞাপনদাতা, বিক্রেতা ও শুভানুধ্যায়ী সকলকে বাংলা নববর্ষের প্রীতি ও শুভেচ্ছা জানাই।

## এলাহাবাদ ব্যাঙ্কে স্পেশ্যালিস্ট অফিসার

বিভিন্ন পদে ৮০ জন স্পেশ্যালিস্ট অফিসার নেবে এলাহাবাদ ব্যাঙ্ক। ফিনান্সিয়াল অ্যানালিস্ট, ম্যানেজার (ল) এবং সিকিউরিটি অফিসার পদে নিয়োগ করা হবে জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ান এবং মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-টুতে। প্রবেশন জে এম জি এস-ওয়ানের ক্ষেত্রে ২ বছর এবং এম এম জি এস-টুয়ের ক্ষেত্রে ১ বছর। প্রার্থী বাছাইয়ের জন্য অনলাইন পরীক্ষা নেওয়া হবে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: REC1/2019-20/01.

শূন্যপদের বিন্যাস: পোস্ট কোড ১০: ফিনান্সিয়াল অ্যানালিস্ট (এম এম জি এস-টু): ৫১টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৮, ও বি সি ১৭, আর্থিকভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণ ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। সেই সঙ্গে চার্টার্ড ফিনান্সিয়াল অ্যানালিস্ট (সি এফ এ) বা আই সি ডব্লু এ পাশ করে থাকতে হবে। ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা ব্যাঙ্কিং ম্যানেজমেন্টে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমাধারীরাও আবেদনের যোগ্য। পাশাপাশি, কোনও স্বীকৃত ব্যাঙ্কের ইন্ডাস্ট্রিয়াল প্রোজেক্টে ক্রেডিট অ্যাপ্রেইজালের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**পোস্ট কোড ৪: ম্যানেজার (ল) (এম এম জি এস-টু):** ১৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৫, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** আইনে স্নাতক। সেই সঙ্গে বার কাউন্সিলে অ্যাডভোকেট হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে এবং বার বা জুডিশিয়াল সার্ভিসে অন্তত ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা কোনও স্বীকৃত ব্যাঙ্কের লিগ্যাল বিভাগে ল

এরপর সাতের পাতায়

## হৃষীকেশ এইমসে ২০৩

### স্টোরকিপার, ক্যাশিয়ার, ড্রাইভার, ওয়্যারম্যান, স্যানিটারি ইনস্পেক্টর, মেডিকো সোশ্যাল সার্ভিস অফিসার

বিভিন্ন পদে ২০৩ জন কর্মী নিয়োগ করবে উত্তরাখণ্ডের হৃষীকেশ এইমস (অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস)। এটি কেন্দ্রীয় স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। নিয়োগ করা হবে স্টোরকিপার-কাম-ক্লার্ক, ক্যাশিয়ার, ড্রাইভার, ওয়্যারম্যান, স্যানিটারি ইনস্পেক্টর, মেডিকো সোশ্যাল সার্ভিস অফিসার, ডার্ক রুম অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রিশিয়ান-সহ বিবিধ পদে।

শূন্যপদের বিবরণ: স্টোরকিপার-কাম-ক্লার্ক (বিজ্ঞপ্তি নম্বর: 2019/145): শূন্যপদ ৫১টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৩, আর্থিকভাবে অনগ্রসর ৫)। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সেক্রেটারিয়াল

এরপর চোদ্দোর পাতায়

## কেন্দ্রীয় সরকারে ৯৬৫ ডাক্তার

৯৬৫ জন এম বি বি এস ডাক্তার নিয়োগ করা হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন পদ ও সার্ভিসে। ১ থেকে ২ বছরের প্রবেশন। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, ‘কম্বাইন্ড মেডিক্যাল সার্ভিসেস এক্সামিনেশন, ২০১৯’ পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২১ জুলাই। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। এই নিয়োগের এক্সামিনেশন নোটিস নম্বর: 08/2019-CMS.

**শিক্ষাগত যোগ্যতা:** এম বি বি এস। কম্পালসারি রোটেটিং ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। তবে, যাঁরা ফাইনাল পরীক্ষা দিয়েছেন বা দিতে চলেছেন অথবা যাঁরা এখনও ইন্টার্নশিপ সম্পূর্ণ করেননি, তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

নিয়োগ হবে এইসব পদ ও সার্ভিসে: অ্যাসিস্ট্যান্ট ডিভিশনাল

এরপর চোদ্দোর পাতায়

## ভারত ইলেক্ট্রনিক্সে ১৫০

### তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ

১৫০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ভারত ইলেক্ট্রনিক্স। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ অনুসারে এক বছরের ট্রেনিং হবে কম্পিউটার অপারেটর প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ফিটার, ইলেক্ট্রনিক মেকানিক, ড্রাফটসম্যান-সহ বিভিন্ন ট্রেডে। ট্রেনিং হবে সংস্থার গাজিয়াবাদ ইউনিটে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: 12930/64/HRD/GAD/01.

ট্রেড অনুসারে আসন— ফিটার: ১৭টি। টার্নার: ৪টি। ইলেক্ট্রিশিয়ান: ১৪টি। ইলেক্ট্রনিক মেকানিক: ১৯টি। মেশিনিস্ট: ৫টি। ড্রাফটসম্যান (সিভিল): ৪টি। ড্রাফটসম্যান (মেকানিক্যাল): ৯টি। রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং: ৪টি। ইলেক্ট্রোপ্লেটার: ৩টি। ওয়েল্ডার: ২টি। কম্পিউটার অপারেটর প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৬৯টি।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-

এরপর চোদ্দোর পাতায়

## আই টি বি পি-তে ১২১ খেলোয়াড়

১২১ জন খেলোয়াড় নেবে ইন্দো-টিবেটান সীমান্ত পুলিশ। নিয়োগ করা হবে কনস্টেবল (জেনারেল ডিউটি) পদে।

**নিয়োগ হবে এইসব ক্রীড়াক্ষেত্র থেকে:** অ্যাথলেটিক্স, কায়াকিং ও ক্যানোয়িং, বক্সিং, উশু, শ্যুটিং, রেসলিং, জুডো, রোয়িং, জিমন্যাস্টিক্স, আর্চারি, স্কিইং (অ্যালপাইন ও নর্ডিক) এবং ক্যারাটে।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল।

**খেলাধুলার যোগ্যতা:** ১-১-২০১৭

এরপর পনেরোর পাতায়

## ভেলে ১৪৫ ইঞ্জিনিয়ার ও এক্সিকিউটিভ ট্রেনি

হিউম্যান রিসোর্স, ফিনান্স এবং ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায় ১৪৫ জন ট্রেনি নেবে ভারত হেভি ইলেক্ট্রিক্যালস। প্রথমে ১ বছরের ট্রেনিং। সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগ হবে ইঞ্জিনিয়ার ও এক্সিকিউটিভ পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০১/২০১৯।

**শাখানুসারে শূন্যপদের বিন্যাস:** **ইঞ্জিনিয়ার ট্রেনি:** মেকানিক্যাল: ৪০টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০, আর্থিকভাবে অনগ্রসর ৪)। ইলেক্ট্রিক্যাল: ৩০টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৭, আর্থিকভাবে অনগ্রসর ৩)। সিভিল: ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ২)। কেমিক্যাল: ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক অথবা ৫ বছরের ইন্টিগ্রেটেড মাস্টার্স ডিগ্রি বা ডুয়াল ডিগ্রি। বয়স: ১-৪-২০১৯ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। ইঞ্জিনিয়ারিং বা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা ২৯ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন।

**এক্সিকিউটিভ ট্রেনি:** হিউম্যান রিসোর্স: ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বা পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা সোশ্যাল ওয়ার্কে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা। অথবা পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড লেবার ওয়েলফেয়ার বা হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ। সব ক্ষেত্রেই অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বয়স: ১-৪-২০১৯ তারিখে ২৯ বছরের মধ্যে হতে হবে।

**ফিনান্স:** ২৫টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিকভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে চার্টার্ড বা কস্ট অ্যান্ড ওয়ার্কস অ্যাকাউন্টেন্সি পড়ে থাকতে হবে। বয়স: ১-৪-২০১৯ তারিখে ২৯ বছরের মধ্যে হতে হবে।

নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

সব ক্ষেত্রেই তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

এরপর চোদ্দোর পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন



banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad


# কর্মক্ষেত্র

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৯ সংখ্যা ৩৭ □ ১৭ এপ্রিল ২০১৯



**ই-মেল ঠিকানা**

সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com


## কর্মখালি

**আবাসিক শিক্ষক ও শিক্ষিকা চাই**

উচ্চমাধ্যমিক স্তরের ইংরেজি, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা বিষয়ের জন্য আবাসিক শিক্ষক ও শিক্ষিকা চাই। বায়োডাটা, ছবি ও সমস্ত ডকুমেন্টের জেরক্স ই-মেলে পাঠান অথবা অতিসত্বর মিশন ক্যাম্পাসে যোগাযোগ করুন। সাম্মানিক: ১১,০০০ টাকা (থাকা-খাওয়া বাদে)। নাবাবীয়া মিশন (উঃ মাঃ) (একটি উচ্চমানের আদর্শ আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান)। গ্রাম + পোস্ট: মাইনান, থানা: খানাকুল, জেলা: হুগলি, পিন: ৭১২ ৪০৬। Helpline : 97320-86786. E-mail: nababiamission786@gmail.com

□

**URGENT VACANCY**
**Govt. Regd. No. : WB07D0004754**
**ISO 9001 : 2015**

ক্লার্ক, অফিসবয়, পিওন, S. V, A.S.V, ট্রলিবয়, টেলিকলার, BANK (DSA), Back Office, Data Entry Operator, Pvt. Company-তে পে-রোলে Agriculture-এ স্থায়ী কাজ। বেতন: ১৪,৫০০/- থেকে শুরু। যোগ্যতা: ৮ম-স্নাতক। বয়স: ১৮-৪৫। দিশা কর্পোরেট, রিষড়া, হুগলি। 90516-80952.

□

**Jio/SBI/Vodafone কাস্টমার কেয়ারে** বাংলা ভাষা জানা M/F নিয়োগ চলছে। যোগ্যতা: MP-H.S, বেতন: INC+OT-সহ 11,800/-. SUCCESS POINT MANAGEMENT SERVICE, Salt Lake, Sec-V, Kol-91, হাওড়া ও হুগলি: 98301-20692, উঃ কলকাতা: 90513-76362.

□

**স্টার হোটেলে চাকরি**

ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি, ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া, টিপস। ন্যূনতম মাধ্যমিক। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

**প্রাইভেট লিমিটেড কোম্পানিতে আমতা,** উলুবেড়িয়া ও পাঁচলা অঞ্চলের অন্তর্গত বসবাসকারী ৫-১০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন পুরুষ অ্যাকাউন্টেন্ট চাই। যোগাযোগ: 91237-86528 / 70599-31025. Subhjyoti Commercial Pvt. Ltd. Swastik Apartment, Flat-3D, 334 Jessore Road, Kolkata-700 089.

□


**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২০ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।

□□□

১ মে **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৭ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।


## কর্মখালি

**সুনিশ্চিত 5 দিনে স্থায়ী চাকরি মেট্রো ও এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে এবং ব্যাঙ্ক (DSA)-তে সরাসরি নিয়োগ**

Govt. R/L-No.-8253 গভঃ স্বীকৃত অফিসের মাধ্যমে বিনা ডোনেশনে M/F কর্মপ্রার্থী চাই। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 15,300/- – 48,500/-, PF + ESI + OT বোনাস + অন্যান্য সুবিধা। কলি, G. C, ডানলপ, M: 83484-08500.

□

**BSNL/VODA/JIO**

কাস্টমার কেয়ারে (10-6 PM) রাজ্যের বিভিন্ন জেলা থেকে (মাধ্যমিক-M.A) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F সরাসরি নিয়োগ চলছে। বয়স: (18-38), Sal: 13,500/- – 48,900/- + PF + ESI + মেস। IING, Kol-08. বেহালা: 96742-56755, উঃ/দঃ ২৪ পরগনা: 82769-83240.

□

**Jio / Vodafone / Naptol কাস্টমার কেয়ারে** বাংলাভাষী M/F চাই। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 12,000/-. Z.M.S, Salt Lake Sec-V, Kol-91. 96747-95345, 90880-93059.

□

**বাংলা ভাষায় SBI / JIO / DISH TV কাস্টমার কেয়ারে**

বাংলাভাষী M.P-Graduate (18-35) অভিজ্ঞ/অনভিজ্ঞ ছেলেমেয়েদের স্পট সিলেকশন চলছে। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতন: 12,000/- + অন্যান্য সুবিধা। দমদম: 84206-66060 গড়িয়া: 90020-33880 শিলিগুড়ি: 78900-33388. IIFA, Kol-28.

□

**ক্লাস পরিচালক চাই**

এডুকেশন এক্সেলেন্স অ্যাওয়ার্ডপ্রাপ্ত চাকরির পরীক্ষার ইনস্টিটিউট কামাল হোসেন কোচিং-এর ক্লাস পরিচালনা, তদারকি, স্টুডেন্টদের চাকরির পরীক্ষা সম্বন্ধীয় তথ্য সরবরাহ করার জন্য সুঠাম স্বাস্থ্য, ব্যক্তিত্বপূর্ণ, গম্ভীর কণ্ঠস্বরের ৪০ থেকে ৫৫ বছরের গ্র্যাজুয়েট পুরুষ ও মহিলারা আসুন। কাজের সময়: ৯.৩০ মিঃ - ৫.৩০ মিঃ। শনি ও রবিবার কোনও ছুটি নেই, সপ্তাহের অন্য একদিন ছুটি দেওয়া হবে। মাহিনা: ৭,০০০ টাকা। সাক্ষাৎ: ২০ এপ্রিল, ৪টে - ৫টা। কামাল হোসেন কোচিং, ১৯, শ্যামাচরণ দে স্ট্রিট, কোল-৭৩। কলেজ স্ট্রিট কফি হাউসের পিছনে।

□

**Pvt. ব্যাঙ্কে চাকরি**

ব্যাঙ্কের Payroll ও ব্যাক অফিস May I Help U-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 74497-02185 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 সোনারপুর ও গড়িয়া: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 84208-88113. Need Counseling, ডানলপ-108.

□

**স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ**

প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে/ টাওয়ার Co-তে M/F নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), M.J.S., Kol-9, (M): 74773-12519.

□


**কর্মক্ষেত্র**

**কার্যালয়ে যোগাযোগের ঠিকানা:**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in

**বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:**
অর্পিত দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৬৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬


## কর্মখালি

**অভিজ্ঞ ও অনভিজ্ঞ পুরুষ চাই**

Mob: 95640-30192 বেসরকারি সংস্থায় সরাসরি স্থায়ী কাজের জন্য প্রতিটি জেলা থেকে 142 জন নিয়োগ হবে। ৮ম থেকে স্নাতকরা MNC, টাওয়ার, BANK (DSA), কনস্ট্রাকশন, Back অফিসে SV, ক্লার্ক, ASV, পিওন, ইনচার্জ, SK, ম্যানেজার, ATM গার্ড পদে পুরুষ চাই। বেতন: 13,700/- – 29,200/- আবেদন করার মুহূর্তে Joining date জানানো হবে। Web: www.gcagroup.co.in সেন্ট্রাল অ্যাভেনিউ, G. C. A, কলি-09.

□

**SBI / HDFC / ICICI / PAN CARD / JIO 4G /** ব্যাঙ্কিং প্রসেসে অফিসিয়াল পদে 454 জন স্মার্ট বাংলাভাষী M/F (18-35) সরাসরি নিয়োগ চলছে। বেতন: 11,237/- – 34,850/- (PF + ESI + INC) W2C, Kol-56. বেলঘরিয়া / দমদম: 83348-59516, গড়িয়া / টালিগঞ্জ: 98755-52728, ব্যারাকপুর / কল্যাণী: 90629-77779, বেহালা / ধর্মতলা: 62892-51870.

## স্কুল-কলেজ শিক্ষা

**টিচার্স ট্রেনিং**

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Instalment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর (স্টেশনের নিকটে): 92315-51285/70449-27065.

□

**Math, G.I, G.K Guide বেলঘরিয়া** CGL, 10+2, রেল (Gr. D/SM), পুলিশ PSC ক্লার্ক, WBCS, ব্যাঙ্ক (ক্লার্ক/PO) মাসে 600/-. চন্দ্রস্যার: 99035-00682.

□

**হোটেল ম্যানেজমেন্ট**

**BSHM (কেন্দ্র, রাজ্য সরকার অনুমোদিত,** ISO স্বীকৃত ও University Affiliated) কেন BSHM-এ ভর্তি হবেন? (1) ভর্তির সময় Life time job গ্যারান্টি পেপার (2) কোর্স চলাকালীন কোর্স ফি ফেরৎ, তাই No Bank Loan (3) ইনস্টলমেন্ট ফেসিলিটি (4) হোস্টেল ফেসিলিটি ফ্রি (5) সবচেয়ে কম কোর্স ফি তাই, ফ্রি ল্যাপটপ, AC ক্লাসরুম, বড় Campus-এর সুবিধা নেই (6) চমক ও চাকচিক্য নয়, ভবিষ্যৎ গড়ুন বাস্তবতায়। www.bshm.co.in গড়িয়া: 92316-80651.

□

**নার্সিং ট্রেনিং**

**ভর্তি চলছে।** ANM Nursing Training (2 Yrs). Approved by BSS / NCVT / NSDC (Govt. of India) Installment ও Hostel-এর সুবিধা এবং চাকরির বিশেষ সুযোগ। Global Technical Institute (বেলেঘাটা, ফুলবাগান), M: 75969-71701 / 92315-51285.

□

**নার্সিং ট্রেনিং (100% Job)**

**Shree Jain Hospital (Howrah),** ANM (1 yr) Approved by: BSS, GNM, P.P.B.Sc, B. Sc, Approved by INC / K.N.C / R.G.U.H.S Bangalore. (Science/Commerce/Arts) 10TH/ 12TH Passed. Call: 75968-74245 / 75968-74246.

□

**শিক্ষান্তে নিশ্চিত উপার্জন**
**ভর্তি চলছে**

পঃ বঃ সরকার অনুমোদিত এক বছরের যোগ ও ন্যাচারোপ্যাথি কোর্সে ভর্তি চলছে। যোগ্যতা: মাধ্যমিক পাশ। শিক্ষান্তে সরকারি স্বীকৃত সার্টিফিকেট ও রেজিঃ নং পাইবে। স্থান: শ্রী সত্যানন্দ মহাপীঠ, বারুইপুর, দঃ 24 পরগনা। 98315-75721 / 83481-26482.

□


**DISCLAIMER**

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.


**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## স্কুল-কলেজ শিক্ষা

**নার্সিং কোর্সে ভর্তি**

**GNM ও B. Sc (N) সরাসরি ভর্তির জন্য** যোগাযোগ: 98303-88027 (11-4 PM) Gurukul Nursing Institute, Baruipur-144.

□

**B. Ed / M. Ed @4,000/- PM**

বর্ধমান ও WBUTTEPA স্বীকৃত কলেজ থেকে 100%, ফ্রি বই। রবিবার ক্লাস, SC /ST-দের স্কলারশিপের সুবিধা। IASBM, দমদম, Kol-30. 90733-86333 / 90733-86337.

□

## স্কুল-কলেজ শিক্ষা

**DENTAL COURSES**

**University Approved, Diploma in** Dental Hygiene (DDH)-2yrs. Diploma in Dental Assistant (DDA)-1 yr. Eligibility: H. S. any Stream. Career Academy Of Medical Science, Garia Station Rd, Choto Battala, Kol-84. (M): 70447-16334 / 79800-54389.

□

**Math & Eng সোনারপুর WBCS,** Rail, PSC, SSC, ক্লার্ক Gr.D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

□

**কর্মক্ষেত্র**

**শিক্ষানবিশ সাংবাদিক চাই**

প্রথম শ্রেণি বা উচ্চ দ্বিতীয় শ্রেণির অনার্স অথবা পোস্ট-গ্র্যাজুয়েট তরুণ-তরুণীরা ইংরেজি ভাষার সম্যক জ্ঞান ও সাবলীল বাংলা লেখার দক্ষতা থাকলে স্কুল ও কলেজের নাম এবং পরীক্ষায় প্রাপ্ত নম্বর উল্লেখ করে আবেদন করুন। আবেদনপত্রের সঙ্গে মার্কশিট, সার্টিফিকেট ইত্যাদির কোনওরকম কপি পাঠাবেন না।

২৭ বছরের মধ্যে বয়স থাকা চাই। খামের ওপর লিখবেন 'শিক্ষানবিশ সাংবাদিক'। ই-মেল করলে সাবজেক্ট লাইনে 'Trainee Journalist' কথাটি অবশ্যই লিখবেন।

উপযুক্ত অভিজ্ঞতা ও অসাধারণ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের রিপোর্টার/সাব-এডিটর পদে সরাসরি নিয়োগ করা যেতে পারে।

আবেদনপত্র ৭ দিনের মধ্যে পাঠান। এই ঠিকানায়:
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: swarnakshar.prakasani@gmail.com


**কর্মক্ষেত্র কারা পড়েন?**

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Phone: 2283-2320, 2280-8818 □ Fax: 2287-6448
E-mail: advt@swarnakshar.in



**স্বর্ণাক্ষরের বেড়াবার বই ছোটদের বই**

প্রথম ভারতীয় ভূপর্যটক বিমল মুখার্জির **দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পরিক্রমায় বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্তিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের **ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর **বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর **বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্করঞ্জন রায়চৌধুরীর **চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণ কাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই **তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৮০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই **বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই **চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের **কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের **বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর **ছোটদের বই**
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দুঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত
পরিবর্তিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹৩৫
**ঝমিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

**স্বর্ণাক্ষর**
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# ডিটারজেন্ট পাউডার ও কেক তৈরির মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



নিজস্ব প্রতিনিধি: সারাবছরই কাপড় কাচার সাবানের চাহিদা থাকে। এই মেশিনের সাহায্যে নির্দিষ্ট ফর্মুলা অনুযায়ী ডিটারজেন্ট পাউডার তৈরি করে প্যাকেটে ভরে বাজারে বিক্রি করতে পারেন। আবার এই পাউডারকে 'প্লডার' মেশিনের সাহায্যে ডিটারজেন্ট কেক বানিয়েও বাজারজাত করতে পারেন।

**কীভাবে করবেন:** ডিটারজেন্ট পাউডার তৈরি করতে হলে নির্দিষ্ট কেমিক্যালগুলি পরিমাণমতো মিক্সিং মেশিনে দিয়ে মেশিন চালু করলে তা ১০ মিনিটের মধ্যেই সম্পূর্ণভাবে মিশে যাবে। মেশিন থেকে ওই ডিটারজেন্ট বের করে প্রথমে শুকিয়ে নিতে হবে।এবার সেই পাউডার প্যাকেটে ভরে বাজারে বিক্রি করতে পারেন। আবার এই ডিটারজেন্ট পাউডার প্লডার মেশিনের হপারে দিয়ে মেশিন চালু করলে সামনের ডাইস দিয়ে ডিটারজেন্ট কেক নির্দিষ্ট সাইজ অনুযায়ী বারের আকারে কাটিং হয়ে বেরিয়ে আসবে। এবার তার ওপরে মোম-কাগজের র‍্যাপার লাগিয়ে বাজারে বিক্রি করতে পারেন। মিক্সিং মেশিন এবং প্লডার মেশিন উভয়ক্ষেত্রেই মোটর লাগবে ২ হর্সপাওয়ার করে। বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** মোটর ছাড়া ঘণ্টায় ২০০ কেজি উৎপাদন-ক্ষমতা সম্পন্ন ফাইবার কোটেড মিক্সিং মেশিনের দাম পড়বে ৬০ হাজার টাকা। ঘণ্টায় ৪০ কেজি উৎপাদনক্ষমতা-সম্পন্ন প্লডার মেশিনের দাম পড়বে ৬৫ হাজার টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324 22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com


VISWA BHARATHI TRUST

সোনারপুর, কামারপুকুর, বাঁকুড়ার ওন্দা অফিসের জন্য রিসেপসনিস্ট চাই। যোগাযোগ -7797314385

GNM, BSC, নার্সিং এ ভর্তি (ব্যাঙ্গালোর)

SRI SHARADA NURSING COLLEGE (B.Sc)
VISWA BHARATHI SCHOOL OF NURSING (GNM)

কেন VISWA BHARATHI TRUST-এ ভর্তি হবে?

১. কলেজের নিজস্ব MULTI SPECIALITY HOSPITAL।
২. কলেজে 60% - 80% রেজাল্ট।
৩. ২৪ ঘন্টা সি.সি.টিভি ক্যামেরা, Aquaguard জল ও কারেন্টের ব্যবস্থা আছে।
৪. সমস্ত ছাত্র-ছাত্রীদের ইংরাজি ভীতি কাটানোর জন্য Special Spoken English-এর ব্যবস্থা আছে।
৫. কোর্স শেষে বিদেশ, কলকাতা ও ব্যাঙ্গালোর চাকরির সুযোগ।
৬. ছুটির দিনে বেড়াতে নিয়ে যাওয়া হয়।
৭. স্টুডেন্টদের লোন ও স্কোলারশিপ-এর সহায়তা করা হয়।

সম্পূর্ণভাবে উন্নত মানের বেঙ্গলী কুক দ্বারা খাবারের ব্যবস্থা 1day Fish, 2days Egg, 1day Chicken

100% LOAN ও PLACEMENT HELPING, MINORITY SCHOLARSHIP

বিগত বছর গুলিতে আমাদের প্রতিষ্ঠান থেকে যারা ভর্তি হয়েছে তাদের কয়েকজনের ছবি দেওয়া হলো



বিঃদ্রঃ- মাত্র ১০০০০ টাকায় ভর্তি/ Booking করে ৬ ঘন্টার মধ্যে Admission / Booking Letter হাতে পাবেন।

ঘোষ এডুকেশন সেন্টার
An ISO 9001:2015 certi ed
দমদম রেল স্টেশন, কলকাতা - 700030, H.O. : 7797314385
কলকাতা : 9609440908, জলপাইগুড়ি : 9681176207 (C.O) কামারপুকুর (আরামবাগ) : 7047093097, মুর্শিদাবাদ : 8001883094, মালদা : 9735022549, দঃ ২৪ পরগণা : 8001946942, দুর্গাপুর : 8001883094, মেদিনীপুর : 8001967916, ওন্দা (বাঁকুড়া) : 6297535731

GNM-2,20,000
BSC-3,30,000

শিক্ষক এবং সম্মানীয় ব্যক্তিরা ফ্রাঞ্চাইজির জন্য যোগাযোগ করুন 7797314385



দেশে ও বিদেশে কম যোগ্যতার ছেলেমেয়েদের স্টার হোটেল ও ক্রুজে চাকরি দিয়ে কেরিয়ার গড়ছে

GSM School of Management
A UNIT OF KALYANI SWAMIJEE WELFARE MISSION (GOVT. REGD.) • An ISO 9001 : 2015 Certified

AUTHORISED TRANING CENTRE OF "BHARAT SEVAK SAMAJ"
A National Development Agency
Established in 1952 by Planing Commission
GOVT. OF INDIA

১ থেকে ৩ বছরের হোটেল ম্যানেজমেন্টের কোর্স করে
5* হোটেল • হসপিটাল • জাহাজ • এয়ারলাইন্স ও মাল্টি ন্যাশনাল কোম্পানীতে চাকরি।
যোগ্যতা : কমপক্ষে মাধ্যমিক পাশ, বয়স : ১৭ থেকে ২৫

Admissions OPEN




মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের ছেলেমেয়েদের জন্য 'গ্লোবাল স্কুল অফ ম্যানেজমেন্ট' নিয়ে এলো 'ওয়েলফেয়ার স্কিম ২০১৯'। এই স্কিমের মাধ্যমে ছেলেমেয়েরা প্রতি মাসে ৫০০ থেকে ২০০০ টাকা করে ভাতা পাবেন মোট ১২ মাস। হোটেল ম্যানেজমেন্টে নিশ্চিত কেরিয়ার গড়তে চাইলে এই স্কিমের মাধ্যমে আবেদন করতে হবে ১০মে, ২০১৯-এর মধ্যে। মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের ফটোকপি ও অভিভাবককে সরাসরি নিয়ে আসতে হবে এই ঠিকানায় :–

94339 47225 / 90622 69582

A-1/56, Kalyani, Nadia, Pin - 741235 • www.globalschoolmgt.com

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

**নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।**



*তুমি প্রাণ দিয়ে ভালোবাসো এমন একটা কাজ বেছে নাও। তাহলে তোমাকে আর জীবনে অন্যদরের কাজ করতে হবে না। তুমি কাজ করবে ভালোবেসে।*
*— কনফুসিয়াস*
*(চৈনিক দার্শনিক)*

✓ *গণিতের স্নাতক। স্নাতকে প্রথম শ্রেণির নম্বর আছে। চাকরির চেষ্টা চলছে। চাকরির খোঁজ দেবেন।*
*সৌজন্য দে, বরিষা, কলকাতা।*

□ আপনি বিভিন্ন চাকরির জন্যই আবেদনের যোগ্য। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন। মনের মতো কয়েকটি চাকরির জন্য বিশেষ প্রস্তুতি নিলে সুবিধাই হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** ৮৯০৪জন জুনিয়র অ্যাসোসিয়েট নিচ্ছে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই আবেদন করতে পারেন। এবারের 'কর্মক্ষেত্র'-য় 'স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় ৮৯০৪ জুনিয়র অ্যাসোসিয়েট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ৩ মে-র মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sbi.co.in

২০০০ প্রবেশনারি অফিসার নিচ্ছে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। যে-কোনও শাখার স্নাতকরাই আবেদনের যোগ্য। স্নাতকের নম্বরের কোনও বাধানিষেধ নেই। আবেদনের জন্য ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের পরীক্ষার স্কোরের দরকার নেই। 'কর্মক্ষেত্র'-র ১০ এপ্রিল সংখ্যায় 'স্টেট ব্যাঙ্কে ২০০০ প্রবেশনারি অফিসার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ২২ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের কোনও একটির মাধ্যমে: https://bank.sbi/careers, https://www.sbi.co.in/careers

২০০০ প্রবেশনারি অফিসার নিচ্ছে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। যে-কোনও শাখার স্নাতকরাই আবেদনের যোগ্য। স্নাতকের নম্বরের কোনও বাধানিষেধ নেই। আবেদনের জন্য ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের পরীক্ষার স্কোরের দরকার নেই। 'কর্মক্ষেত্র'-র ১০ এপ্রিল সংখ্যায় 'স্টেট ব্যাঙ্কে ২০০০ প্রবেশনারি অফিসার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অব ইন্ডিয়ার জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (গ্রেড-ওয়ান) পদে আবেদন করতে পারেন। যে-কোনও শাখার উচ্চমাধ্যমিকরাই এই পদে আবেদনের যোগ্য। 'কর্মক্ষেত্র'-র ৩ এপ্রিল সংখ্যায় 'ফুড সেফটিতে ২৪০' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ২৫ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.fssai.gov.in

***পরে আবেদন করতে পারবেন:*** স্টেট ব্যাঙ্ক ছাড়া অন্য যে-কোনও রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের প্রবেশনারি অফিসার বা ক্লার্ক পদে আবেদনের জন্য আগে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের যোগ্যতামান নির্ধারণের পরীক্ষায় সফল হতে হয়। আপনি প্রবেশনারি অফিসার, ক্লার্ক এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলির অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদের যোগ্যতামান নির্ধারণের পরীক্ষায় বসতে পারবেন। পরীক্ষার স্কোর অনুসারে বিভিন্ন ব্যাঙ্কে এই পদগুলির জন্য আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারেন। পশ্চিমবঙ্গ সরকারের অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলির অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট পদের পরীক্ষায় বসতে পারবেন। স্নাতকে ৬০ শতাংশ নম্বর থাকায় রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে আবেদন করতে পারবেন। রেলে গুডস গার্ড, অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস, ট্র্যাফিক অ্যাপ্রেন্টিস পদে আবেদন করতে পারবেন। চাইলে ডব্লু বি সি এসের মতো প্রশাসনিক চাকরির জন্যও প্রস্তুতি নিতে পারেন।

✓ *ইতিহাসের গ্র্যাজুয়েট। স্টেনোগ্রাফি জানি। স্টেনোগ্রাফারের চাকরির খোঁজ পেতে চাই।*
*সৌরভ ভুঁইয়া, নিউ ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

□ চাকরির বাজারে দক্ষ স্টেনোগ্রাফারদের চাহিদা আছে। স্টেনোগ্রাফির গতি-সম্পর্কে কোনও তথ্য আপনার চিঠি থেকে পাওয়া যাচ্ছে না। মিনিটে ৮০-১০০টি ইংরেজি শব্দ শর্টহ্যান্ডে লেখার এবং মিনিটে অন্তত ৩০-৩৫টি ইংরেজি শব্দ টাইপ করার গতি থাকলে স্টেনোগ্রাফারের চাকরির উপরেই জোর দিন। গতির সঙ্গে নির্ভুল স্টেনোগ্রাফির উপর নজর রাখতে হবে। স্টেনোগ্রাফি টেস্টের আগে লিখিত পরীক্ষায় সফল হতে হবে। ফলে লিখিত পরীক্ষার জন্য প্রস্তুতি নিন। মনে রাখবেন, স্টেনোগ্রাফারের চাকরির প্রস্তুতির ক্ষেত্রে ইংরেজি গ্রামার ও বাক্য গঠনের উপরে জোর দিতে হবে। লিখিত পরীক্ষার ক্ষেত্রেও ইংরেজির জ্ঞান যাচাই হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট নেবে ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অব ইন্ডিয়া। মিনিটে ৮০টি ইংরেজি শব্দ শর্টহ্যান্ডে লেখার এবং মিনিটে অন্তত ৩৫টি ইংরেজি শব্দ টাইপ করার গতি থাকলে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৩ এপ্রিল সংখ্যায় 'ফুড সেফটিতে ২৪০' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ২৫ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.fssai.gov.in

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে প্রতিবছরই স্টেনোগ্রাফার নেওয়া হয়। প্রার্থী বাছাই করে স্টাফ সিলেকশন কমিশন। পরীক্ষার সিলেবাস দেখে আগে থেকেই প্রস্তুতি নিতে পারেন। রেলে স্টেনোগ্রাফার নেওয়া হয়। আপনি আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ বিধানসভায় সময়ে সময়ে রিপোর্টার নিয়োগ করা হয়। এই পদের জন্য স্টেনোগ্রাফি জানা বাধ্যতামূলক। আপনি আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিভিন্ন সংস্থাতেই স্টেনোগ্রাফারের চাকরি আছে। 'কর্মক্ষেত্র'-য় নজর রাখুন, পাবেন আরও চাকরির খবর।

✓ *আমি রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং ট্রেডে ২ বছরের আই টি আই কোর্স করেছি। এবার কোনও নামী সংস্থা থেকে অ্যাপ্রেন্টিসশিপ কোর্স করতে চাই। কোনও সুযোগ থাকলে জানাবেন।*
*প্রতীক মণ্ডল, পাঁশকুড়া, পূর্ব মেদিনীপুর।*

□ বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থাতেই অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নেওয়ার সুযোগ আছে।

***এখনই আবেদন করতে পারেন:*** তামিলনাড়ুর ইন্দিরা গান্ধী সেন্টার ফর অ্যাটমিক রিসার্চ বিভিন্ন আই টি আই ট্রেড কোর্স করা তরুণ-তরুণীদের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে। অন্যতম ট্রেড রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং। আপনি আবেদন করতে পারেন। একটি ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। 'কর্মক্ষেত্র'-র ১০ এপ্রিল সংখ্যায় 'অ্যাটমিক রিসার্চ সেন্টারে ১৩০ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ' শীর্ষক সংবাদে এই ট্রেনিং-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। প্রথমেই রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeship.gov.in রেজিস্ট্রেশনের নম্বরটি টুকে রাখবেন। এরপর ২৪ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.igcar.gov.in অনলাইন দরখাস্ত সাবমিট করার পরে সেটির একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। পরে কাজে লাগবে।

## পেশার উপযোগী দক্ষতা অর্জন করুন, দক্ষদের জন্য কাজ আছে



এম এন মাইতি
প্রাক্তন ডিরেক্টর, এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট
প্রাক্তন ডেপুটি সেক্রেটারি, বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ

গত এক-দেড় দশকে কাজের চালচিত্র ও চরিত্রে অনেকটাই বদল ঘটেছে। পেশাদারি কাজকর্মের প্রসার ঘটেছে। আপনি গ্র্যাজুয়েট হলে বিভিন্ন সরকারি চাকরির জন্য আবেদন করতে পারেন। পেশাদারি দক্ষতার প্রয়োজন হয় না তেমন এক্ষেত্রে। প্রতিযোগিতামূলক পরীক্ষায় বসতে হয়। সেই পরীক্ষার একটা সিলেবাস থাকে। সেই সিলেবাস অনুসারে পড়াশোনা করে যে যত বেশি নিজেকে প্রস্তুত করবেন, তাঁর চাকরি পাওয়ার সম্ভাবনা তত বেশি। তবে সরকারি চাকরি প্রয়োজনের তুলনায় কম। তাই প্রতিযোগিতা বেশি। কোনও একটি পদের চাকরি যতজন পাবেন, তার অনেকগুণ প্রার্থী চাকরিটি পাবেন না। এটাই বাস্তব চিত্র।

অন্যদিকে রয়েছে পেশাদারি চাকরি। মূলত কর্পোরেট সেক্টরের চাকরি। এখানে সরকারি চাকরির মতো লিখিত পরীক্ষা নিয়ে প্রার্থী বাছাই করা হয় না। বরং সংশ্লিষ্ট চাকরির উপযোগী পেশাদারি দক্ষতাগুলো প্রার্থীর আছে কিনা তা যাচাই করা হয়ে থাকে। যেমন ধরুন, বিভিন্ন বেসরকারি ব্যাঙ্ক ও আর্থিক প্রতিষ্ঠানের নানাবিধ আর্থিক পণ্য বিপণনের চাকরি আছে। এক্ষেত্রে চাকরিপ্রার্থী বাছাই হবে কীভাবে? একটা নির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতার শর্ত থাকবে অবশ্যই। ধরুন সেই যোগ্যতা হল গ্র্যাজুয়েট। কিন্তু সেই শিক্ষাগত যোগ্যতাই শেষ কথা হবে না। প্রার্থী কতটা বলিয়ে-কইয়ে, মাতৃভাষা ছাড়াও কাজ চালানোর মতো কথ্য ইংরেজি বা হিন্দিতে সে কতটা সড়গড়, প্রার্থীর ব্যক্তিত্ব কতটা আকর্ষণীয়, ঘোরাঘুরির কাজে প্রার্থী কতটা তৎপর হতে পারবেন, এগুলো যাচাই করা হয় এধরনের চাকরির জন্য। রিটেল সেক্টরে আগামী দিনগুলিতে আমাদের দেশে আরও প্রচুর লোকের চাকরি হবে। স্বল্পশিক্ষিত, উচ্চশিক্ষিত, সকলের জন্যই চাকরি আছে এক্ষেত্রে। কম্পিউটার ব্যবহার করার জ্ঞান থাকলে, বাংলার সঙ্গে চলনসই ইংরেজি এবং কিছুটা হিন্দি বলতে পারলে, আচার-ব্যবহারে রুচিসম্পন্ন হলে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েদেরও চাকরি হতে পারে রিটেল সেক্টরে। কাজের ধরনটা জানা থাকলে সুবিধা হবে। এখন নানা প্রতিষ্ঠানে রিটেল সেক্টরে কাজের উপযোগী প্রশিক্ষণ দেওয়া হয়। একটা প্রশিক্ষণ নেওয়া থাকলে খানিকটা প্রস্তুত হয়েই কার্যক্ষেত্রে পা রাখা যায়। লক্ষ করলে দেখা যাবে, শপিং মল, অন্যান্য বড় বড় রিটেল আউটলেটে কম্পিউটারে বিলিংয়ের কাজ যাঁরা করেন, তাঁরা সদাব্যস্ত। এক্ষেত্রে দক্ষ লোকের কদরও যথেষ্ট। কম্পিউটার বিলিং সিস্টেমটা ভালো করে শিখে নিয়ে কাজে নামা যায়। এখন আলাদা করে পে-রোল ম্যানেজমেন্ট জানা লোকের দরকার হচ্ছে বিভিন্ন সংস্থায়। পে-রোল ম্যানেজমেন্টের প্রশিক্ষণও নেওয়া যাচ্ছে এখন।

এখন তো হোটেল-রেস্তোরাঁর ছড়াছড়ি। স্বল্প-শিক্ষিতরাও খাদ্য-পানীয় পরিবেশক তথা ওয়েটারের চাকরি পেতে পারেন। ব্যাক অফিসের চাকরি আছে, ফ্রন্ট অফিসের চাকরি আছে। প্রশিক্ষণেরও ব্যবস্থা আছে।

ওয়েল্ডিং, ইলেক্ট্রিশিয়ান, প্লাম্বিং ইত্যাদির মতো হাতের কাজে যাঁরা দক্ষ, তাঁদের কাজের অভাব নেই। যাঁরা হাইস্পিড মেশিনে পোশাক সেলাইয়ে দক্ষ হবেন, তাঁদের কাজের অভাব হবে না।

আমি বলতে চাইছি, পুঁথিগত শিক্ষা যাই-ই হোক না কেন, নিষ্ক্রিয় হয়ে বসে থাকবেন না। পেশাদারি একটা কাজ শিখে নিন। প্রয়োজনে ন্যূনতম একটা প্রশিক্ষণ নিয়ে নিজেকে প্রস্তুত করুন। তারপর কাজের জগতে পা রাখুন। বাস্তব ক্ষেত্রে গিয়ে মন দিয়ে কাজ শিখুন। অভিজ্ঞ হয়ে উঠুন। কর্মী হিসেবে আপনার চাহিদা বাড়বে, আপনার উপার্জন বাড়বে।

***পরে আবেদন করতে পারবেন:*** রেল-সহ বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থাতেই অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের ব্যবস্থা রয়েছে। পূর্ব বা দক্ষিণ-পূর্ব রেলে ট্রেনিং নেওয়ার সুযোগ রয়েছে এ রাজ্যে থেকেই। ইন্ডিয়ান অয়েল, সেইল, নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন, গার্ডেনরিচ শিপ বিল্ডার্স প্রভৃতি সংস্থায় সময়ে সময়ে রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেওয়া হয়। 'কর্মক্ষেত্র'-য় নজর রাখুন, আরও অনেক ট্রেনিংয়ের খোঁজ পাবেন।

✓ *আমি একজন পাস গ্র্যাজুয়েট। বর্তমানে একটি তথ্যপ্রযুক্তি সংস্থায় সিকিউরিটি বিভাগে চাকরি করছি। বয়স ২৪ বছর। কম্পিউটারের সার্টিফিকেট কোর্স করা আছে। আমি সিকিউরিটি ম্যানেজমেন্টের কোর্স করে নিতে চাইছি। কলকাতায় কোথাও এই কোর্স করার সুযোগ আছে কি? থাকলে কীভাবে কোর্সটি করা যায় জানালে খুবই উপকৃত হব।*
*সৌম্য নাগ, দমদম, কলকাতা।*

□ রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে সেফটি অ্যান্ড সিকিউরিটি ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স করানো হয়। কোর্সটির মেয়াদ ১ বছর। আসন ৫০টি। ফি ১০,১০০ টাকা। আপনি এই কোর্সটি করে নিতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১০ এপ্রিল সংখ্যায় 'রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে একাধিক স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স' শীর্ষক সংবাদে ভর্তির জন্য প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rbu.ac.in এই কোর্সের অ্যাডমিশন নোটিস নম্বর: sfc/pg-Diploma/02/19 অনলাইন দরখাস্ত সাবমিট করার পরে অ্যাপ্লিকেশন আইডেন্টিফিকেশন নম্বর-সহ পূরণ করা দরখাস্তের একটি প্রিন্ট-আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। ভর্তির সময় প্রয়োজন হবে।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

### যোগার স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্স



যোগার স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে দিল্লির মোরারজি দেশাই ন্যাশনাল ইনস্টিটিউট অব যোগা। এটি কেন্দ্রের আয়ুষ মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত প্রতিষ্ঠান। প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষাটির আয়োজক নয়া দিল্লির গুরু গোবিন্দ সিংহ ইন্দ্রপ্রস্থ ইউনিভার্সিটি।

**কোর্সের বিবরণ: বি এসসি ( সি ই টি কোড ১১৭):** আসনসংখ্যা: ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে ইংরেজি পড়ে থাকতে হবে। বয়স: ১-৮-২০১৯ তারিখে ২১ বছরের মধ্যে হতে হবে।

**এম এসসি ( সি ই টি কোড ১৮৭):** আসনসংখ্যা: ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: মোট ৫০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান বা মেডিক্যাল বা প্যারামেডিক্যাল বা ফিজিওথেরাপি শাখায় বি এসসি, সঙ্গে যোগা সায়েন্সে অন্তত ১ বছর মেয়াদের ডিপ্লোমা কোর্স পাশ। প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে। বয়স: ১-৮-২০১৯ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে কমন এন্ট্রান্স টেস্টের (সি ই টি) মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র দিল্লি। পরীক্ষা ৪ মে। স্নাতক কোর্সে ভর্তির ক্ষেত্রে প্রবেশিকা পরীক্ষায় প্রশ্ন হবে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, ম্যাথমেটিক্স, জেনারেল অ্যাওয়ারনেস এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন বিষয়ে। এম এসসি কোর্সে ভর্তির ক্ষেত্রে প্রশ্ন হবে অ্যানাটমি, ফিজিওলজি, জেনারেল অ্যাওয়ারনেস এবং জেনারেল সায়েন্স বিষয়ে। পরীক্ষার সময় আড়াই ঘণ্টা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ipu.ac.in আবেদনের শেষ তারিখ ২২ এপ্রিল। ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা।

অনলাইন আবেদনের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: www.yogamdniy.nic.in ফোন: (০১১) ২৩৭৩ ০৪১৭, ২৩৩৫ ১০৯৯।

## ইন্ডিয়ান কাউন্সিল অব এগ্রিকালচারাল রিসার্চের অধীনস্থ বিশ্ববিদ্যালয়ে কৃষি-সহ বিভিন্ন স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

ইন্ডিয়ান কাউন্সিল অব এগ্রিকালচারাল রিসার্চের অধীনস্থ বিভিন্ন এগ্রিকালচারাল ইউনিভার্সিটিতে অ্যাগ্রোনমি, ফিশারি সায়েন্স, এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট-সহ একাধিক বিষয়ের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তির পরীক্ষা 'অল ইন্ডিয়া এন্ট্রান্স এক্সামিনেশন-২০১৯' হবে ১ জুলাই। পরীক্ষাটি পরিচালনা করবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়া যাবে এই সব বিষয়ে: প্ল্যান্ট বায়োটেকনোলজি, প্ল্যান্ট সায়েন্সেস, ফিজিক্যাল সায়েন্স, এন্টোমোলজি অ্যান্ড নেমাটোলজি, অ্যাগ্রোনমি, সোশ্যাল সায়েন্সেস, স্ট্যাটিস্টিক্যাল সায়েন্সেস, হর্টিকালচার, ফরেস্ট্রি/অ্যাগ্রোফরেস্ট্রি অ্যান্ড সিলভিকালচার, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, ওয়াটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কমিউনিটি সায়েন্স (পূর্বতন হোম সায়েন্স), অ্যানিম্যাল বায়োটেকনোলজি, ভেটেরিনারি সায়েন্স, অ্যানিম্যাল সায়েন্সেস, ফিশারিজ সায়েন্স, ডেয়ারি সায়েন্স, ডেয়ারি টেকনোলজি, ফুড সায়েন্স অ্যান্ড টেকনোলজি এবং এগ্রি বিজনেস ম্যানেজমেন্ট।

### সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা ১ জুলাই

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বিষয়ে অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ স্নাতক কোর্স পাশ। **বয়স:** ৩১-৮-২০১৯ তারিখে অন্তত ১৯ বছরের হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১ জুলাই। পরীক্ষায় ১৬০টি অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নের মান ৪। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষা দুপুর আড়াইটে থেকে বিকেল ৫টা। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল কলকাতা, আসানসোল এবং শিলিগুড়ি। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ৫ জুন থেকে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ntaicar.nic.in আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল। আবেদনের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ৫০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং অথবা স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া বা আই সি আই সি আই বা এইচ ডি এফ সি ব্যাঙ্ক বা সিন্ডিকেট ব্যাঙ্কের ইউ পি আই (ইউনিফায়েড পেমেন্ট ইন্টারফেস) পদ্ধতির মাধ্যমে। এ ছাড়া অফলাইনে ই-চালানের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া বা সিন্ডিকেট ব্যাঙ্কের যে-কোনও শাখায়। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১ মে। অনলইনে ফি জমা দিয়ে থাকলে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। অনলাইনে আবেদনপত্র সাবমিটের পর পাওয়া কনফার্মেশন পেজের অন্তত তিন কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

ফর্ম সংশোধন করা যাবে ৭ থেকে ১৪ মে পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## হায়দরাবাদ বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর কোর্সে ভর্তি

বিভিন্ন বিষয়ের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে হায়দরাবাদ বিশ্ববিদ্যালয়। প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

বিষয়গুলি হল: ম্যাথমেটিক্স, অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স, স্ট্যাটিস্টিক্স, ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োকেমিস্ট্রি, প্ল্যান্ট বায়োলজি অ্যান্ড বায়োটেকনোলজি, বায়োটেকনোলজি, মলিকিউলার মাইক্রোবায়োলজি, অ্যানিম্যাল বায়োটেকনোলজি, ওশান অ্যান্ড অ্যাটমোস্ফেরিক সায়েন্সেস, হেলথ সাইকোলজি, কগনিটিভ সায়েন্স, পাবলিক হেলথ, কম্পিউটার অ্যাপ্লিকেশন, ইংরেজি, ফিলজফি, হিন্দি, উর্দু, অ্যাপ্লায়েড লিঙ্গুইস্টিক্স, কম্পারেটিভ লিটারেচর, ইকনমিক্স, হিস্ট্রি, পলিটিক্যাল সায়েন্স, সোশিওলজি, অ্যানথ্রপলজি, কমিউনিকেশন (কমিউনিকেশন অ্যান্ড মিডিয়া স্টাডিজ, প্রিন্ট জার্নালিজম অ্যান্ড নিউ মিডিয়া, টেলিভিশন অ্যান্ড রেডিও), ডান্স (কুচিপুড়ি, ভরতনাট্যম), থিয়েটার আর্টস, পেইন্টিং, প্রিন্ট মেকিংস স্কাল্পচার, আর্ট হিস্ট্রি।

এম বি এ করা যাবে হেলথ কেয়ার অ্যান্ড হসপিটাল ম্যানেজমেন্ট এবং বিজনেস অ্যানালিটিক্স বিষয়ে। প্রবেশিকা পরীক্ষা নেওয়া হবে ২৭ মে থেকে ৩১ মে পর্যন্ত। পরীক্ষা-সংক্রান্ত বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://acad.uohyd.ac.in অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://acad.uohyd.ac.in আবেদনের শেষ তারিখ ৩ মে। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (২৫ কেবি সাইজের মধ্যে), সই (১০ কেবি সাইজের মধ্যে) এবং প্রযোজ্য ক্ষেত্রে আর্থিকভাবে অনগ্রসর, তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট আপলোড করতে হবে। ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫৫০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা, ও বি সিদের ক্ষেত্রে ৩৫০ টাকা এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ৫০০ টাকা)। অনলইনে আবেদনপত্র সাবমিটের পর পূরণ করা আবেদনপত্র এবং ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। আবেদনের যোগ্যতা-সহ বিস্তারিত তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.uohyd.ac.in

## SBI-তে নিয়োগ প্রায় ১১০০০ শূন্যপদে

**SBI P.O.-এ ২০০০ শূন্যপদে বিজ্ঞপ্তি প্রকাশিত হল**

Post : SBI P.O.
Qualification : Graduation
Age : 21 – 30 yrs.
Form Fill-up : 22/04/19
www.sbi.co.in

রাজ্যের সমস্ত সরকারি চাকরি প্রার্থীদের জন্য সুখবর। প্রকাশিত হল SBI Probationary Officer এবং Clerical পদে নিয়োগের বিজ্ঞপ্তি। SBI P.O. পদে নিয়োগের ক্ষেত্রে শূন্যপদের সংখ্যা ২০০০। প্রিলিমিনারি পরীক্ষা হবে ৮, ৯, ১৫ ও ১৬ই জুন এবং মেইন পরীক্ষা হবে ২০শে জুলাই। SBI Clerk পদে নিয়োগের ক্ষেত্রে শূন্যপদের সংখ্যা ৮৯০৪। এই পদের প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য সময় জুন মাস নাগাদ। ব্যাঙ্কের চাকরি পেতে গেলে প্রয়োজন পরিকল্পনা মাফিক অনুশীলন। প্রথমেই ওয়াকিবহাল হওয়া দরকার পরীক্ষার সিলেবাস সম্বন্ধে। SBI P.O. এবং Clerk পদে প্রিলিমিনারি পরীক্ষায় ইংলিশ ল্যাঙ্গুয়েজ, কোয়ান্টিটেটিভ অ্যাপটিটিউট ও রিজিওনিং অ্যাবিলিটি থেকে মোট ১০০ নম্বরের প্রশ্ন থাকছে। সময় ১ ঘণ্টা। মেইন পরীক্ষার ক্ষেত্রে P.O. পদের ক্ষেত্রে ২০০ মার্কসের অবজেকটিভ টাইপ এবং ৫০ মার্কসের ডেসক্রিপটিভ টাইপ পরীক্ষা হবে। অবজেকটিভ টাইপ পরীক্ষায় ৩ ঘণ্টা সময়ে রিজিওনিং এবং কম্পিউটার অ্যাপটিটিউড, ডেটা অ্যানালিসিস ও ইন্টারপ্রিটেশন, জেনারেল / ব্যাঙ্কিং অ্যাওয়ারনেস ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ থাকবে। ডেসক্রিপটিভ টাইপ পরীক্ষার ক্ষেত্রে ইংলিশ ল্যাঙ্গুয়েজে চিঠি লিখন ও প্রবন্ধ রচনা করতে হবে। সময় : আধ ঘন্টা। Clerk পদে মেইন পরীক্ষার ক্ষেত্রে ২০০ মার্কসের পরীক্ষা হবে। ২ ঘণ্টা ৪০ মিনিট সময়। যেখানে থাকবে জেনারেল /ফিনান্সিয়াল অ্যাওরনেস, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, কোয়ান্টিটেটিভ অ্যাপটিটিউট এবং রিজিওনিং অ্যাবিলিটি ও কম্পিউটার অ্যাপটিটিউড। প্রতিটি বিষয়ে আলাদা আলাদা ভাবে নির্ধারিত সময় থাকবে। সুতরাং পরীক্ষা পদ্ধতি থেকেই বোঝা যাচ্ছে পরীক্ষার হলে টাইম ম্যানেজমেন্ট ও শর্টকার্ট টেকনিকের প্রয়োগ কতটা জরুরি। একচান্সেই ব্যাঙ্কের পরীক্ষায় সাফল্য পেতে কয়েকটি বিষয়ে খেয়াল রাখা অত্যন্ত প্রয়োজন যেমন-(i) প্রতিদিন মকটেস্ট, (ii) কাট অফ মার্কসের ব্যাপারে জেনে নেওয়া, (iii) ১০০ শতাংশ কমন প্রশ্নের লক্ষ্যে প্রস্তুতি নেওয়া, (iv) রাফ ওয়ার্ক না করে প্রশ্নের উত্তর দেওয়া, (v) প্রতিটি উত্তর নির্ভুল করা, (vi) সময়ের মধ্যে প্রশ্ন শেষ করা, (vii) পরীক্ষা পদ্ধতির নিত্যনতুন পরিবর্তনের সম্বন্ধে সম্যক ধারণা রাখা, (viii) বিশেষজ্ঞের মাধ্যমে শর্টকার্ট পদ্ধতিগুলিকে আয়ত্ত করা।

**SBI Clerk-এ ৮৯০৪ শূন্যপদে বিজ্ঞপ্তি প্রকাশিত হল**

Post : SBI Clerk
Qualification : Graduation
Age : 20 – 28 yrs.
Form Fill-up : 3/05/19
www.sbi.co.in

শুধুমাত্র লিখিত পরীক্ষায় পাশ করলেই চাকরি

GSCE
পড়লেই সরকারি চাকরি
Helpline : 9830277100/200/300

ভর্তি চলছে

✓ WBCS
GSCE-র WBCS কোর্সে পড়লে WBCS সহ একাধিক সরকারি চাকরিতে নিশ্চিত সাফল্য
✓ Regular Combined Course
(CGL, Bank (P.O & Clerk), Rail, Police, PSC, Army etc. )
✓ Interview & Personality Grooming

WBCS ও RCC কোর্সে
ভর্তির ক্ষেত্রে কোর্স ফি-তে বিশেষ ছাড়ের ব্যবস্থা আছে

সরকারি চাকরি পাওয়ার অভূতপূর্ব সুযোগ
ভারতীয় রেল
শূন্যপদ : ১০৩৭৬৯
শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক / ITI | বয়স ১৮-৩৩ বছর | ফর্ম ফিল-আপ ২৬/৪/১৯ পর্যন্ত

Special Crash Course-এ
রেল, পিএসসি ক্লার্কশিপ, রাজ্য পুলিশ, SSC CHSL, ব্যাঙ্ক প্রভৃতি পরীক্ষার উপর ভর্তি চলছে
সর্বমোট কোর্স ফি
১০২৪০ টাকা
আসন সীমিত
ফর্ম ফিলাপ সংক্রান্ত সমস্ত কিছু জানতে-
✆ 9231036500

(হেড অফিস)
শিয়ালদহ
১৩৬, বি. বি. গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২
✆ 9674087465
✆ 9051040306
✆ 9230056675
✆ 9830277761
উপরিউক্ত নম্বরে ফোন করুন অথবা আপনার নাম ও ফোন নম্বর সহ SMS করুন

কলকাতা জোন
ডানলপ(C.O.) : 9230056673
বারাসাত : 9674087467
ব্যারাকপুর : 9230056668
গড়িয়াহাট : 9230056665
বেহালা : 9051040318
হাওড়া ময়দান : 9230056677
নেতাজীনগর : 9674087860
রানাঘাট : 9674083508
কৃষ্ণনগর : 9674087470
কল্যানী : 9674087469
ডায়মন্ডহারবার : 9230056662
সোনারপুর : 9674087466
বনগাঁ : 8697984953

ইস্টার্ন জোন
বর্ধমান : 9674025700
রামপুরহাট : 9674061397
কোন্নগর : 9230056667
বোলপুর : 9674012025
সিউড়ী : 9674087835
দুর্গাপুর : 9674025500
আসানসোল : 9674087475
ব্যান্ডেল : 9230056669
তারকেশ্বর : 9830277743
কাটোয়া : 9830277230

ওয়েস্টার্ন জোন
পঃমেদিনীপুর : 9230056671
বাঁকুড়া : 8017491727
পুরুলিয়া : 9830277820
বাগনান : 9674087468
কাঁথি : 9674140376
খড়গপুর : 9230016054
তমলুক : 8697984951
ঝাড়গ্রাম : 9674087874

ইস্টার্ন ইন্ডিয়া
পাটনা (বিহার) : 09674053678

নর্দান জোন
শিলিগুড়ি : 9674087473
জলপাইগুড়ি : 9674025600
কালিম্পং : 9830277171
কোচবিহার : 9830277023
মালদা : 9674087472
বালুরঘাট : 9230056676
বহরমপুর : 9674087471
রায়গঞ্জ : 8017491728
আলিপুরদুয়ার : 9674033336
ইসলামপুর : 9830277597
ধূপগুড়ি : 9830277257
দিনহাটা : 9830277698

Website : www.gsceindia.org
George Telegraph • Since 1920
www.facebook.com/George-School-of-Competitive-Exams

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## এস এস সি

☐ *স্টাফ সিলেকশন কমিশন আয়োজিত গ্রুপ 'সি' মাল্টি টাস্কিং স্টাফ পদে আবেদন করতে চাই। প্রার্থী বাছাই করা হয়ে থাকে কোন পদ্ধতিতে? —জয় মজুমদার, স্বরূপনগর, উত্তর ২৪ পরগনা।*

☐☐ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে গ্রুপ 'সি' মাল্টি টাস্কিং স্টাফ (নন-টেকনিক্যাল) পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। দু'টি পেপারের পরীক্ষা। প্রথম পেপারে ২৫ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, ২৫ নম্বরের নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, ৫০ নম্বরের জেনারেল ইংলিশ এবং ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ক অবজেক্টিভ মাল্টিপল চয়েস প্রশ্ন থাকবে। অর্থাৎ মোট ১৫০ নম্বরের পরীক্ষা। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং থাকবে। প্রতিটি ভুল উত্তরের জন্য এক-চতুর্থাংশ করে নম্বর কাটা যাবে। বেলা ১০টা থেকে ১২টা এবং বেলা ২টো থেকে বিকেল ৪টে —এই দু'টি অর্ধে পরীক্ষা নেওয়া হবে। প্রথম পেপারের পরীক্ষায় সফল হলে দ্বিতীয় পেপারের পরীক্ষা দেওয়া যাবে। এই পেপারে ইংরেজি বা মাতৃভাষায় (পশ্চিমবঙ্গ ও ত্রিপুরার ক্ষেত্রে বাংলা) রচনা, চিঠি লেখা ইত্যাদি থাকবে। ৫০ নম্বরের পরীক্ষা। সময় আধঘণ্টা। হাওড়া জেলায় কোনও পরীক্ষাকেন্দ্র নেই। বিস্তারিত সিলেবাস-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.ssc.nic.in

## ব্যাঙ্ক

☐ *স্টেট ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —জয়তী চ্যাটার্জি, ডোমকল, মুর্শিদাবাদ।*

☐☐ স্টেট ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: স্নাতক বা সমতুল। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ইন্টারভিউয়ের জন্য নির্বাচিত হলে ৩১-৮-২০১৯ তারিখের মধ্যে মার্কশিট দাখিল করতে হবে। ২২ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই দু'টি ওয়েবসাইটের কোনও একটির মাধ্যমে: https://bank.sbi/careers, https://www.sbi.co.in/careers

☐ *আই বি পি এস আয়োজিত ক্লার্ক পদে নিয়োগের মেন এক্সামিনেশন হয়েছিল ২০ জানুয়ারি। পরীক্ষার ফল কবে প্রকাশিত হবে? —কেয়া পৈতণ্ডি, রাণাঘাট, নদিয়া।*

☐☐ ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই বি পি এস) দ্বারা পরিচালিত ক্লার্ক পদে নিয়োগের মেন এক্সামিনেশনের ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.ibps.in ৩০ এপ্রিল পর্যন্ত পরীক্ষার ফল দেখা যাবে। রেজিস্ট্রেশন নম্বর বা রোল নম্বর এবং পাসওয়ার্ড বা জন্মতারিখের সাহায্যে প্রার্থীরা ফল দেখতে পারবেন।

## উচ্চশিক্ষা

☐ *পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি এবং বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে এম সি এ কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা 'জেকা-২০১৯' এ বছর কবে হবে? কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকলে এই পরীক্ষায় বসা যাবে? —স্বস্তু পালচৌধুরি, মগরাহাট, দক্ষিণ ২৪ পরগনা।*

☐☐ পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি এবং বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে কম্পিউটার অ্যাপ্লিকেশনসের স্নাতকোত্তর ডিগ্রি (এম সি এ) কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা 'জেকা-২০১৯' আয়োজিত হবে ১৩ জুলাই (শনিবার)। পরীক্ষাটি পরিচালনা করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ (তফসিলি, ও বি সি-দের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক। পাশাপাশি, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকেও মোট অন্তত ৬০ শতাংশ নম্বর (তফসিলি, ও বি সি-দের ৪৫ শতাংশ) পেয়ে থাকতে হবে। সব স্তরেই অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে ও ৬০ শতাংশ (তফসিলি, ও বি সি-দের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। অথবা ৫০ শতাংশ (তফসিলি এবং ও বি সি-দের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক। স্নাতক স্তরে বা উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের স্নাতকরা আবেদন করবেন না। অথবা ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। ৬০ শতাংশ নম্বর-সহ বি ই বা বি টেক বা বি সি এ ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক এবং স্নাতকে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। সব ক্ষেত্রেই ৬০ শতাংশ (তফসিলি এবং ও বি সি-দের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পাওয়া বাধ্যতামূলক। অথবা ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বি এসসি (অনার্স)। স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। এর পাশাপাশি মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ম্যাথমেটিক্সে ৬০ শতাংশ নম্বর পাওয়া বাধ্যতামূলক। ওয়েবসাইট: www.wbjeeb.in

## কোর্স, ট্রেনিং

☐ *রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সে স্নাতক কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —প্রকাশ মাইতি, পুরুলিয়া।*

☐☐ লাইব্রেরি সায়েন্সের স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার অ্যাপ্লিকেশন, ফার্মাসি, ল-এর মতো কোনও পেশাদারি যোগ্যতা থাকলেও আবেদন করতে পারেন। এ ছাড়া অনার্স-সহ স্নাতক ডিগ্রিধারীরা লাইব্রেরি সায়েন্সের সার্টিফিকেট কোর্স করে থাকলেও আবেদনের যোগ্য। ২০১৬ সালের আগে পাশ করে থাকলে আবেদন করবেন না। কোর্স ফি রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ক্ষেত্রে ৫,১১৫ টাকা এবং রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের বাইরের ছাত্রছাত্রীদের ক্ষেত্রে ৫,২১৫ টাকা। ১৬ এপ্রিলের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rbu.ac.in ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। অনলাইনে ফি জমা দিতে পারেন ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অথবা চালানের মাধ্যমে নগদে ফি জমা দিতে পারেন এলাহাবাদ ব্যাঙ্কের যে-কোনও শাখায়। ফি জমা দেওয়ার রসিদ, প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ আবেদনপত্রের প্রিন্ট আউট সরাসরি ২৪ এপ্রিলের মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: Secretary, Faculty Councils, Rabindra Bharati University, E. B. Campus, 56A, B.T. Road, Kolkata-700 050.

## অন্যান্য চাকরি

☐ *নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে ইলেক্ট্রনিক্স শাখায় এক্সিকিউটিভ ট্রেনি পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —অনির্বাণ মণ্ডল, দুর্লভপুর, উত্তর দিনাজপুর।*

☐☐ নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে ইলেক্ট্রনিক্স শাখায় এক্সিকিউটিভ ট্রেনি পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোলস বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) বা ৫ বছরের ইন্টিগ্রেটেড এম টেক। এর পাশাপাশি, ২০১৭ বা ২০১৮ বা ২০১৯ সালের ইঞ্জিনিয়ারিং শাখা-সংশ্লিষ্ট গেট পত্রে বৈধ স্কোর থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। ওয়েবসাইট: www.npcilcareers.co.in

☐ *ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অব ইন্ডিয়ায় টেকনিক্যাল অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —জীবন পাত্র, আসানসোল, পশ্চিম বর্ধমান।*

☐☐ ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অব ইন্ডিয়ায় টেকনিক্যাল অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফুড টেকনোলজি বা ডেয়ারি টেকনোলজি বা বায়োটেকনোলজি বা অয়েল টেকনোলজি বা ফুড প্রসেস ইঞ্জিনিয়ারিং বা ফুড প্রসেসিং টেকনোলজি বা ফ্রুট অ্যান্ড ভেজিটেবল টেকনোলজি বা ফুড সেফটি অ্যান্ড কোয়ালিটি অ্যাশিওরেন্সে বি ই বা বি টেক। অথবা মেডিসিন বা ভেটেরিনারি সায়েন্স বা ফিশারি বা অ্যানিম্যাল সায়েন্সেসে স্নাতক। কেমিস্ট্রি বা বায়োকেমিস্ট্রি বা ফুড টেকনোলজি বা ফুড সায়েন্স অ্যান্ড টেকনোলজি বা ফুড অ্যান্ড নিউট্রিশন বা এডিবল অয়েল টেকনোলজি বা মাইক্রোবায়োলজি বা ডেয়ারি টেকনোলজি বা এগ্রিকালচারাল বা হর্টিকালচারাল সায়েন্সেস বা ইন্ডাস্ট্রিয়াল মাইক্রোবায়োলজি বা টক্সিকোলজি বা পাবলিক হেলথ বা লাইফ সায়েন্স বা বায়োটেকনোলজি বা ফ্রুট অ্যান্ড ভেজিটেবল টেকনোলজি বা ফুড সেফটি অ্যান্ড কোয়ালিটি অ্যাশিওরেন্সে স্নাতকোত্তর ডিগ্রি। এ ছাড়া ফুড সেফটি বা ফুড সায়েন্স বা ফুড প্রসেসিং বা কোয়ালিটি অ্যাশিওরেন্স ইন ফুড সেক্টর বা ডায়েটেটিক অ্যান্ড পাবলিক হেলথ বা নিউট্রিশন বা ডেয়ারি সায়েন্স বা বেকারি সায়েন্স বা পোস্ট হার্ভেস্ট টেকনোলজিতে স্নাতকোত্তর ডিপ্লোমা করে থাকলেও আবেদন করা যাবে। সেক্ষেত্রে স্নাতকস্তরে কেমিস্ট্রি বা বায়োকেমিস্ট্রি বা ফুড টেকনোলজি বা ফুড সায়েন্স অ্যান্ড টেকনোলজি বা ফুড অ্যান্ড নিউট্রিশন বা এডিবল অয়েল টেকনোলজি বা মাইক্রোবায়োলজি বা ডেয়ারি টেকনোলজি বা এগ্রিকালচারাল বা হর্টিকালচারাল সায়েন্সেস বা ইন্ডাস্ট্রিয়াল মাইক্রোবায়োলজি বা টক্সিকোলজি বা পাবলিক হেলথ বা লাইফ সায়েন্স বা বায়োটেকনোলজি বা ফ্রুট অ্যান্ড ভেজিটেবল টেকনোলজি বা ফুড সেফটি অ্যান্ড কোয়ালিটি অ্যাশিওরেন্স বা ফুড প্রসেসিং টেকনোলজি বা ফ্রুট অ্যান্ড ভেজিটেবল টেকনোলজি বা মেডিসিন বা ভেটেরিনারি সায়েন্স বা ফিশারি বা অ্যানিম্যাল সায়েন্সেসের মধ্যে যে-কোনও একটি বিষয় পড়ে থাকতে হবে। গেট পরীক্ষা অথবা সি এস আই আর বা আই সি এ আর দ্বারা পরিচালিত নেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকলে অগ্রাধিকার। ওয়েবসাইট: www.fssai.gov.in

☐ *সশস্ত্র সীমা বলে সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা দরকার? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —শম্ভু মাজি, বহরমপুর।*

☐☐ সশস্ত্র সীমা বলে সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় স্নাতক ডিগ্রি। সেই সঙ্গে অবশ্যই ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। ইলেক্ট্রনিক্স বা টেলিকমিউনিকেশনে ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৭০ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি থাকতে হবে। উচ্চতা ও বয়সের সঙ্গে মানানসই ওজন হতে হবে। দৃষ্টিশক্তি চশমা ছাড়া কাছের ক্ষেত্রে ভালো চোখে এন-৬, খারাপ চোখে এন-৯ এবং দূরের ক্ষেত্রে ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯। রং চেনার ক্ষমতা সি পি-থ্রি মানের হতে হবে। প্রার্থী বাছাই হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, নথিপত্র যাচাই, লিখিত পরীক্ষা ও মেডিকেল টেস্টের মাধ্যমে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ১৪ মিনিটে ৩.২ কিলোমিটার দৌড়। লিখিত পরীক্ষা হবে দু'টি পত্রে। প্রথম পত্রে প্রশ্ন হবে জেনারেল নলেজ, নিউমেরিক্যাল এবিলিটি, জেনারেল ইংলিশ ও হিন্দি, জেনারেল রিজনিং বিষয়ে। ১০০ নম্বরের পরীক্ষা। সময় ২ ঘণ্টা। দ্বিতীয় পত্রে থাকবে টেকনিক্যাল বিষয়ে ১০০ নম্বরের প্রশ্ন। সময় ২ ঘণ্টা। উভয় ক্ষেত্রেই অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ওয়েবসাইট: www.ssbrectt.gov.in

☐ *ইন্ডিয়ান নেভিতে মেকানিক শাখায় চার্জম্যান পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা দরকার? —কল্যাণ দত্ত, ঝাড়গ্রাম।*

☐☐ ইন্ডিয়ান নেভিতে মেকানিক শাখায় চার্জম্যান পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে ইঞ্জিনিয়ারিং ইক্যুইপমেন্টের ডিজাইন বা প্রোডাকশন বা মেইন্টেন্যান্স-সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বিজ্ঞান শাখায় স্নাতক ডিগ্রি। ওয়েবসাইট: www.indiannavy.nic.in

নাম : ..........................

ঠিকানা : ..........................

..........................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯ ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## বি এড ছাড়া মাধ্যমিক থেকে মাস্টার ডিগ্রি পর্যন্ত নম্বরের কোনও গুরুত্বই নেই?

আমি 'কর্মক্ষেত্র' পত্রিকার দীর্ঘদিনের পাঠক। 'চাই সুবিচার' বিভাগে একটি গুরুতর সমস্যার কথা তুলে ধরতে চাই। গত বছর আমি ৬২ শতাংশ নম্বর-সহ ইংরেজিতে এম এ পাশ করেছি। পরিবারের আর্থিক সামর্থ্য না থাকায় বি এড প্রশিক্ষণ নিতে পারিনি। তবে মাধ্যমিক থেকে স্নাতকোত্তর পর্যন্ত, সব স্তরেই প্রথম শ্রেণিতে উত্তীর্ণ হয়েছি। ২০১৬-র নির্দেশিকা অনুযায়ী, ন্যাশনাল কাউন্সিল ফর টিচার এডুকেশন (এন সি টি ই) স্কুল সার্ভিসের মাধ্যমে নবম থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের ক্ষেত্রে বি এড বাধ্যতামূলক করেছে। এই নির্দেশিকা আমার মতো লক্ষ লক্ষ বি এডহীন পরীক্ষার্থীর কাছে চূড়ান্ত হতাশার। বরং 'বি এড থাকলে অগ্রাধিকার', পূর্বের এই নিয়মটি অনেক বেশি গ্রহণযোগ্য ছিল বলে আমি মনে করি। বি এড যদি বাধ্যতামূলকই হয়, তাহলে তো ধরেই নিতে হবে বি এড ডিগ্রিধারীরা সবাই চাকরি পাবেনই। কিন্তু বি এড ডিগ্রি থাকা সত্ত্বেও যাঁরা শিক্ষকের চাকরি পাবেন না তাঁদের দায় কে নেবে? তাঁরা কি বেসরকারি স্কুলে চুক্তির ভিত্তিতে পাঁচ-ছ'হাজার টাকা বেতনের চাকরিতে যোগ দেবে? রাজ্যে গুটিকতক সরকারি বি এড কলেজ থাকায় আমাদের মতো প্রার্থীদের সেখানে ভর্তি হওয়া খুবই কঠিন। ফলে আমাদের নির্ভর করতে হয় বেসরকারি বি এড কলেজগুলির উপর, যেখানে খরচ ২-৩ লাখ টাকা, যা আমাদের মতো গরিব পরিবারের ছেলেমেয়েদের পক্ষে বহন করা প্রায় অসম্ভব। যদি কষ্টেসৃষ্টে ব্যাঙ্ক থেকে লোন নিয়ে কোনওক্রমে বি এড ডিগ্রি অর্জন করেও নিই, তার পরেও কোনও নিশ্চয়তা আছে কি চাকরির? সরকারি বা বেসরকারি? নেই। তাহলে? ধার তো শোধ করতে হবে। অনিশ্চিত ভবিষ্যতের আশঙ্কায় বি এড করার সিদ্ধান্ত নেওয়া কোনও নিম্নবিত্তের পরিবারের পক্ষে নেওয়া সম্ভবপর কি?

> বি এড যদি বাধ্যতামূলকই হয়, তাহলে তো ধরেই নিতে হবে বি এড ডিগ্রিধারীরা সবাই চাকরি পাবেনই। কিন্তু বি এড ডিগ্রি থাকা সত্ত্বেও যাঁরা শিক্ষকের চাকরি পাবেন না তাঁদের দায় কে নেবে? তাঁরা কি বেসরকারি স্কুলে চুক্তির ভিত্তিতে পাঁচ-ছ'হাজার টাকা বেতনের চাকরিতে যোগ দেবে? রাজ্যে গুটিকতক সরকারি বি এড কলেজ থাকায় আমাদের মতো প্রার্থীদের সেখানে ভর্তি হওয়া খুবই কঠিন।

তা ছাড়াও আরেকটি গুরুত্বপূর্ণ প্রশ্ন— শিক্ষকতার চাকরির ক্ষেত্রে বি এড ডিগ্রিই কি সব? মাধ্যমিক থেকে মাস্টার ডিগ্রি পর্যন্ত লেখাপড়ার কি কোনও গুরুত্বই নেই? বরং অনেক বেশি উচিত পন্থা হল, শিক্ষাক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে চাকরিতে নিয়োগের পর নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রার্থীর বি এড ডিগ্রি সম্পূর্ণ করে নেওয়া। চাকরিটাও নিশ্চিত রইল, আবার শিক্ষকতাও ঋদ্ধ হল। এই বিষয়ে এত মামলা হয়, এই মতামতগুলো কি কেউ সেখানে তুলে ধরেন না? নাকি মতামতগুলো সম্পূর্ণ উপেক্ষা করা হয়? তবে এটা অনস্বীকার্য, গোটা প্রক্রিয়ায় গলদ রয়েছে। যার জেরে ক্ষতিগ্রস্ত হচ্ছে আর্থিক পরিকাঠামোর বিশেষ শ্রেণিতে অবস্থানকারী একটা প্রজন্ম।

**প্রতীক মণ্ডল**, মামুদপুর, পূর্ব বর্ধমান।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# এলাহাবাদ ব্যাঙ্কে স্পেশ্যালিস্ট অফিসার

*প্রথম পাতার পর*

অফিসার হিসেবে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**পোস্ট কোড ১: সিকিউরিটি অফিসার (জে এম জি এস-ওয়ান)**: ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা**: যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে আর্মি, নেভি বা এয়ারফোর্সে জুনিয়র কমিশন্ড অফিসার হিসেবে অথবা পুলিশে অন্তত ইনস্পেক্টর র‍্যাঙ্কে অথবা প্যারা মিলিটারি ফোর্সে অফিসার হিসেবে সমতুল র‍্যাঙ্কে ৫ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**বয়স**: সবক্ষেত্রেই ১-৪-২০১৯ তারিখে ২০ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতনক্রম**: জে এম জি এস-ওয়ানের ক্ষেত্রে ২৩,৭০০-৪২,০২০ টাকা এবং এম এম জি এস-টুয়ের ক্ষেত্রে ৩১,৭০৫-৪৫,৯৫০ টাকা। সেই সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা জুন মাসে। সিকিউরিটি অফিসার ও ম্যানেজার পদের ক্ষেত্রে পরীক্ষায় থাকবে রিজনিং (৫০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫ নম্বর), ব্যাঙ্কিং বিষয়ে গুরুত্ব-সহ জেনারেল অ্যাওয়্যারনেস (৫০ নম্বর) এবং পেশাদারি বিষয়ে (৬০ নম্বর) প্রশ্ন। ফিনান্সিয়াল অ্যানালিস্টের ক্ষেত্রে থাকবে রিজনিং (৫০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর), পেশাদারি বিষয়ে (৬০ নম্বর) প্রশ্ন। মোট সময় ২ ঘণ্টা ৪৫ মিনিট। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.allahabad bank.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৯ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট সাইজের রঙিন ফটো (জে পি জি ফর্ম্যাটে ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (জে পি জি ফর্ম্যাটে ১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) এবং বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ ও ডিক্লারেশন (জে পি জি ফর্ম্যাটে ২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। অনলাইন ব্যবস্থায় ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আই এম পি এস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্ট এবং অনলাইন অ্যাপ্লিকেশনের প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার গ্রুপ ‘সি’

*প্রথম পাতার পর*

**শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা সমতুল।

**বয়স**: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা বয়সে অতিরিক্ত ১০ বছরের ছাড় পাবেন। বিধবা, বিবাহবিচ্ছিন্না ও আইনত স্বামীবিচ্ছিন্ন মহিলারা ফের বিয়ে না করে থাকলে এবং ৩৫ (তফসিলিদের ক্ষেত্রে ৪০, ও বি সিদের ক্ষেত্রে ৩৮) বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম**: ৫,২০০-২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৮০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার মাধ্যমে। প্রথম পেপারের পরীক্ষা আয়োজিত হবে ২ অগস্ট থেকে ৬ সেপ্টেম্বরের মধ্যে। দু'টি পেপারের পরীক্ষা। প্রথম পেপারে ২৫ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, ২৫ নম্বরের নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, ৫০ নম্বরের জেনারেল ইংলিশ এবং ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ক অবজেক্টিভ মাল্টিপল চয়েস প্রশ্ন থাকবে। অর্থাৎ মোট ১৫০ নম্বরের পরীক্ষা। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং থাকবে। বেলা ১০টা থেকে ১২টা এবং বেলা ২টো থেকে বিকেল ৪টে —এই দু'টি অর্ধে পরীক্ষা নেওয়া হবে। দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও সেরিব্রাল পালসি আক্রান্তরা ৪০ মিনিট অতিরিক্ত সময় পাবেন। প্রথমার্ধে সকাল সাড়ে ৯টার পর এবং দ্বিতীয়ার্ধে দুপুর দেড়টার পর পরীক্ষাকেন্দ্রে ঢোকা যাবে না।

প্রথম পেপারের পরীক্ষায় সফলরা দ্বিতীয় পেপারের পরীক্ষা দেবেন। এই পেপারে ইংরেজি বা মাতৃভাষায় (পশ্চিমবঙ্গ ও ত্রিপুরার ক্ষেত্রে বাংলা) রচনা, চিঠি লেখা ইত্যাদি থাকবে। ৫০ নম্বরের পরীক্ষা। সময় আধঘণ্টা। দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও সেরিব্রাল পালসি আক্রান্তদের ক্ষেত্রে সময় ৪৫ মিনিট। এই পেপারের পরীক্ষায় সফল হতে হবে। তবে এই পেপারে প্রাপ্ত নম্বর মেধাতালিকা তৈরির ক্ষেত্রে ধরা হবে না।

পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র থাকবে।

অনলাইন আবেদন করা যাবে ২২ এপ্রিল থেকে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssconline.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২২ মে। ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি দিতে লাগবে না। অনলাইন ব্যবস্থায় ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীদের প্রস্তুতির সুবিধার জন্য আগাম এই নিয়োগের খবর জানানো হল। শূন্যপদ ও খুঁটিনাটি তথ্য পাবেন আগামী সংখ্যায়।

আগ্রহীরা দেখতে পারেন এই ওয়েবসাইট: https://ssc.nic.in

# স্কলারশিপের খোঁজখবর

## তফসিলি ছাত্রছাত্রীদের জন্য সামার ফেলোশিপ ইন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ২০১৯

সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং পাঠরত তফসিলি ছাত্রছাত্রীদের সামার ফেলোশিপ দিচ্ছে ব্যাঙ্গালোরের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স এবং ইন্ডিয়ান অ্যাকাডেমি অব সায়েন্সেস। ছাত্রছাত্রীরা অভিজ্ঞ অধ্যাপকদের তত্ত্বাবধানে রিসার্চের সুযোগ পাবেন।

**আবেদনের যোগ্যতা**: এম এসসি-র প্রথম বর্ষ অথবা বি ই বা বি টেকের তৃতীয় বা চতুর্থ বর্ষে পাঠরতরা আবেদনের যোগ্য। **ফেলোশিপের পরিমাণ**: ৫,০০০ টাকা এবং বইয়ের খরচ বাবদ দেওয়া হবে ১,৫০০ টাকা। প্রতিষ্ঠানের তরফে যাতায়াতের খরচ এবং ক্যাম্পাসে থাকার খরচ বহন করা হবে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/SFI3 আবেদনের শেষ তারিখ ২০ এপ্রিল।

## তেল আভিভ ইউনিভার্সিটি আন্ডার-গ্র্যাজুয়েট প্রোগ্রাম ২০১৯, ইজরায়েল

ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে বি এসসি কোর্স পড়তে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দেবে ইজরায়েলের তেল আভিভ ইউনিভার্সিটি। স্কলারশিপ বাবদ ১০,০০০ আমেরিকান ডলার দেওয়া হবে প্রতিষ্ঠানের তরফে।

**আবেদনের যোগ্যতা**: অন্তত ৭৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। সেই সঙ্গে অল ইন্ডিয়া জয়েন্ট এন্ট্রান্স (মেন) এক্সামিনেশনে ৪০ হাজারের মধ্যে র‍্যাঙ্ক করে থাকতে হবে। এ বছরের পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/TAU5 আবেদনের শেষ তারিখ ১ মে।

*(তথ্য সহায়তা:* buddy4study*)*

# বিজ্ঞান সাংবাদিকতার কোর্স

**নিজস্ব প্রতিনিধি**: বিজ্ঞান সাংবাদিকতার সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান সায়েন্স নিউজ অ্যাসোসিয়েশন। ভারত সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের অধীন বিজ্ঞান প্রসারের সঙ্গে যৌথ উদ্যোগে এই কোর্স পরিচালিত হবে। কোর্স চলবে জুন থেকে সেপ্টেম্বর পর্যন্ত। এটি সান্ধ্য কোর্স। ক্লাস সন্ধ্যা ৬টা থেকে রাত ৮টা। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই এই কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারেন।

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, থিওরিটিক্যাল ক্লাসের সঙ্গে বিজ্ঞান সাংবাদিকতা ও বিজ্ঞান-ভিত্তিক অডিও-ভিস্যুয়াল নির্মাণের প্রশিক্ষণ দেওয়া হবে হাতে-কলমে। কোর্স ফি ২,৫০০ টাকা। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায়: ইন্ডিয়ান সায়েন্স নিউজ অ্যাসোসিয়েশন, ৯২, আচার্য প্রফুল্লচন্দ্র রোড (রাজাবাজার সায়েন্স কলেজ ক্যাম্পাস), কলকাতা-৭০০ ০০৯।

ভর্তির জন্য আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন ৬ মে। তথ্যের জন্য বেলা ১২টা থেকে বিকেল ৫টার মধ্যে ফোন করতে পারেন এই নম্বরে: ২৩৫০-২২২৪। ওয়েবসাইট: www.scienceandculture.isna.org


দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট

ESTD.-1920

ট্রেনিং পার্টনার অফ

ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (N.S.D.C)

Skill India

N.S.D.C National Skill Development Corporation

# TEXMACO GEORGE TELEGRAPH Centre Of Excellence
BELGHARIA : 9830780280

DAIKIN Centre Of Excellence
SEALDAH : 8336939682

AUTOMOBILE ENGINEERING Centre of Excellence
SALAP (Howrah) : 9903967142 • RAJARHAT : 9903967146

■* COURSES JOINTLY WITH NETAJI SUBHAS OPEN UNIVERSITY (RECOGNISED BY UGC-DEB)

- ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
- কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড অ্যাডভান্সড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং #
- নেটওয়ার্ক এক্সপার্ট *
- রাউটিং সুইচিং এক্সপার্ট *
- ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং *
- মোবাইল অ্যান্ড টেলিফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- স্মার্টফোন রিপেয়ারিং টেকনিশিয়ান *
- অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং
- এসি অ্যান্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং #
- ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান
- সোলার পাওয়ার টেকনোলজি
- সাইবার সিকিউরিটি এন্ড ইনফরমেশন
- সিভিল ড্রাফটসম্যানশিপ (ক্যাড সহ)
- সিসিটিভি টেকনিসিয়ান *
- চিপ লেভেল ল্যাপটপ রিপেয়ারিং *

যোগ্যতা
ক্লাস X/XII
বোর্ড পরীক্ষা

- অফিস ম্যানেজমেন্ট (ফ্রন্ট অ্যান্ড ব্যাক) *
- প্রফেশনাল এক্সিকিউটিভ সেক্রেটারী #
- সার্টিফায়েড প্রফেশনাল অ্যাকাউন্ট্যান্ট * (Tally.ERP9 সহ) (গ্রাজুয়েট)
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যান্ড প্রোগ্রামিং #
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যান্ড অফিস ম্যানেজমেন্ট *#
- স্টেনোগ্রাফি *
- অ্যাডভান্সড এক্সেল *
- ডট নেট টেকনোলজি *
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন কসমেটোলজি *
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন বিউটি *
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন মেকআপ *
- ডপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবোরেটরি টেকনিশিয়ান
- ডিপ্লোমা ইন রিনাল ডায়েলেসিস টেকনিশিয়ান
- ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনিশিয়ান

- ইন্টিরিয়র ডিজাইন, ডেকোরেশন অ্যান্ড সাইট সুপারভাইজার (Godrej Interio)
- ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন

} পার্ক স্ট্রিট কেন্দ্র

- আই এফ বি ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং (IFB দ্বারা পরিচালিত)
- টিভিএস অটোমোবাইল টেকনিসিয়ান (TVS Motor Co. Ltd. দ্বারা পরিচালিত)
- গোদরেজ অ্যাডভান্স কোর্স ইন এসি, রেফ্রিজারেশন অ্যান্ড ওয়াশিং মেশিনস (Godrej দ্বারা পরিচালিত)
- অটোমোবাইল ইলেকট্রনিক্স এসি অ্যান্ড ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান (BOSCH দ্বারা পরিচালিত)
- ডাইকিন এয়ার কন্ডিশনিং ইঞ্জিনিয়ারিং (DAIKIN দ্বারা পরিচালিত)
- প্রফেশনাল রেস্টুরেন্ট সুপারভাইসার *
- প্রফেশনাল রেস্টুরেন্ট স্টিওয়ার্ড *
- প্রফেশনাল বারটেন্ডার
- প্রফেশনার বার সুপারভাইসার
- প্রফেশনাল ইন হাউসকিপিং অপরেশানস্ *

অনলাইন অ্যাডমিশনে স্কলারশিপ
www.georgetelegraph.org

6/12/24 EMI,
Zero Processing Fee
(Only Sealdah Centre)
BAJAJ FINSERV

প্রধান ট্রেনিং সেন্টার শিয়ালদা ✆ 8336939682/83/84/85, 033 22272605/24851214 অ্যাডমিশন হেল্পলাইন : 9836428285 • WhatsApp 8336939684

CENTRES

| | |
|---|---|
| আগরতলা | 9436139307 |
| ■ আলিপুর দুয়ার | 9836408027 |
| ■ আন্দুল | 8334975533 |
| ■ আসানসোল | 9051117895 |
| বেলঘড়িয়া (টেক্সম্যাকো) | 9830780280 |
| ■ বাগনান | 9051110638 |
| ■ বোলপুর | 9073333262 |
| ■ বারাসাত (টাকী রোড) | 9674165589 |
| ■ বারাসাত (যশোর রোড) | 8336911041 |
| ■ বেহালা | 9836616668 |
| ■ বহরমপুর | 9674165587 |
| বাঁকুড়া | 9932870010 |
| ব্যারাকপুর (ফিডার রোড) | 9830596844 |
| বর্ধমান | 0342 2560398 |
| বিষ্ণুপুর (বাঁকুড়া) | 9051277877 |
| ■ কন্টাই | 9674165582 |
| ■ কুচবিহার | 9674165586 |
| কটক | 0671 2312666 |
| ■ দুর্গাপুর | 9051111246 |
| ডাকঘর | 8017522288 |
| ডায়মণ্ড হারবার | 8017522287 |
| গুয়াহাটি | 9127066277 |
| গার্ডেনরিচ | 9230613574 |
| ■ হরিপাল | 9874136799 |
| হাবরা | 9093037766 |
| হলদিয়া | 9732727609 |
| ■ জয়নগর | 9836666773 |
| জলপাইগুড়ি | 9434154082 |
| ■ কল্যাণী | 9674165588 |
| ■ কৃষ্ণনগর | 9674162462 |
| খোসবাগ (বাঁকুড়া) | 9635735382 |
| কাকদ্বীপ | 9830077802 |
| ■ খড়গপুর | 9073610876 |
| ■ লিলুয়া (হাওড়া) | 9830136688 |
| ■ মালদা | 9674165585 |
| ■ মেদিনীপুর | 8335062606 |
| মেমারি | 8777687853 |
| পাণ্ডুয়া | 9831840004 |
| ■ পুরুলিয়া | 9051110498 |
| রাজারহাট | 7998981202 |
| ■ শিলিগুড়ি | 8335051715 |
| ■ সোনারপুর | 9830720005 |
| সিউড়ি | 9475074332 |
| তমলুক | 9735521383 |
| ঠাকুরপুকুর | 8017522286 |
| **Hotel Studies** | |
| ■ দুর্গাপুর | 9073952157 |
| ■ শিয়ালদা | 8336939682/83 |
| **Interior Design** | |
| পার্ক স্ট্রিট | 9073610877 |
| **Beauty** | |
| ■ ভবানীপুর | 9073952154 |
| ■ বর্ধমান | 8335053588 |
| গার্ডেনরিচ | 6290939559 |
| জলপাইগুড়ি | 8158806115 |
| নাকতলা (গড়িয়া) | 9831166575 |
| **Paramedical** | |
| ■ বারাসাত | 8336911041 |
| ■ বেহালা | 8336911653 |
| কামারকুণ্ডু | 03326300045 |
| ■ লিলুয়া | 9830136688 |
| সোনারপুর | 9073727474 |
| তারকেশ্বর | 9800119669 |
| **Smart Centre** | |
| ■ শ্রীরামপুর | 9073610884 |
| ■ বর্ধমান | 8335053588 |
| নাকতলা (গড়িয়া) | 9831166575 |

e-mail : queries@georgetelegraph.org
Website : www.georgetelegraph.org

Franchise enquiry : 9051921190 • e-mail: atcoperations@georgetelegraph.org

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

৪ এপ্রিল-১০ এপ্রিল

**৫ এপ্রিল** লোকসভা ভোট এগিয়ে আসতেই রাজ্যের পুলিশ-প্রশাসনে বড় রদবদল করল নির্বাচন কমিশন। এদিন এক নির্দেশেই সরিয়ে দেওয়া হল কলকাতা ও বিধাননগরের দুই পুলিশ কমিশনার এবং বীরভূম ও ডায়মন্ড হারবারের দুই পুলিশ সুপারকে। অনুজ শর্মার জায়গায় কলকাতা পুলিশের কমিশনার হলেন রাজেশ কুমার। বিধাননগরের সিপি জ্ঞানবন্ত সিংকে সরিয়ে সেই জায়গায় নিয়োগ করা হয়েছে রাজ্য পুলিশের এডিজি (অপারেশন) নটরাজন রমেশ বাবুকে। ডায়মন্ড হারবারের এসপি এস সেলবামুরুগানের জায়গায় এলেন কলকাতা সশস্ত্র পুলিশের তৃতীয় ব্যাটেলিয়নের ডিসি হরি পাণ্ডে। বীরভূমের এসপি শ্যাম সিংকে সরিয়ে সেই পদে পাঠানো হয়েছে বিধাননগরের ডিসি (এয়ারপোর্ট ডিভিশন) আভাক রবীন্দ্রনাথকে।

## চিনের সঙ্গে যোগ চাইলেন দলাই লামা



**৪ এপ্রিল:** চিনের সঙ্গে বিরোধ ভুলে তিব্বত-চিন যোগ বাড়াতে চেয়ে সওয়াল করলেন তিব্বতি শীর্ষ ধর্মগুরু দলাই লামা। কয়েকদিন আগেই তিনি আশঙ্কা প্রকাশ করেছিলেন, রীতি-ঐতিহ্যের তোয়াক্কা না করে চিন হয়তো তাঁর উত্তরাধিকারী ঘোষণা করে দেবে। এ দিন অবশ্য নয়াদিল্লিতে নিজের অবস্থান থেকে অনেকটা সরে এসে জানান, তাঁকে 'বিচ্ছিন্নতাবাদী' তকমা দিয়ে দেওয়া হলেও তিনি মোটেও তা নন। তাঁরা চিনের সঙ্গেই সম্মানজনক শর্ত, যা কি না দু'পক্ষের কাছেই গ্রহণযোগ্য হবে, তা মেনে নিয়ে একসঙ্গে থাকতে চান। সাংবাদিক সম্মেলনে এক প্রশ্নের জবাবে দলাই লামা জানান, তিব্বতের বাসিন্দারা যে কোনও সমাধানের জন্যে সবসময় প্রস্তুত রয়েছেন। তিনি বলেন, '১৯৭৪ সালে আমরা সিদ্ধান্ত নিয়েছিলাম স্বাধীনতা চাইব না, বরং দু'পক্ষের কাছেই গ্রহণযোগ্য হয় এমন সমাধানের পথ খুঁজব।' দলাই লামা এ দিন আরও বলেন, 'আমি যদি আরও ১০-১৫ বছর বাঁচতে পারি তা হলে তত দিনে চিনের রাজনৈতিক পরিস্থিতি বদলে যেতে পারে। কিন্তু আমি আগামী ক'বছরের মধ্যে মারা গেলে চিন দেখিয়ে দেবে আমার পুনরাবতার চিনেই জন্মে গিয়েছে।'

**৬ এপ্রিল** এফ-১৬ বিমান নিয়ে বাকযুদ্ধ আরও উস্কে দিয়ে বিজেপির বিরুদ্ধে সরাসরি যুদ্ধের জিগির তোলার অভিযোগ আনলেন পাক প্রধানমন্ত্রী ইমরান খান। দু'দিন আগেই মার্কিন প্রতিরক্ষা মন্ত্রকের দুই কর্তাকে উদ্ধৃত করে 'ফরেন পলিসি' পত্রিকায় বলা হয়, বালাকোটে প্রত্যাঘাতের পরদিন ভারত যে পাক এফ-১৬ বিমান ধ্বংসের দাবি করেছিল, তা ঠিক নয়। কারণ, আমেরিকার হিসাব অনুযায়ী পাকিস্তানের হাতে থাকা এফ-১৬ বিমানের সংখ্যা একই আছে। এ দিন সেই মার্কিন পত্রিকার খবরের সূত্রেই ইমরান টুইট করে বলেন, 'বিজেপির মিথ্যা দাবি বুমেরাং হয়ে ফিরে এসেছে। ভোটের আগে যুদ্ধ-জিগির তুলে ফের ক্ষমতায় আসার ছক কষেছিল বিজেপি। তা ব্যর্থ হয়েছে।'

**৭ এপ্রিল** ইজরায়েলের নির্বাচনে জিতে ফের ক্ষমতায় এলে ওয়েস্ট ব্যাঙ্কের ইহুদি অধ্যুষিত অংশটি অধিগ্রহণ করবেন বলে ঘোষণা করে দিলেন ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু। দু'দশকেরও আগে যুদ্ধের সময় ইজরায়েলের সেনা ওই অংশের দখল নিয়েছিল। সেখানে ৪ লক্ষ ইহুদির পাশাপাশি ২৫ লক্ষ প্যালেস্তিনীয়র বাস। আন্তর্জাতিক আইন অনুযায়ী, ইজরায়েলের এই দখল করে রাখা বেআইনি হলেও দেশে নির্বাচনে ভোট টানার লক্ষ্যে সেই ইহুদি অধ্যুষিত এলাকাকেই অধিগ্রহণ করবেন বলে জানিয়ে দিলেন তিনি। আন্তর্জাতিক বিশ্লেষকদের মতে এর জেরে প্যালেস্তাইন ও ইজরায়েলের মধ্যে শান্তি প্রতিষ্ঠার যে টুকু সম্ভাবনা ছিল, সেটুকুও বিনষ্ট হয়ে যাবে।

## কংগ্রেসে গেলেন শত্রুঘ্ন




**৬ এপ্রিল:** বিজেপি ছেড়ে কংগ্রেসে যোগ দিলেন শত্রুঘ্ন সিন্‌হা। বিজেপির প্রতিষ্ঠা দিবসের দিনেই আনুষ্ঠানিক ভাবে বিজেপি ছেড়ে কংগ্রেসে যোগ দিলেন তিনি। কংগ্রেসও এ দিনই পটনা সাহিব কেন্দ্র থেকে প্রার্থী হিসেবে তাঁর নাম ঘোষণা করে দিল। অন্যদিকে, পটনা সাহিবে এ বার বিজেপি কেন্দ্রীয় মন্ত্রী রবিশঙ্কর প্রসাদকে প্রার্থী করেছে। কংগ্রেসের মঞ্চ থেকেই বিজেপির অভ্যন্তরে লালকৃষ্ণ আদবাণী, মুরলীমনোহর জোশী, যশবন্ত সিন্‌হা, অরুণ শৌরির মতো প্রবীণ নেতাদের অবস্থা নিয়ে প্রশ্ন তুলেছেন শত্রুঘ্ন। তিনি বলেন,'বিজেপির সত্যিকারের মার্গদর্শকদের কোণঠাসা করে মার্গদর্শক মণ্ডলীতে পাঠিয়ে দেওয়া হয়েছে।'



"আপনাদের বলছি, ভাই-হিসেবে সবাই শান্তিতে থাকুন। হৃদয় থেকে আপনাদের বলছি, এগিয়ে আসুন সবাই।"

পোপ ফ্রান্সিস

ভ্যাটিকান সফরে আসা দক্ষিণ সুদানের নেতাদের জুতোয় চুমু দিয়ে স্বাগত জানিয়ে

## জালিয়ানওয়ালাবাগ: শতবর্ষে ক্ষমাপ্রার্থনা নয়, শোক জ্ঞাপন ব্রিটেনের



**৯ এপ্রিল:** ব্রিটিশ এমপিরা দলমত নির্বিশেষে দাবি তুললেও জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের জন্য আপাতত ক্ষমা চাইল না টেরেসা মে সরকার। পার্লামেন্টের ওয়েস্টমিনস্টার হল-এ বিষয়টি নিয়ে হাউস অব কমন্সের বিতর্ক ছিল এ দিন। প্রস্তাব এসেছিল কনজারভেটিভ পার্টির পক্ষ থেকেই। কিন্তু ব্রিটিশ বিদেশ মন্ত্রকের এশিয়া-প্যাসিফিক বিষয়ক ভারপ্রাপ্ত মন্ত্রী মার্ক ফিল্ড বলেন, ক্ষমা চাওয়ার সঙ্গে আর্থিক দায়বদ্ধতা জড়িত। তা ছাড়া মন্ত্রী, শীর্ষকর্তারা এবং নয়াদিল্লির ব্রিটিশ হাইকমিশনার বিষয়টি নিয়ে এখনও কাজ করছেন। ক্ষমা না চাইলেও, আগামী ১৩ এপ্রিল জালিয়ানওয়ালাবাগের শতবর্ষে ভারতের ব্রিটিশ হাইকমিশনের প্রতিনিধিদের নির্দেশ দেওয়া হয়েছে, জালিয়ানওয়ালাবাগে ফুল দিয়ে আসার জন্য। মন্ত্রী মার্ক ফিল্ড এ প্রসঙ্গে বলেন, 'এ এক লজ্জার অধ্যায়। ব্রিটিশ সরকার ঠিক সময়েই তার নিন্দা করেছিল। এ বারও গভীর শোকের সঙ্গে শতবর্ষ পালিত হবে ব্রিটেনে।'

**৮ এপ্রিল** প্রায় ন'হাজার কোটি টাকা আর্থিক তছরূপের মামলায় ফেরার বিজয় মাল্য ব্রিটেনের আদালতে বড় ধাক্কা খেলেন। কয়েক মাস আগেই তাঁকে ভারতের হাতে প্রত্যর্পণের নির্দেশ দিয়েছিল নিম্ন আদালত। এদিন তার বিরুদ্ধেই মাল্যের পাল্টা আর্জি খারিজ করে দিল ব্রিটিশ হাইকোর্ট। প্রায় ন'হাজার কোটি টাকা ব্যাঙ্কের ঋণ প্রতারণা মামলায় নাম জড়ানোর পর থেকেই দেশের বাইরে রয়েছেন মাল্য। ২০১৬ সালে দেশ ছাড়ার পর থেকে ব্রিটেনেই রয়েছেন তিনি। সম্প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দাবি করেন, 'বিজয় মাল্য ব্যাঙ্কের কাছে ৯ হাজার কোটি টাকার ঋণ নিয়েছিলেন। কিন্তু সরকার বিশ্বজুড়ে তাঁর ১৪ হাজার কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করেছে।' এই মন্তব্যের প্রেক্ষিতেই মাল্য ব্রিটেন থেকে টুইট করেন, 'প্রধানমন্ত্রী বলেছেন, তাঁর সরকার ব্যাঙ্কের কাছে আমার ঋণের থেকেও বেশি অর্থ বাজেয়াপ্ত করেছেন। এই মন্তব্যই আমাকে অপবাদমুক্ত করেছে।'

**ভাটপাড়া পুরসভার পুরপ্রধানের পদ** হারালেন অর্জুন সিং। সম্প্রতি তৃণমূল কংগ্রেস ছেড়ে বিজেপিতে যোগ দেন তিনি। বিজেপিতে যাওয়ার পর তিনি দাবি করেছিলেন, পুরসভার ৩৩ জন কাউন্সিলরের মধ্যে ২২ জনই তাঁকে সমর্থন করবেন। কিন্তু এ দিন অনাস্থা প্রস্তাবের ভোটাভুটিতে ২২ জন কাউন্সিলরই অর্জুনের বিরুদ্ধে ভোট দিয়েছেন। এই আস্থা ভোটের প্রক্রিয়া আটকানোর অনেক চেষ্টা করেছিলেন অর্জুন। তিনি হাইকোর্টের দ্বারস্থও হন। কিন্তু আদালত তাঁর আর্জি খারিজ করে দেয়।

**১০ এপ্রিল** লোকসভা ভোটে বিজেপি জিতে ফিরলে তবেই ভারত-পাক শান্তি আলোচনার সম্ভাবনা বাড়বে বলে মন্তব্য করলেন পাক প্রধানমন্ত্রী ইমরান খান। বিদেশি সাংবাদিকদের পাক প্রধানমন্ত্রী জানিয়েছেন, কংগ্রেসের নেতৃত্বে সরকার হলে তারা হয়তো দক্ষিণপন্থীদের প্রতিরোধের ভয়ে পাকিস্তানের সঙ্গে কাশ্মীর নিয়ে কোনও সমঝোতায় যেতে ভয় পাবে। তিনি বলেন, 'দক্ষিণপন্থী দল বিজেপি ক্ষমতায় এলে হয়তো কাশ্মীর নিয়ে কোনও বোঝাপড়ায় পৌঁছনো যাবে।'

**পশুখাদ্য মামলায় দোষী সাব্যস্ত হওয়া** লালু প্রসাদের জামিনের আবেদন এ দিন খারিজ করে দিল সুপ্রিম কোর্ট। ফলে লোকসভা ভোটের প্রচারে তিনি যোগ দিতে পারবেন না। প্রধান বিচারপতি রঞ্জন গগৈ এ দিন বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রীর আইনজীবী কংগ্রেস নেতা কপিল সিব্বলকে জানান, একাধিক মামলায় দোষী সাব্যস্ত হয়েছেন বলেই জামিন দেওয়া যাচ্ছে না লালুকে। এর ফলে গত ৪৪ বছরে এই প্রথম কোনও নির্বাচনী প্রচারে হাজির থাকবেন না আরজেডি সভাপতি। জামিনের আবেদন খারিজ হয়ে যেতেই টুইটারে দু'পাতার চিঠি লেখেন তিনি। তাতে সংবিধান বাঁচানো এবং বিজেপিকে হারানোর আবেদন জানিয়েছেন লালুপ্রসাদ।

ব্রিটিশ প্রধানমন্ত্রী টেরেসা মে জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের জন্য দুঃখপ্রকাশ করলেন। ব্রিটিশ পার্লামেন্টে দাঁড়িয়ে ১০০ বছর আগের এই নৃশংস হত্যাকাণ্ডকে ব্রিটিশ-ভারতের ইতিহাসে 'কলঙ্কের দাগ' বলে চিহ্নিত করলেন তিনি। উল্লেখ্য, ১৯১৯ সালের ১৩ এপ্রিল পাঞ্জাবের জালিয়ানওয়ালা বাগে একটি প্রতিবাদ সভায় জেনারেল ডায়ার বিনা প্ররোচনায় নির্বিচারে গুলি চালিয়েছিলেন। ব্রিটিশ সরকারের হিসেব অনুযায়ী, নিহত হয়েছিলেন নারী, পুরুষ, শিশু-সহ ৩৭৯ জন, আহত হয়েছিলেন অন্তত ১২০০। রবীন্দ্রনাথ এই ঘটনার প্রতিবাদে 'নাইটহুড' উপাধি ত্যাগ করেছিলেন। এ দিন হাউস অব কমন্সে সাপ্তাহিক প্রশ্নোত্তরের সময় জালিয়ানওয়ালা বাগের হত্যাকাণ্ডের প্রসঙ্গ তোলেন টেরেসা। তিনি বলেন, '১৯১৯ সালের জালিয়ানওয়ালা বাগ হত্যাকাণ্ড ব্রিটিশ ভারতের ইতিহাসে কলঙ্কের দাগ। ১৯৯৭ সালে জালিয়ানওয়ালা বাগ সফরের আগে রানি দ্বিতীয় এলিজাবেথ বলেছিলেন, ওই ঘটনা ব্রিটিশ ভারতের ইতিহাসে বেদনার উদাহরণ। ওই হত্যাকাণ্ড ও তার ফলের জন্য আমরা গভীর ভাবে দুঃখিত।' তবে বিরোধী নেতা লেবার পার্টির জেরেমি করবিন বলেন, 'জালিয়ানওয়ালা বাগের ঘটনার নৃশংসতার জন্য এবং যাঁরা সে দিন নিহত হয়েছিলেন, তাঁদের উদ্দেশে দ্ব্যর্থহীন ভাষায় ক্ষমা চাওয়া উচিত।'

## পঞ্চমবার জয়ে রেকর্ড গড়লেন নেতানিয়াহু



**১০ এপ্রিল:** ইজরায়েলের জাতীয় নির্বাচনে রেকর্ড গড়ে পঞ্চম বার জয়লাভ করলেন বেঞ্জামিন নেতানিয়াহু। সকাল থেকে রাত দশটা পর্যন্ত ভোট চলেছে এখানে। স্কুলে স্কুলে তৈরি হয়েছে বুথ। ভোট হয়েছে ব্যালটে। ইজরায়েলের ১২০টি আসনে ছোট-বড় মিলিয়ে ১২টি দল লড়েছে। মূল লড়াইটা ছিল অতি দক্ষিণপন্থী, রক্ষণশীল শাসক দল 'লিকুদ' বনাম বামপন্থী লিবারালদের মধ্যে। জোর লড়াইয়ে ৩৫টি আসন জেতার পর এ দিন জোট শরিকদের নিয়ে নতুন সরকার গড়ার ঘোষণা করেছেন নেতানিয়াহু। নেতানিয়াহুর বিরুদ্ধে বিরোধীদের প্রধান অভিযোগ ছিল আর্থিক দুর্নীতির। যদিও ভোটে জেতার জন্য প্রধানমন্ত্রী প্রচারে রেখেছিলেন জাতীয়তাবাদ ও দেশপ্রেমকে। হুমকি দিয়েছিলেন, ভোটে জিতলে প্যালেস্তাইনের গাজা ভূখণ্ড দখল করবেন। আমেরিকার সঙ্গে তাঁর সুসম্পর্কের কথাও বারবার প্রচারে তুলে ধরেছেন। রাজনৈতিক ভাবে অস্থির হয়ে থাকা ইজরায়েলে নেতানিয়াহুর এই কৌশলই তাঁকে জয় এনে দিল বলে মনে করছেন আন্তর্জাতিক কূটনীতিকরা।

## বিশ্বব্যাঙ্কের নতুন প্রেসিডেন্ট ডেভিড ম্যালপাস



**৫ এপ্রিল:** বিশ্বব্যাঙ্কের ত্রয়োদশ প্রেসিডেন্ট হিসেবে নিযুক্ত হলেন ৬৩ বছর বয়সি বিশিষ্ট অর্থনীতিবিদ ডেভিড ম্যালপাস। ৯ এপ্রিল থেকে পাঁচ বছরের জন্য নিযুক্ত হয়েছেন তিনি। ডেনভার বিশ্ববিদ্যালয়ের এমবিএ ম্যালপাস কাজ করেছেন মার্কিন অর্থ দপ্তরেও। আন্ডার সেক্রেটারি হিসেবে সামলেছেন আন্তর্জাতিক যোগাযোগের দায়িত্ব।

## ব্রেক্সিট নিয়ে নয়া বার্তা মে-র



**৭ এপ্রিল:** ব্রিটেনে ব্রেক্সিট নিয়ে চাপের মুখে পার্লামেন্টের সদস্যদের স্পষ্ট সতর্কবার্তা দিলেন ব্রিটিশ প্রধানমন্ত্রী টেরেসা মে। এ দিন সন্ধেয় প্রধানমন্ত্রীর বাসভবন ১০, ডাউনিং স্ট্রিট থেকে জারি করা এক বিবৃতিতে বলা হয়, 'একটা কথা স্পষ্ট যে ইউরোপীয় ইউনিয়ন থেকে বেরনোর আগে ব্রিটেনকে চুক্তিগুলি সেরে ফেলতে হবে। অথবা বেরিয়ে আসার ভাবনাটাই বাতিল করতে হবে।' মে জানান, যত দেরি হবে, তত ব্রেক্সিট না হওয়ার আশঙ্কা বাড়বে। তাতে ব্রেক্সিটও ফস্কে যাবে। চলে যেতে পারে কনজারভেটিভ দলের প্রতি সাধারণ মানুষের সমর্থনও।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## সব শেখাই কোনও না কোনও ভাবে কাজে লাগে



দেবাশিস সেন
সি ই ও
অ্যাকসেলট ইনোভেশন প্রাইভেট লিমিটেড
প্রাক্তন অ্যাসোসিয়েট ভাইস প্রেসিডেন্ট-সেলস
ভোডাফোন ইন্ডিয়া লিমিটেড

আজকাল বেশিরভাগ কলেজেই ক্যাম্পাস ইন্টারভিউয়ের সুযোগ থাকে। তাই কলেজে পড়ার সময়ই খোঁজ রাখতে হবে চাকরির। তখন থেকেই যদি কী কাজ করবে, কোথায় খুঁজতে হবে জানতে চেষ্টা করো, তাহলে পরে সুবিধা হবে। তাছাড়াও ছাত্রাবস্থায় বন্ধু-পরিজন-শিক্ষকদের সঙ্গে যোগাযোগ বেশি থাকে। ফলে নিজের ভবিষ্যৎ এবং কাজ নিয়ে আলোচনার সুযোগও বেশি থাকে। কলেজ শেষ হওয়ার পর চাপে পড়ে একা কোনও কাজ খোঁজার হ্যাপা সামলানোর চেয়ে আগে থেকে চাকরি খোঁজার পথটা চিনে রাখলে অনেক বেশি কাজে দেয়।

### অন্যরকম কাজ

নতুন প্রজন্ম নতুনভাবে অনেক কিছু ভাবছে। আজকালকার ছেলেমেয়েদের মধ্যে দেখি অনেকেই একটা স্টার্ট আপ বিজনেস করতে চায়। করেও ফেলছে অনেকেই। কোনও নির্দিষ্ট গতে চাকরি খুঁজে সেইভাবেই চলতে হবে, এই ধারণার বাইরে বেরিয়ে আসছে তারা। নতুন একটা প্রোজেক্ট, পরিকল্পনা, দক্ষতা, আত্মবিশ্বাস আর পুঁজি– এই সম্বল করে অল্পবয়েসিরাও নিজেদের মতো করে কাজ শুরু করছে। এছাড়াও টেকনোলজি ইন্ডাস্ট্রি এখন বিরাট এক কাজের ক্ষেত্রে পরিণত হয়েছে। এর কলেবর ক্রমশ বাড়ছে। মিডিয়া ইন্ডাস্ট্রিতেও কাজের বিবিধ সুযোগ রয়েছে।

সবচেয়ে বেশি সহজ হল সেলসের কাজ পাওয়া। প্রায় সব সংস্থাতেই সেলস বিভাগ থাকে। এটি এমন একটি পেশা যেখানে কর্মীচাহিদার কোনও সীমা নেই। যদি কোমর বেঁধে লেগে পড়ো, প্রথম থেকেই কাজকে পড়ার বইয়ের মতো করে ব্যবহার করো, শিখতে চেষ্টা করো, তাহলে উন্নতির খোঁজ ঠিকই পাবে।

কিন্তু বিশেষত বাঙালিদের মধ্যে দেখেছি সেলসের কাজ না করার একটা প্রবণতা থাকে। এর পেছনে কোনও বাস্তব যুক্তি নেই। সফল মানুষদের মধ্যে খুঁজলে দেখবে অনেকেই পেশাদার জীবন সেলসেই শুরু করেছিলেন। আমার নিজের জীবনের অভিজ্ঞতাও তাই বলে। ছোট এক সংস্থায় চাকরি শুরু করি। একটা ব্যাগে ইলেকট্রনিক ওয়েইং মেশিন, যাকে বলে ইলেকট্রনিক দাঁড়িপাল্লা, তাই নিয়ে বিক্রি করতাম কলকাতার দোকানে দোকানে। চেষ্টা করতাম খুব মন দিয়ে ভালো করে কাজ করার। এক বছরের মধ্যে পূর্বাঞ্চলের সেলস ম্যানেজার পদে উন্নতি। বছরপাঁচেক কাজ করার পর যোদি জেরক্সে চাকরি পাই। সেখানে এগারো বছর চাকরি করি, সংস্থার ন্যাশনাল সেলস হেড হয়ে দিল্লিতে চলে আসি। বিভিন্ন সংস্থায় দীর্ঘ চাকরিজীবনের শেষে নিজের সংস্থাও তৈরি করে ফেলেছি। কাজ ছোট না বড়, তাই নিয়ে কোনওদিন মাথা ঘামাইনি। সেজন্যই বোধহয় আটকে যাইনি কোথাও।

উচ্চমাধ্যমিকের পর রেজাল্ট বেরোনোর আগে পর্যন্ত তিনমাস ছুটি ছিল। সময়ের অপচয় না করে কাজে লাগিয়েছিলাম। তাজ বেঙ্গলে ট্রেনি নেওয়ার খবর পেয়ে চলে যাই ইন্টারভিউ দিতে। সেখানে জানতে চাওয়া হয়, ক্লায়েন্ট পরিষেবার মধ্যে খাওয়ার পর প্লেট পরিষ্কারের কাজও পড়ে, আমি পারব কি না। বিনা আপত্তিতে রাজি হয়েছিলাম। অনেক কিছু শিখেছিলাম সেই সময়। সব শেখাই কোনও না কোনও ভাবে কাজে লাগে। পরে ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনে ডিপ্লোমা করেছিলাম। তারপর চাকরির খোঁজ, পর পর ইন্টারভিউ। শেষে চাকরি শুরু।



উচ্চমাধ্যমিকের পর রেজাল্ট বেরোনোর আগে পর্যন্ত তিনমাস ছুটি ছিল। সময়ের অপচয় না করে কাজে লাগিয়েছিলাম। তাজ বেঙ্গলে ট্রেনি নেওয়ার খবর পেয়ে চলে যাই ইন্টারভিউ দিতে। সেখানে জানতে চাওয়া হয়, ক্লায়েন্ট পরিষেবার মধ্যে খাওয়ার পর প্লেট পরিষ্কারের কাজও পড়ে, আমি পারব কি না। বিনা আপত্তিতে রাজি হয়েছিলাম। অনেক কিছু শিখেছিলাম সেই সময়।

### ইন্টারভিউয়ের পরামর্শ

ইন্টারভিউ দিতে যাওয়ার প্রথম শর্ত হল, সাধারণ জ্ঞান থাকতে হবে। সরকারি চাকরির পরীক্ষার সিলেবাসে থাকে বলেই শুধু সরকারি কাজের জন্য দুনিয়ার খবরাখবর রাখতে হবে, তা কিন্তু কখনওই নয়। যে-কোনও রকম চাকরির জন্যই এটি প্রাথমিক শর্ত।

দ্বিতীয় হল, পরিচ্ছন্ন এবং বাহুল্যবর্জিত সিভি তৈরি করতে হবে, যেখানে তোমার আজ অবধি যাবতীয় কৃতিত্ব, তোমার জোর, পারদর্শিতা তুলে ধরতে হবে।

ইন্টারভিউ দিতে যাওয়ার আগে অবশ্যই সংস্থার ওয়েবসাইট ঘেঁটে সংস্থা সম্পর্কে এবং কেন সেই সংস্থা তোমাকে নেবে, কী ধরনের কাজ তোমার থেকে চাওয়া হচ্ছে ইত্যাদি বুঝে নাও। তাতে ইন্টারভিউয়ারের প্রশ্নের যথাযথ জবাব দিতে তোমার সুবিধা হবে।

Bharati Vidyapeeth
(Deemed to be University), Pune (India)
Founder Chancellor : Dr. PATANGRAO KADAM
Accredited with 'A+' Grade (2017) by NAAC (3.53/4)
Category - I University Status By UGC | 62nd Rank By NIRF-2019
ADMISSIONS 2019-20
B.TECH & M.TECH
at College of Engineering, Pune
INDIA'S TOP 100 RANKED ENGINEERING COLLEGE
- Programmes accredited by NBA, New Delhi
- Ranked 93rd at National Level by NIRF 2019
- Platinum category in the AICTE-CII survey for Industry Institute Interaction in 2018
- Ranked 6th at National Level & 1st at Zonal Level by AICTE Internshala
ENTRANCE TEST DATES
26th MAY & 2nd JUNE, 2019
LAST DATES TO APPLY
7th MAY & 15th MAY, 2019
FOR INFORMATION & ONLINE APPLICATION VISIT
www.bvuniversity.edu.in | admissions.bvuniversity.edu.in
www.bvucoepune.edu.in
Email: admissions@bvucoep.edu.in
Tel: 020-24107399/24107397, 24407131/132/133

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
shine.com
Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA
Companies Recruiting This Week

PS AVIATION
Company: PS AVIATION ACADEMY PVT.LTD
Position Title: Ground Staff & Cabin Crew
Experience, Location: Fresher ,Kolkata, Delhi, Vizag
Profile: Join aviation to secure your future.PS Aviation academy offers different courses for the elegable students. Qualification minimum 12th Pass. Age limit -18 to 28. Male female both can apply. After completion of the course we provide them 100% placement in aviation sector. Contact no-8240117926/ 9007421048, mail id -career@psaviation.in
To apply for this job, log on to www.shine.com and search using 9246724 as keyword.

CAREER CARE
Company: Career Care
Position Title: Accounts and Back office Executive
Experience, Location: 0-2 years, Kolkata
Profile: We need accouts and back office executive for Kolkata location. B.Com fresher and experience candidate can apply for this position. Salary per month Rs.8000/- to 15000/-(Accoring to experience).Job location will be diffeent part of Kolkata. Send CV to email-careercare17@gmail.com or Call -7797738400.
To apply for this job, log on to www.shine.com

FDCS Innovations (OPC) Pvt. Ltd.
Company: FDCS Innovations (OPC) Pvt. Ltd.
Position Title: Phone Banking / Back Office Executive
Experience, Location: Fresher & Experienced, Kolkata
Profile: We hire Phone Banking Executive / Back Office Executive. Profile is all Retail Liability,Credit Card, Assests (EMI based Loans) and hot listening desk Customers card products. Salary Rs.11000 to 19000 PM+incentive. Walk-In @ Net guru building (1st Floor), Salt Lake, Sector 5 with a resume & photograph. Call @ 6289442744 or mail @ fdcspvtltd@gmail.com
To apply for this job, log on to www.shine.com

Sparsh Innovators Private Limited
Company: Sparsh Innovators Private Limited
Position Title: Sales Manager
Experience, Location: 1-6 year, Kolkata
Profile: Revenue Generation from New Account and direct sales & marketing of Tally & Sparsh products/services via Visits to Prospects, CAs, STPs, Existing Customers & Trade Associations.
To apply for this job, log on to www.shine.com and search using 9762542 as keyword

Besten Engineers & Consultants India Pvt ltd
Company: Besten Engineers & Consultants India Pvt ltd
Position Title: Project Manager
Experience, Location: 2 - 5 year, Kolkata
Profile: Civil/Mechanical Engineer with 2-3 yrs experience in construction project management. Knowledge of both theoretical and practical aspects of project management. Experience in people management, contractor management, planning & coordination.
To apply for this job, log on to www.shine.com and search using 9599913 as keyword

E Media Webtech
Company: E Media Webtech
Position Title: Java Developer
Experience, Location: 0 - 2 years, Kolkata
Profile: Develops information systems by designing, developing, and installing software solutions. Determines operational feasibility by evaluating analysis, problem definition, requirements, solution development, and proposed solutions.
To apply for this job, log on to www.shine.com and search using 9746803 as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword
For more jobs, log on to Shine.com now!
To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203
Not for Candidates
shine.com
Great careers start here

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. মানবদেহের সবচেয়ে ছোট কোষ কী?
(a) শুক্রাণু বা স্পার্ম সেল (b) লোহিতকণিকা (c) চোখের রড কোষ (d) এর কোনওটিই নয়
2. সবুজ বিপ্লব কীসের সঙ্গে যুক্ত?
(a) খাদ্যশস্য (b) চিত্রকলা (c) রসায়ন (d) সামরিক অভ্যুত্থান
3. ভারতের প্রথম মহিলা বিদেশসচিব কে?
(a) চোকিলা আইয়ার (b) অরুন্ধতি ঘোষ (c) নিরুপমা রাও (d) অম্বিকা সোনি
4. অমৃতসরের স্বর্ণ মন্দির নির্মাণের জন্য কোন মুঘল সম্রাট জমি দান করেছিলেন?
(a) আকবর (b) জাহাঙ্গির (c) শেরশাহ (d) বাবর
5. 'ডোগরি' ভাষা কোন রাজ্যে প্রচলিত?
(a) হিমাচল প্রদেশ (b) রাজস্থান (c) জম্মু ও কাশ্মীর (d) মধ্যপ্রদেশ
6. কালো বিপ্লব কীসের সঙ্গে যুক্ত?
(a) পেট্রোলিয়াম পণ্য (b) কারাগার সংস্কার (c) প্রাথমিক শিক্ষা (d) এর কোনওটিই নয়
7. আমির খসরু কোন সুলতানের সভায় উপস্থিত ছিলেন?
(a) মহম্মদ বিন তুঘলক (b) আলাউদ্দিন খিলজি (c) জালালউদ্দিন খিলজি (d) গিয়াসউদ্দিন বলবন
8. রাজস্থান ক্যানেল কোন নদী থেকে জল পায়?
(a) শতদ্রু (b) বিপাশা (c) নর্মদা (d) তাপ্তি
9. ইন্টারন্যাশনাল রেডক্রসের সদর দপ্তর কোথায়?
(a) প্যারিস (b) জেনিভা (c) লন্ডন (d) নিউ ইয়র্ক
10. 'রাইডার কাপ' কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) ফুটবল (b) ব্যাডমিন্টন (c) গলফ (d) দাবা
11. কোন দেশে প্রথম মহিলাদের ভোটাধিকার প্রয়োগের অধিকার দেওয়া হয়?
(a) গ্রেট ব্রিটেন (b) মার্কিন যুক্তরাষ্ট্র (c) নিউজিল্যান্ড (d) অস্ট্রেলিয়া
12. 'টাইটান' কোন গ্রহের উপগ্রহ?
(a) বৃহস্পতি (b) শনি (c) বুধ (d) মঙ্গল
13. দু'টি পরমাণুর মধ্যে প্রোটন সংখ্যা সমান কিন্তু নিউট্রন সংখ্যা পৃথক। এদের কী বলে?
(a) আইসোবার (b) আইসোহাইট (c) আইসোটোপ (d) আইসোটোন
14. ভারতীয় সংবিধানের অষ্টম তপশিলে যে নতুন চারটি ভাষা যুক্ত করা হয়েছে সেগুলি কী কী?
(a) বোরো, সাঁওতালি, মৈথিলি ও ডোগরি (b) বোরো, সাঁওতালি, কোঙ্কণি ও ডোগরি (c) বোরো, সাঁওতালি, মৈথিলি ও মণিপুরি (d) মণিপুরি, সাঁওতালি, ডোগরি ও কোঙ্কণি
15. কোন মাধ্যমে সব রঙের আলো সমান গতিবেগে চলে?
(a) যে মাধ্যম বিচ্ছুরক নয় (b) জল (c) অর্ধস্বচ্ছ (d) এর কোনওটিই নয়
16. লেমনেড কী?
(a) কার্বন ডাইঅক্সাইডের চিনি মিশ্রিত জলীয় দ্রবণ (b) চিনি ও লেবুর মিশ্রণ (c) সাইট্রিক অ্যাসিড ও কার্বন ডাইঅক্সাইডের মিশ্রণ (d) অ্যাসিটিক অ্যাসিড, গ্লুকোজ ও কার্বন ডাইঅক্সাইডের মিশ্রণ
17. তড়িচ্চালক বলের একক কী?
(a) ওহম (b) নিউটন (c) ক্যান্ডেলা (d) এর কোনওটিই নয়
18. কাজের একক কী?
(a) জুল (b) ওহম (c) আর্গ (d) ক্যান্ডেলা
19. কোন পরমাণুতে নিউট্রন নেই?
(a) সাধারণ হাইড্রোজেন পরমাণু (b) সাধারণ অক্সিজেন পরমাণু (c) নাইট্রোজেন পরমাণু (d) এর কোনওটিই নয়
20. দেওয়াল ঘড়ির পেন্ডুলাম কোন শক্তির প্রভাবে কাজ করে?
(a) পেন্ডুলাম স্প্রিংয়ের স্থিতিশক্তির প্রভাবে (b) স্প্রিংয়ের গতিশক্তির প্রভাবে (c) রাসায়নিক শক্তিতে (d) এর কোনওটিই নয়
21. কালো সীসা কাকে বলে?
(a) কয়লা (b) পেট্রোলিয়াম (c) আলকাতরা (d) গ্রাফাইট
22. হিমমিশ্রণ কী?
(a) বরফ ও চিনির মিশ্রণ (b) বরফ ও লবণের মিশ্রণ (c) বরফ ও কার্বন ডাইঅক্সাইডের মিশ্রণ (d) অ্যামোনিয়া ও কার্বন ডাইঅক্সাইডের মিশ্রণ
23. তড়িৎপ্রবাহ দ্বারা তাপ উৎপাদন সংক্রান্ত সূত্র কে প্রতিষ্ঠিত করেন?
(a) আইজ্যাক নিউটন (b) জেমস প্রেসকট জুল (c) রবার্ট ক্রিক (d) জেমস ওয়াটসন
24. সোডা ওয়াটার কোন শ্রেণির দ্রবণ?
(a) কার্বন ডাইঅক্সাইডের জলীয় দ্রবণ (b) জল এবং সাইট্রিক অ্যাসিডের দ্রবণ (c) চুন ও জলের দ্রবণ (d) চুন ও লেবুজলের দ্রবণ
25. 'দার্শনিকের উল' কী?
(a) জিঙ্ক পার অক্সাইড (b) অ্যামোনিয়াম অক্সাইড (c) জিঙ্ক অক্সাইড (d) অ্যামোনিয়াম ক্লোরাইড
26. নিউক্লিয়াস কে আবিষ্কার করেন?
(a) রাদারফোর্ড (b) রবার্ট ওয়াটসন (c) ফন্টানা (d) মেন্ডেল
27. মহাবিশ্বে কোন মৌলটি সবচেয়ে হালকা?
(a) অক্সিজেন (b) নাইট্রোজেন (c) হাইড্রোজেন (d) মার্কারি
28. কাপড় কাচার সোডার রাসায়নিক নাম কী?
(a) সোডিয়াম অক্সাইড (b) সোডিয়াম কার্বনেট (c) ক্যালশিয়াম ফসফেট (d) ক্যালশিয়াম কার্বনেট
29. পিতল কোন কোন ধাতুর উপাদানে গঠিত?
(a) তামা ও নিকেল (b) তামা ও জিঙ্ক (c) টিন ও নিকেল (d) টিন ও তামা
30. রাবার কী জাতীয় বস্তু?
(a) তড়িতের সুপরিবাহী (b) তড়িতের অপরিবাহী (c) ভেজা অবস্থায় থাকলে তড়িতের সুপরিবাহী (d) কোনওটিই নয়
31. লাইম লাইট কী?
(a) অক্সি হাইড্রোজেন শিখা নলাকৃতি কলি চুনের ছোট টুকরোর ওপর ফেললে যে তীব্র সাদা আলোক সৃষ্টি হয় (b) দেশলাই কাঠি ধরালে যে আলোর সৃষ্টি হয় (c) অক্সি হাইড্রোজেন শিখায় দেশলাই কাঠি ধরালে যে আলোর সৃষ্টি হয় (d) এর কোনওটিই নয়
32. প্রাণীদের দেহের কোন অংশ ভিটামিন বি কমপ্লেক্স তৈরির কাজে ব্যবহৃত হয়?
(a) যকৃৎ (b) অগ্ন্যাশয় (c) ক্ষুদ্রান্ত্র (d) পাকস্থলী
33. কৃত্রিমভাবে ইউরিয়া সর্বপ্রথম কে তৈরি করেন?
(a) জেমস ওয়াট (b) জার্মান বিজ্ঞানী ভলার (c) লুই পাস্তুর (d) এরা কেউই নন
34. বস্তুর ভর ও আপেক্ষিক তাপের গুণফলকে কী বলে?
(a) তাপ সংরক্ষণ (b) তাপগ্রাহীতা (c) তাপক্ষয় (d) এর কোনওটিই নয়
35. ফিরদৌসি কার সভাকবি ছিলেন?
(a) বখতিয়ার খলজি (b) ইলতুৎমিস (c) গিয়াসউদ্দিন বলবন (d) মহম্মদ গজনি
36. কোন ব্রিটিশ প্রধানমন্ত্রীর সময় ভারত স্বাধীন হয়?
(a) উইনস্টন চার্চিল (b) এটলি (c) লর্ড ক্রমওয়েল (d) এর কোনওটিই নয়
37. মহাত্মা গান্ধী কোন ব্যক্তিকে তাঁর রাজনৈতিক গুরু বলেছেন?
(a) গোপাল কৃষ্ণ গোখলে (b) লিও টলস্টয় (c) সুরেন্দ্রনাথ ব্যানার্জি (d) দাদাভাই নৌরজি
38. প্রাণীর দেহে সবচেয়ে লম্বা কোষ কী?
(a) লোহিতকণিকা (b) শ্বেতকণিকা (c) নিউরন (d) এর কোনওটিই নয়
39. কার দ্বারা বাংলায় দ্বৈতশাসন ব্যবস্থার অবসান হয়?
(a) রবার্ট ক্লাইভ (b) ওয়ারেন হেস্টিংস (c) লর্ড কর্নওয়ালিশ (d) লর্ড ডালহৌসি
40. নিউ ইন্ডিয়া পত্রিকার সম্পাদক কে ছিলেন?
(a) সুভাষচন্দ্র বোস (b) মহাত্মা গান্ধী (c) অ্যানি বেসান্ত (d) লোকমান্য তিলক
41. কোন রাজার আমলে মহাযান মতাদর্শ প্রভূতরূপে প্রকাশ পায়?
(a) অশোক (b) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (c) কুষাণরাজ কণিষ্কের আমলে (d) হর্ষবর্ধন
42. কংগ্রেস সমাজতান্ত্রিক দল কবে প্রতিষ্ঠিত হয়?
(a) 1992 (b) 1925 (c) 1927 (d) 1934
43. বাতাপির চালুক্য বংশের প্রতিষ্ঠাতা কে?
(a) মেঘ বর্মন (b) মহেন্দ্র বর্মন (c) দ্বিতীয় কৃতি বর্মণ (d) প্রথম নরসিংহ বর্মণ
44. কংগ্রেসের কোন অধিবেশনে সুভাষচন্দ্র প্রথম সভাপতি নির্বাচিত হন?
(a) হরিপুরা অধিবেশনে (b) ত্রিপুরী অধিবেশনে (c) কলকাতা অধিবেশনে (d) এলাহাবাদ অধিবেশনে
45. ভুবনেশ্বর, পুরি ও খাজুরাহোর মন্দিরগুলি কোন শৈলীতে গঠিত হয়েছিল?
(a) গান্ধার শিল্প (b) মথুরা শিল্প (c) নাগারা (d) এর কোনওটিই নয়
46. 'সবরগীরি প্রকল্প' কোন রাজ্যের অন্তর্গত?
(a) মধ্যপ্রদেশ (b) গুজরাট (c) উত্তরাখণ্ড (d) কেরল
47. ভারতের সর্বপ্রাচীন ভূখণ্ড কোনটি?
(a) থর মরুভূমি অঞ্চল (b) উপদ্বীপ অংশ (c) হিমালয়ের তরাই অঞ্চল (d) গাঙ্গেয় সমভূমি
48. কোন রাজা 'বাতাপিকোন্ডা' উপাধি ধারণ করেছিলেন?
(a) দ্বিতীয় পুলকেশী (b) কৃষ্ণদেব রায় (c) নরসিংহ বর্মণ (d) প্রথম মহেন্দ্র বর্মণ
49. কত সালে গান্ধী খিলাফত সভার সভাপতি নির্বাচিত হন?
(a) 1919 (b) 1918 (c) 1920 (d) 1921
50. বাহমনি রাজ্যের প্রথম রাজধানীর নাম কী?
(a) হাম্পি (b) দেবগিরি (c) বাতাপি (d) গুলবর্গা
51. 'তাডোবা ন্যাশনাল পার্ক' কোন রাজ্যের অন্তর্গত?
(a) কর্নাটক (b) ছত্তিশগড় (c) মহারাষ্ট্র (d) ঝাড়খণ্ড
52. ভারতীয় সংবিধানের কততম সংশোধনীতে ভোটদানের বয়স 21 থেকে কমিয়ে 18 করা হয়েছে?
(a) 44 (b) 50 (c) 61 (d) 65
53. কলকাতার হিন্দু কলেজের প্রতিষ্ঠাতার সঙ্গে কার কার নাম জড়িত?
(a) রাজা রামমোহন রায় এবং ডেভিড হেয়ার (b) উইলিয়াম জোনস এবং রামমোহন রায় (c) উইলিয়াম বেন্টিঙ্ক এবং ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (d) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর এবং ডেভিড হেয়ার
54. সংবিধানের কোন অনুচ্ছেদে সুপ্রিম কোর্টের গঠনতন্ত্র সম্পর্কে বলা হয়েছে?
(a) 21 (b) 124 (c) 212 (d) 324
55. আলাওল ও দৌলত গাজি কোন আমলের কবি?
(a) বল্লাল সেন (b) মহেন্দ্র পাল (c) হুসেন সাহি (d) এঁদের কেউই নন
56. বিশ্ববিখ্যাত গলফার বিজয় সিং কোন দেশের নাগরিক?
(a) ফিজি (b) ভারত (c) মরিশাস (d) কেনিয়া
57. তারিখ-ই-ফিরোজশাহি গ্রন্থটি কার লেখা?
(a) আবুল ফজল (b) ইবন বতুতা (c) জিয়াউদ্দিন বারনি (d) ওমর খৈয়াম
58. কার স্মৃতিতে কুতুবমিনার তৈরি করা হয়?
(a) কুতুবউদ্দিন আইবক (b) শেখ কুতুবউদ্দিন বখতিয়ার কাকি (c) ইলতুৎমিস (d) কুতুবউদ্দিন জালাল
59. কথাকলি কোথাকার নৃত্যশৈলী?
(a) তামিলনাড়ু (b) গুজরাট (c) কর্নাটক (d) কেরল
60. আয়তনের বিচারে পৃথিবীতে ভারতের স্থান কততম?
(a) তৃতীয় (b) পঞ্চম (c) সপ্তম (d) নবম
61. বর্তমানে ঘানা দেশটি পূর্বে কী নামে পরিচিত ছিল?
(a) বেচুয়ানাল্যান্ড (b) গোল্ডকোস্ট (c) উত্তর রোডেশিয়া (d) পূর্ব আফ্রিকা

এরপর এগারোর পাতায়

## পি এস সি-র মাধ্যমে

# রাজ্য সরকারে ক্লার্ক

## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. লোভনীয় খাদ্যের দর্শনে লালাক্ষরণ হয়, এটি নিয়ন্ত্রণ করে:
(a) গুরু মস্তিষ্ক (b) লঘু মস্তিষ্ক (c) সুষুম্না শীর্ষক (d) সুষুম্নাকাণ্ড
2. প্রথম স্নায়ুতন্ত্রের উদ্ভব হয়েছে যার থেকে:
(a) অ্যামিবা (b) কেঁচো (c) হাইড্রা (d) প্ল্যানেরিয়াম
3. নীচের কোন ভিটামিন যকৃতে সংশ্লেষিত হয়?
(a) ভিটামিন-A (b) ভিটামিন-D (c) ভিটামিন-K (d) ভিটামিন-$K_{12}$
4. নীচের কোনটি শর্করা ও ফ্যাটজাতীয় খাদ্যে থাকে না?
(a) কার্বন (b) হাইড্রোজেন (c) অক্সিজেন (d) নাইট্রোজেন
5. ফিতাকৃমি এক প্রকারের:
(a) পরজীবী (b) অন্তঃপরজীবী (c) বহিঃপরজীবী (d) আংশিক পরজীবী
6. যক্ষ্মা রোগের জীবাণু সবচেয়ে বেশি আক্রমণ করে:
(a) হৃৎপিণ্ড (b) ফুসফুস (c) বৃক্ক (d) অস্থি
7. কোন জ্বর ওঠা-নামা করে?
(a) আন্ত্রিক জ্বর (b) ম্যালেরিয়া জ্বর (c) টাইফয়েড জ্বর (d) কোনওটিই নয়
8. BCG ভ্যাকসিন হল:
(a) টাইফয়েডের (b) কলেরার (c) যক্ষ্মার (d) বসন্তের
9. এন্টামিবা মানুষের যে স্থানে বসবাস করে তা হল:
(a) যকৃৎ (b) অন্ত্র (c) RBC (d) ফুসফুস
10. নীচের কোনটি হেপারিন নিঃসরণ করে?
(a) মনোসাইট (b) বেসোফিল (c) নিউট্রোফিল (d) ইওসিনোফিল
11. অন্তঃকোষীয় পরিপাক দেখা যায় এমন প্রাণীটি হল:
(a) মানুষ (b) ব্যাঙ (c) কেঁচো (d) অ্যামিবা
12. ঘাস-কেন্দ্রিক বিজ্ঞান বা পড়াশোনাকে বলা হয়:
(a) অ্যাগ্রোস্টোলজি (b) অ্যাগ্রোলজি (c) অ্যাগ্রোনমিকস (d) অ্যানজিওলজি
13. উচ্চ বায়ুমণ্ডলে একজন মহাকাশচারী অনুভব করেন:
(a) অত্যন্ত গরম (b) সামান্য গরম (c) অত্যন্ত ঠান্ডা (d) সামান্য ঠান্ডা
14. নব কলেবর উৎসব কোন রাজ্যে পালিত হয়?
(a) কর্নাটক (b) ওড়িশা (c) অসম (d) কেরল
15. নীচের কোন গ্রন্থটি মুন্সি প্রেম চাঁদের লেখা নয়?
(a) গাবান (b) গোদান (c) গাইড (d) মানস সরোবর
16. 'ডিউস' শব্দটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) বক্সিং (b) স্কোয়াশ (c) লন টেনিস (d) ওয়েট লিফটিং
17. নীচের কোনটিকে ব্যাঙ্কারস চেক বলা হয়?
(a) ডিমান্ড ড্রাফট (b) ডেবিট কার্ড (c) পে অর্ডার (d) ফিক্সড ডিপোজিট
18. ভারতের সর্বাধিক জলবিদ্যুৎ কেন্দ্রটি অবস্থিত:
(a) কেরল (b) কর্নাটক (c) হিমাচল প্রদেশ (d) জম্মু কাশ্মীর
19. শুষ্ক কোষের মাধ্যমে উৎপাদিত বিদ্যুৎ হল:
(a) রাসায়নিক শক্তি (b) তাপশক্তি (c) যান্ত্রিক শক্তি (d) পারমাণবিক শক্তি
20. দু'দিক দিয়েই রেললাইন দ্বারা পরিবেষ্টিত প্ল্যাটফর্মকে কী বলে?
(a) ডক প্ল্যাটফর্ম (b) প্যাসেঞ্জার প্ল্যাটফর্ম (c) আইল্যান্ড প্ল্যাটফর্ম (d) গুডস প্ল্যাটফর্ম
21. কমনওয়েলথ গেমস-এ ভারতের সর্বকনিষ্ঠ স্বর্ণপদক প্রাপকের নাম হল:
(a) নিরোজ কুমার (b) দিব্য কাকরান (c) অনিশ বনওয়াল (d) অঞ্জুম মুদগিল
22. কোন ভারতীয় মহিলা বক্সার প্রথম কমনওয়েলথ গেমস-এ সোনা জেতেন?
(a) মেরি কম (b) পিঙ্কী ঝাঙড়া (c) সরিতা দেবী (d) সরজুবালা দেবী
23. ভারতের প্রথম মহিলা যুদ্ধ বিমান চালিকার নাম হল:
(a) অবনী চতুর্বেদী (b) দুর্গা সিং (c) শিখা চতুর্বেদী (d) শ্রেয়সী সিং
24. 'টি-20 মুম্বই লিগ-এর ব্র্যান্ড অ্যাম্বাসাডর হিসাবে নিযুক্ত হলেন:
(a) রাহুল দ্রাবিড় (b) রণবীর কাপুর (c) আমির খান (d) শচীন তেন্ডুলকর
25. 100 দিনের কাজে দেশের মধ্যে শীর্ষ স্থান দখল করল কোন রাজ্য?
(a) তামিলনাড়ু (b) বিহার (c) পশ্চিমবঙ্গ (d) ত্রিপুরা
26. 2018 সালে প্রথমবার 'রাজ কাপুর অ্যাওয়ার্ড ফর এক্সিলেন্স ইন সিনেমা' পুরস্কারে ভূষিত হলেন:
(a) রমেশ সিপ্পি (b) করণ জোহর (c) জাভেদ আখতার (d) লীলা বনসালি
27. দেশের মধ্যে প্রথম মহিলা পরিচালিত মেট্রো স্টেশন হল:
(a) নেতাজি ভবন (কলকাতা) (b) দিল্লি (c) গান্ধীনগর (গুজরাট) (d) থিরামপুরা (কেরল)
28. ভারতের রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ 2018 সালের 11 মার্চ ভারত মহাসাগরের কোন দ্বীপ-রাষ্ট্র সফর করেছিলেন?
(a) মরিশাস (b) মালদ্বীপ (c) সেসলস (d) লাক্ষাদ্বীপ
29. জীবিত অবস্থায় শ্রীদেবীর মুক্তি পাওয়া শেষ ছবিটির নাম কী?
(a) ইংলিশ ভিংলিশ (b) মম (c) মেরি বিবিকা জবান নেহি (d) চাঁদনি
30. শ্রীদেবীর প্রয়াণের পর মুক্তিপ্রাপ্ত তাঁর ছবিটির নাম কী?
(a) জিরো (b) মম (c) মেরি বিবিকা জবান নেহি (d) চাঁদনি
31. কে ভারতের সর্বপ্রথম উপ-প্রধানমন্ত্রী নিযুক্ত হয়েছিলেন?
(a) এল কে আদবানি (b) মোরারজি দেশাই (c) চরণ সিং (d) সর্দার বল্লভভাই প্যাটেল
32. 'নর্মাল স্যালাইন' হল সোডিয়াম ক্লোরাইডের জলীয় দ্রবণ, যার মাত্রা:
(a) 0.84% (b) 1.00 নর্মাল (c) 1.00 মোলার (d) 1%
33. 'ফোর্স ইন্ডিয়া' বলতে বোঝায়:
(a) ফর্মুলা ওয়ান কার রেসের দল (b) হিমালয়ে এক সামরিক অনুশীলন কার্যকলাপ (c) ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ কেন্দ্র (d) নৌবাহিনীর নতুন একটি ঘাঁটি
34. ভারতে তুলা চাষের পক্ষে সবচেয়ে উপযোগী অঞ্চল:
(a) ব্রহ্মপুত্র উপত্যকা (b) সিন্ধু-গাঙ্গেয় সমভূমি (c) দাক্ষিণাত্যের লাভাগঠিত অঞ্চল (d) কচ্ছের রণ অঞ্চল

এরপর এগারোর পাতায়

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

62. হরিপ্রসাদ চৌরাশিয়ার নাম কীসের সঙ্গে যুক্ত?
(a) বাঁশি (b) সেতার (c) সরোদ (d) সানাই

63. ভারতের বৃহত্তম বহুমুখী নদী পরিকল্পনা কোনটি?
(a) দামোদর পরিকল্পনা (b) মহানদী পরিকল্পনা (c) ভাকরা-নাঙ্গাল পরিকল্পনা (d) নাগার্জুন সাগর পরিকল্পনা

64. বিশ্ব প্রবীণদিবস কবে পালিত হয়?
(a) 27 জুন (b) 2 জুলাই (c) 1 অগস্ট (d) 1 অক্টোবর

65. বদ্বীপ সমভূমি কীসের উদাহরণ?
(a) ক্ষয়জাত সমভূমি (b) সঞ্চয়জাত সমভূমি (c) অবনত সমভূমি (d) এর কোনওটিই নয়

66. 'আজব নগরী' গ্রন্থের রচয়িতা কে?
(a) হুমায়ুন আজাদ (b) নীরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় (c) নারায়ণ সান্যাল (d) নিখিল সরকার

67. 2020 সালের অলিম্পিক কোন দেশে অনুষ্ঠিত হবে?
(a) জাপান (b) চিন (c) রাশিয়া (d) ইংল্যান্ড

68. 'ক্যাসিনি' মহাকাশ যানের মাধ্যমে কোন গ্রহের উপগ্রহের সন্ধান পাওয়া যায়?
(a) বুধ (b) শনি (c) মঙ্গল (d) বৃহস্পতি

69. রবীন্দ্রনাথের প্রথম কাব্যগ্রন্থের নাম কী?
(a) কবিকাহিনী (b) গীতাঞ্জলি (c) বলাকা (d) সোনার তরী

70. নীচের কোন দেশের পতাকায় চারটি তারা থাকে?
(a) ইন্দোনেশিয়া (b) নিউজিল্যান্ড (c) পাকিস্তান (d) মায়ানমার

71. একটি নল দ্বারা একটি জলাধার 15 মিনিটে পূর্ণ হয় এবং অপর একটি নল দ্বারা ওই জলাধার 20 মিনিটে খালি হয়। জলাধারটি অর্ধ জলপূর্ণ অবস্থায় দু'টি নল একসঙ্গে খোলা হলে জলাধারটি জলপূর্ণ হতে কত সময় নেবে?
(a) 30 মিনিট (b) 32 মিনিট (c) 36 মিনিট (d) 40 মিনিট

72. চালের দাম প্রতিবছর 10% বৃদ্ধি পায়, চালের বর্তমান মূল্য কুইন্টাল প্রতি 1,936 টাকা; দু'বছর আগে প্রতিকুইন্টাল চালের দাম কত ছিল?
(a) 1500 টাকা (b) 1580 টাকা (c) 1600 টাকা (d) 1640 টাকা

73. একটি ক্লাবের প্রতিটি সদস্য কোনও ত্রাণ তহবিলে ক্লাবের সদস্য সংখ্যার সমান সংখ্যক 5 টাকার নোট চাঁদা দেয়। মোট চাঁদার পরিমাণ 12500 টাকা। ক্লাবের সদস্য সংখ্যা হল:
(a) 50 (b) 250 (c) 2500 (d) এর কোনওটিই নয়

74. দু'টি ক্রমিক ধনাত্মক পূর্ণ সংখ্যার বর্গের বিয়োগফল 81 বৃহত্তর সংখ্যাটি কত?
(a) 39 (b) 40 (c) 41 (d) 42

75. 228 টাকার একটি দ্রব্য বিক্রয় করে এক বিক্রেতার 5% ক্ষতি হল, 10% লাভ করতে হলে ওই দ্রব্যটির বিক্রয়মূল্য হওয়া উচিত:
(a) 248 টাকা (b) 252 টাকা (c) 260 টাকা (d) 264 টাকা

76. একটি সংখ্যার 80% এর সঙ্গে 80 যোগ করলে যোগফল ওই সংখ্যাটিই হয়। সংখ্যাটি হল:
(a) 240 (b) 300 (c) 360 (d) 400

77. 3 জন পুরুষ অথবা 5 জন মহিলা একটি কাজ 20 দিনে সম্পন্ন করতে পারে। তাহলে 9 জন পুরুষ এবং 10 জন মহিলা একত্রে কতদিনে ওই কাজ সম্পন্ন করবে?
(a) 8 দিনে (b) 6 দিনে (c) 5 দিনে (d) 4 দিনে

78. কোনও পরীক্ষায় তিনটি বিষয় আছে এবং পাশ করার জন্য একজন পরীক্ষার্থীকে মোট নম্বরের 36% পেতে হয়। একজন পরীক্ষার্থী একটি বিষয়ে 120 নম্বরের মধ্যে 52 নম্বর এবং দ্বিতীয় একটি বিষয়ে 100 নম্বরের মধ্যে 38 নম্বর পেয়েছে। শুধুমাত্র পাশ করার জন্য তৃতীয় বিষয়ে 180 নম্বরের মধ্যে তাকে কত নম্বর পেতে হবে?
(a) 64 (b) 44 (c) 54 (d) 58

79. একটি শ্রেণির ছাত্রসংখ্যা 20% বৃদ্ধি পেয়ে 66 হল, পূর্বতন ছাত্রসংখ্যা কত ছিল?
(a) 45 (b) 50 (c) 55 (d) 60

80. কিছু টাকা সরল সুদে বিনিয়োগ করে 20 বছরে সুদে-আসলে দ্বিগুণ হয়। বাৎসরিক সুদের হার কত?
(a) 10% (b) 8% (c) 6% (d) 5%

81. এক কৃষক 30 দিনে একটি জলাধার নির্মাণের উদ্দেশ্যে 30 জন কর্মী নিযুক্ত করার পর 20 দিনে কাজটির $\frac{1}{2}$ অংশ সম্পন্ন হল। যথাসময়ে কাজ সম্পন্ন করতে হলে তাকে আরও কত জন কর্মী নিয়োগ করতে হবে?
(a) 20 (b) 24 (c) 25 (d) 30

82. দুধ ও জল মিশ্রিত একটি পাত্রে দুধ ও জলের অনুপাত 7 : 3। ওই পাত্রে আরও 6 লিটার দুধ মেশালে অনুপাত হয় 3 : 1। পাত্রে জলের পরিমাণ কত?
(a) 15 লিটার (b) 12 লিটার (c) 6 লিটার (d) 9 লিটার

83. একটি সংখ্যার $\frac{5}{8}$ অংশ = অপর সংখ্যার $\frac{5}{12}$ অংশ। সংখ্যাদু'টির গুণফল 9.600 হলে বড় সংখ্যাটি হবে:
(a) 80 (b) 120 (c) 90 (d) 130

84. $\sqrt{0.09} \div \sqrt[3]{0.001}$ -এর সরলতম মান কত?
(a) 15 (b) 0.2 (c) 2 (d) 1.5

85. দু'টি লৌহ বলের ওজন যথাক্রমে 3.5 কিলোগ্রাম এবং 7.5 কিলোগ্রাম। প্রথমটির ওজন দ্বিতীয়টির কত শতাংশ?
(a) $46\frac{2}{3}$ % (b) 35% (c) $46\frac{1}{3}$ % (d) 45%

86. একটি সংখ্যাকে 42 দিয়ে ভাগ করলে ভাগশেষ থাকে 36। সেই সংখ্যাকে 14 দিয়ে ভাগ করলে ভাগশেষ হবে:
(a) 0 (b) 8 (c) 12 (d) এর কোনওটিই নয়

87. 4 সেন্টিমিটার ব্যাসার্ধবিশিষ্ট একটি বৃত্তের ভেতরে 3 সেন্টিমিটার ব্যাসার্ধবিশিষ্ট একটি সমকেন্দ্রিক বৃত্ত রয়েছে। এই দু'টি বৃত্তের মধ্যবর্তী অঞ্চলের ক্ষেত্রফল ($\pi = \frac{22}{7}$) কত (বর্গসেন্টিমিটার)?
(a) $28\frac{2}{7}$ (b) $2\frac{5}{22}$ (c) 22 (d) 11

88. একজন দুধ বিক্রেতা 630 টাকায় 70 লিটার দুধ কিনে 5 লিটার জল মেশায়। জলমিশ্রিত সব দুধ লিটার প্রতি 9 টাকা দরে বিক্রয় করায় তার শতকরা লাভ হল:
(a) $8\frac{1}{5}$ % (b) 7% (c) $8\frac{2}{5}$ % (d) $7\frac{1}{7}$ %

89. A-এর আয় B-এর আয়ের চেয়ে 20% বেশি। তাহলে B-এর আয় A-এর আয়ের চেয়ে কত শতাংশ কম?
(a) 20% (b) $16\frac{2}{3}$ % (c) 15% (d) $17\frac{1}{3}$ %

90. নীচের সংখ্যাগুলিকে বড় থেকে ছোট অনুসারে সাজান:
$a = .32, b = \frac{1}{3}, c = \sqrt{.32}, d = .32$
(a) c, b, d, a (b) c, b, a, d (c) b, a, c, d (d) a, b, c, d

91. ইংরেজি বর্ণমালার J-র বাম দিকের তৃতীয় বর্ণের ডানদিকের পঞ্চদশ বর্ণ কোনটি?
(a) V (b) U (c) Y (d) S

92. সমীর মনে করতে পারছেন যে তার ভাইয়ের জন্মদিন 19 নভেম্বরের পর কিন্তু 22 নভেম্বরের পূর্বে। আবার আশা মনে করতে পারছেন যে, সমীরের ভাইয়ের জন্মদিন 20 নভেম্বরের পর কিন্তু 28 নভেম্বরের আগে। তাহলে সমীরের ভাইয়ের জন্মদিন কবে?
(a) 21 নভেম্বর (b) 20 নভেম্বর (c) 22 নভেম্বর (d) 23 নভেম্বর

93. অজানা মানটি নির্ণয় করুন:

| | | |
|---|---|---|
| 3 | (25) | 4 |
| 5 | (61) | 6 |
| 7 | (?) | 8 |

(a) 110 (b) 112 (c) 113 (d) 114

94. যদি 'SELDOM'-কে '124365' দ্বারা প্রকাশ করা হয়, তবে 'ODE' শব্দটি কীভাবে প্রকাশ করবেন?
(a) 623 (b) 632 (c) 236 (d) 636

95. পাঁচ বছর আগে A ও B-র গড় বয়স ছিল 20 বছর। বর্তমানে A, B এবং C-র গড় বয়স 30 বছর। C-র বর্তমান বয়স কত?
(a) 30 বছর (b) 40 বছর (c) 45 বছর (d) 50 বছর

96. 5 টাকার শতকরা 1.25 টাকা হবে:
(a) 20% (b) 50% (c) 25% (d) 35%

97. 5K3457 রাশিটিতে 'K'-র মান কত হলে তা 11 দ্বারা সম্পূর্ণ বিভাজ্য হবে?
(a) 0 (b) 1 (c) 2 (d) 3

98. 4টে ও 5টার মধ্যে ঘড়ির দু'টি কাঁটা একসঙ্গে হবে:
(a) 4টে $21\frac{11}{9}$ মিনিটে (b) 4টে $21\frac{9}{11}$ মিনিটে (c) 4টে $20\frac{9}{11}$ মিনিটে (d) এর কোনওটিই নয়

99. $4 \times 6 \times 2 = 642$ এবং $7 \times 8 \times 5 = 875$ হলে, $9 \times 3 \times 1$ = কী হবে?
(a) 931 (b) 391 (c) 319 (d) 193

100. জল হল আকাশ, আকাশ হল বৃষ্টি, বৃষ্টি হল মেঘ, মেঘ হল জল তবে বাস্তবে মেঘ হলে কী পড়ে?
(a) বৃষ্টি (b) মেঘ (c) আকাশ (d) জল

### উত্তর

1(a), 2(a), 3(a), 4(a), 5(c), 6(a), 7(b), 8(a), 9(b), 10(c), 11(c), 12(b), 13(c), 14(a), 15(a), 16(a), 17(a), 18(c), 19(a), 20(a), 21(d), 22(b), 23(b), 24(a), 25(c), 26(a), 27(c), 28(b), 29(b), 30(b), 31(a), 32(a), 33(b), 34(b), 35(d), 36(b), 37(a), 38(c), 39(a), 40(c), 41(c), 42(d), 43(d), 44(a), 45(c), 46(d), 47(b), 48(c), 49(a), 50(d), 51(c), 52(c), 53(a), 54(b), 55(c), 56(a), 57(c), 58(b), 59(d), 60(c), 61(b), 62(a), 63(a), 64(d), 65(b), 66(d), 67(a), 68(b), 69(a), 70(b), 71(a), 72(c), 73(a), 74(c), 75(d), 76(d), 77(d), 78(c), 79(c), 80(d), 81(d), 82(d), 83(b), 84(a), 85(a), 86(b), 87(c), 88(d), 89(b), 90(b), 91(a), 92(a), 93(c), 94(b), 95(b), 96(c), 97(c), 98(b), 99(b), 100(b).

### সমাধান

71(a): জলাধারটি অর্ধপূর্ণ হতে সময় লাগে $= \left(\frac{20 \times 15}{20 - 15}\right) \times \frac{1}{2} = 30$ মিনিট।

72(c): 2 বছর আগে প্রতি কুইন্টাল চালের মূল্য ছিল
$= \left(1936 \times \frac{100}{100+10} \times \frac{100}{100+10}\right)$ টাকা
$= \left(1936 \times \frac{100}{110} \times \frac{100}{110}\right) = 1600$ টাকা

73(a): 5 টাকার নোটের সংখ্যা $= \frac{12500}{5} = 2500$
∴ ক্লাবের সদস্য সংখ্যা $= \sqrt{2500} = 50$।

74(c): বৃহত্তর সংখ্যা = $\frac{\text{বিয়োগফল} + 1}{2}$
ক্ষুদ্রতর সংখ্যা = $\frac{\text{বিয়োগফল} - 1}{2}$
∴ বৃহত্তর সংখ্যা $= \left(\frac{81+1}{2}\right) = 41$.

75(d): 10% লাভে বিক্রয়মূল্য
$= \left(228 \times \frac{100}{100-5} \times \frac{100+10}{100}\right) = \left(228 \times \frac{100}{95} \times \frac{110}{100}\right)$
$= (12 \times 22) = 264$ টাকা।

76(d): $\therefore 20\% = 80 \therefore 100\% = \left(\frac{80}{20} \times 100\right) = 400$.

77(d): 3 জন পুরুষ = 5 জন মহিলা
9 জন পুরুষ = (5 × 3) = 15 জন মহিলা
∴ নির্ণেয় সময় $= \frac{20 \times 5}{25} = 4$ দিন।

78(c): পরীক্ষার মোট নম্বর হল = (120 + 100 + 180) = 400
পাশ নম্বর $= \frac{400 \times 36}{100} = 144$
∴ নম্বর পেতে হবে = 144 − (52 + 38) = 54.

79(c): পূর্বতন ছাত্রসংখ্যা $= 66 \times \frac{100}{(100+20)} = 55$.

80(d): নির্ণেয় সুদের হার = {(200 − 100) ÷ 20} = 5%.

81(d): বাকি দিন = (30 − 20) = 10 দিন
$\frac{1}{2}$ কাজ করে = (30 × 20) জনে
∴ বাকি $\frac{1}{2}$ কাজ করবে $= \left(\frac{30 \times 20}{10}\right) = 60$ জনে
∴ অতিরিক্ত লোক = (60 − 30) = 30 জন।

82(d):

| | দুধ | : | জল |
|---|---|---|---|
| নতুন মিশ্রণে অনুপাত = 3 : 1 = | 9 | : | 3 |
| পূর্বের মিশ্রণে অনুপাত = | 7 | : | 3 |
| | 2 | | |

2 অনুপাত = 6 লিটার
∴ জল $= \left(\frac{6}{2} \times 3\right) = 9$ লিটার আছে।

83(b): $\frac{5}{8}x = \frac{5}{12}y$
or, $x : y = 2 : 3 = 2k : 3k \therefore 2k \times 3k = 9600 \therefore k = 40$
∴ বড় সংখ্যাটি হল = 3k = 3 × 40 = 120.

84(a): $\sqrt{0.09} \div \sqrt[3]{0.001}$ এর 0.2 = 0.3 ÷ 0.1 এর 0.2
= (0.3 ÷ 0.02) = (30 ÷ 2) = 15.

85(a): প্রথমটির ওজন দ্বিতীয়টির $= \left(\frac{3.5}{7.5} \times 100\right)\%$
$= \frac{140}{3}\% = 46\frac{2}{3}\%$.

86(b): 42 সংখ্যাটি 14 দ্বারা বিভাজ্য
ভাগশেষ 36-কে 14 দ্বারা ভাগ করলে অবশিষ্ট থাকবে = 8.

87(c): মধ্যবর্তী অঞ্চলের ক্ষেত্রফল $= \left(\frac{22}{7} \times 4^2 - \frac{22}{7} \times 3^2\right)$
$= \frac{22}{7}(16 - 9) = \left(\frac{22}{7} \times 7\right) = 22$ বর্গসেন্টিমিটার।

88(d): জলমিশ্রিত দুধের বিক্রয়মূল্য = (70 + 5) × 9 = 675 টাকা
∴ লাভের হার $= \left(\frac{675 - 630}{630}\right) \times 100 = \left(\frac{45}{630}\right) \times 100 = \frac{50}{7} = 7\frac{1}{7}\%$.

89(b): B-এর আয় 100 হলে, A-এর আয় = (100 + 20) = 120
B-এর আয় A-এর আয়ের চেয়ে কম $= \left(\frac{120 - 100}{120}\right) \times 100$
$= \left(\frac{20}{120} \times 100\right) = \frac{50}{3} = 16\frac{2}{3}\%$.

90(b): $a = .\dot{3}\dot{2} = 32.32 \ldots, b = \frac{1}{3} = .3333 \ldots$
$c = \sqrt{.32} = .5656, d = .32 \ldots$
.5656 > .3333 > .3232 > .32
c > b > a > d.

91(a): J 10তম বর্ণ
∴ J-এর বাঁদিকের তৃতীয় বর্ণের ডানদিকের পঞ্চদশ বর্ণ = 10 − 3 + 15 = 22তম বর্ণ = V.

92(a): উভয়ের মধ্যে 21 নভেম্বর Common
∴ সমীরের ভাইয়ের জন্মদিন = 21 নভেম্বর।

93(c): $3^2 + 4^2 = 25, 5^2 + 6^2 = 61$
একইভাবে, $7^2 + 8^2 = \boxed{113}$

94(b):

| | S | E | L | D | O | M | | O | D | E |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | | ↓ | ↓ | ↓ |
| | 1 | 2 | 4 | 3 | 6 | 5 | | 6 | 3 | 2 |

95(b): 'C'-এর বর্তমান বয়স = [30 × 3 − {(20 × 2) + 10}]
= 40 বছর।

96(c): শতকরা অংশ $= \left(\frac{1.25}{5} \times 100\right)\% = \left(\frac{125 \times 100}{100 \times 5}\right)\% = 25\%$.

97(c): (5 + 3 + 5) − (K + 4 + 7) = 0
∴ K = 2.

98(b): xটা ও (x + 1) টার মধ্যে ঘড়ির দু'টি কাঁটা একসঙ্গে হবে xটা $\frac{60}{x}$ মিনিটে,
এখানে x = 4
নির্ণেয় সময় = 4টা $\frac{60 \times 4}{11}$ মিনিটে = 4টা $21\frac{9}{11}$ মিনিটে।

100(b): মেঘ হলে বৃষ্টি পড়ে, বৃষ্টি হল মেঘ
∴ মেঘ হলে মেঘ পড়ে।

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি-র মাধ্যমে

# রাজ্য সরকারে ক্লার্ক

## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

35. ত্রিস্তর পঞ্চায়েতিরাজ ব্যবস্থার মধ্যবর্তী স্তর কোনটি?
(a) গ্রাম পঞ্চায়েত (b) জেলা পরিষদ (c) পঞ্চায়েত সমিতি (d) ইউনিয়ন বোর্ড
36. সুনামির উৎপত্তি নিম্নলিখিত কারণে:
(a) সমুদ্রতলের প্লেটের সঞ্চালন (b) সমুদ্রতলের অগ্ন্যুৎপাত (c) জোরের পরিবর্তন (d) ওপরে কোনওটিই নয়
37. ভারতীয় সংবিধানের কোন ধারাকে কেন্দ্র ও রাজ্যগুলির মধ্যে আর্থিক সম্পর্কের বিষয়ে সুপারিশ করা হয়েছে?
(a) 245 ধারা (b) 280 ধারা (c) 356 ধারা (d) 370 ধারা
38. সাইমন কমিশন নিয়োগ করা হয়েছিল:
(a) ভারতের সাংবিধানিক সংস্কারের জন্য (b) শাসন সংস্কারের জন্য (c) শিক্ষা সংস্কারের জন্য (d) জেল কোড সংস্কারের জন্য
39. ভারতে পাশ্চাত্য শিক্ষার পক্ষে কোন গভর্নর জেনারেল সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন?
(a) লর্ড কর্নওয়ালিশ (b) লর্ড বেন্টিঙ্ক (c) লর্ড রিপন (d) লর্ড কার্জন
40. কোন গভর্নর জেনারেল-এর আমলে বিধবাবিবাহ আইন প্রণীত হয়েছিল?
(a) লর্ড রিপন (b) লর্ড ক্যানিং (c) লর্ড ডালহৌসি (d) লর্ড বেন্টিঙ্ক

**Direction (41 to 45):** *Idioms/Phares*
41. Of no avail
(a) kindhearted (b) disdain (c) useless (d) profitless
42. By fits and starts
(a) consistently (b) irregularly (c) in high spirits (d) enthusiastically
43. To stand on his feet
(a) to be physically strong (b) to be independant (c) to stand erect (d) to be successful
44. A bone of contention
(a) A subject of peace (b) A subject of trade (c) A subject of dispute (d) A subject of exports
45. Turned a deaf ear
(a) paid no heed (b) went for away (c) listened carefully (d) turned his ear away

**Direction (46 to 48):** *The first and last parts of the paragraph are numbered 1 and 6. The remaining part is split into four parts and named P, Q, R, S. The correct order of the sentences is your answer.*
46. 1. Due to advancement
P. in technology the picture
Q. and clear in comparison
R. is splendid
S. quality of Camera
6. to that of older days.
(a) PQRS (b) PSQR (c) PSRQ (d) PRQS
47. 1. Your child should
P. be exposed to
Q. exposed to
R. but should not be
S. books of different choices
6. different bad habits
(a) PRSQ (b) PSRQ (c) SRQP (d) QRPS
48. 1. The number of migratory birds
P. is only about
Q. coming to Indian
R. one-third of
S. inland lakes now
6. what it was two decades back.
(a) QSPR (b) PRSQ (c) RSQP (d) QRPS

**Direction (49 to 55):** *One word substitute.*
49. One who does a thing for pleasure and not as a profession
(a) Arbitrator (b) Amateur (c) Auditor (d) Player
50. Ready to believe
(a) credulous (b) cedible (c) creditable (d) meredible
51. Words inscribed on the tomb:
(a) epitaph (b) inscription (c) dictation (d) ethos
52. Centre of attraction:
(a) cynosure (b) loss (c) custodian (d) matron
53. Hater of Mankind:
(a) Misologist (b) Misogaist (c) Misanthrope (d) Mistogynist
54. Handwriting that can be easily read:
(a) legible (b) legal (c) eligible (d) illegible
55. Government by a few people:
(a) oligarchy (b) democracy (c) plutocracy (d) monarchy

**Direction 56 to 60):** *In each of the following out of the given group of words detect the mis-spelt.*
56. (a) Municipality (b) Restourant (c) Compartment (d) None
57. (a) Nightmare (b) Unfruitfull (c) Coarse (d) Unwavering
58. (a) Abdominal (b) Clinical (c) Machemical (d) Technical
59. (a) Admiror (b) Fuspector (c) Jaior (d) Proprietor
60. (a) Allowance (b) Allusion (c) Alltogether (d) Alternative

**Direction (61 to 65):** *Sentences are given with blanks to be filled in with an appropriate word.*
61. The driver was _______ injured, he died within an hour.
(a) significantly (b) fatally (c) fatefully (d) vitally
62. Lata Mangeshkar was ______ with a natural talent for music.
(a) given (b) found (c) endowed (d) entrusted
63. Students of St. Xavier's _____ all the prizes.
(a) bear of (b) bore away (c) bore on (d) bean on
64. With danger _____ the door, you cannot sit idle.
(a) at (b) in (c) of (d) near
65. My servant _____ with all my money.
(a) have escaped (b) was run away (c) has run off (d) Running away

**Direction (66 to 70):** *Synonyms.*
66. I had a terrible dream last night and I was very much **scared**.
(a) frightened (b) excited (c) injured (d) unhappy
67. The invasion force has no artillery and was completely **annihilated**.
(a) reduced (b) destroyed (c) dismembered (d) split
68. He murdered the man without any **qualms** of conscience.
(a) hesitation (b) pang (c) excitement (d) curiosity
69. When youngsters do not have good role-models to **emulate** they start searching for them among sportsmen or filmstars.
(a) inhabit (b) imitate (c) mollify (d) modify
70. The growing **disparity** between the rich and the poor has been a cause of global concern.
(a) difference (b) diversity (c) segregation (d) inequality
71. রাম এবং শ্যাম একই স্থানে পৌঁছানোর জন্য বাড়ি থেকে বের হয়। রাম ঘণ্টায় 3 কিমি গতিতে এবং শ্যাম ঘণ্টায় 3.75 কিমি গতিতে যাত্রা করে। শ্যাম রামের থেকে আধঘণ্টা আগে গন্তব্যস্থলে পৌঁছায়। গন্তব্যস্থলের দূরত্ব কত ছিল?
(a) 7.5 কিমি (b) 8.5 কিমি (c) 9.5 কিমি (d) 10 কিমি
72. রাজীব বাড়ি থেকে 1 কিমি দূরে রেলস্টেশন থেকে 10 মিনিট পরে ছাড়বে এমন ট্রেনকে ধরার জন্য প্রথমে কিছুটা পথ ঘণ্টায় 4 কিমি গতিতে হেঁটে এবং অবশিষ্ট পথ 8 কিমি গতিতে রিকশায় গিয়ে যথাসময়ে স্টেশনে গিয়ে পৌঁছয়। ওই ব্যক্তি কতটা পথ রিকশায় গিয়েছিল?
(a) $\frac{1}{3}$ কিমি (b) $\frac{2}{3}$ কিমি (c) $\frac{1}{2}$ কিমি (d) $\frac{3}{4}$ কিমি
73. একটি ট্রেন রামপুরহাট স্টেশন থেকে কলকাতা পৌঁছানোর জন্য 50 কিমি গতিতে চললে নির্ধারিত সময় অপেক্ষা 5 মিনিট দেরিতে পৌঁছয় এবং 40 কিমি গতিতে চললে 11 মিনিট দেরিতে পৌঁছয়। রামপুরহাট স্টেশন থেকে কলকাতা পৌঁছানোর জন্য কত সময় লাগে?
(a) 19 মিনিট (b) 21 মিনিট (c) 23 মিনিট (d) 25 মিনিট
74. রাম ও রহিম দু'জন সাইকেল আরোহী হাওড়া ও বেলেঘাটা থেকে যাত্রা শুরু করে একসঙ্গে মিলিত হওয়ার উদ্দেশ্যে। হাওড়া থেকে বেলেঘাটার দূরত্ব 95 কিমি। রাম সকাল 8টায় ঘণ্টায় 10 কিমি গতিতে এবং রহিম সকাল 9.30 টায় ঘণ্টায় 15 কিমি গতিতে যাত্রা শুরু করে। কখন দু'জনে একত্রে মিলিত হবে?
(a) 12.40 মিনিটে (b) 12.42 মিনিটে (c) 12.46 মিনিটে (d) 12.50 মিনিটে
75. A এর গতি ঘণ্টায় 20 কিমি। A যাত্রা শুরু করে 2 কিমি পথ অতিক্রম করার পর B যাত্রা শুরু করে 10 মিনিটে A-কে ধরে ফেলে। B-এর গতি ঘণ্টায় কত ছিল?
(a) 30 কিমি (b) 32 কিমি (c) 35 কিমি (d) 39 কিমি
76. একটি নল দ্বারা একটি চৌবাচ্চা 16 মিনিটে জলপূর্ণ হয়। নল দ্বারা চৌবাচ্চায় যতটা জল প্রবেশ করে তার $\frac{1}{5}$ অংশ চৌবাচ্চার নীচের ছিদ্র দিয়ে প্রতি মিনিটে বের হয়ে যায়। চৌবাচ্চাটি জলপূর্ণ হতে কত সময় লাগবে?
(a) 20 মিনিট (b) 30 মিনিট (c) 40 মিনিট (d) 50 মিনিট
77. একটি জলাধার তিনটি নল A, B এবং C একত্রে 6 ঘণ্টায় পূর্ণ করতে পারে। কাজটি শুরু করার 2 ঘণ্টা পর C নলটি বন্ধ করে দেওয়া হয় এবং A ও B একত্রে আরও 7 ঘণ্টায় জলাধারটি পূর্ণ করল। C একা কত সময়ে জলাধারটি পূর্ণ করতে পারবে?
(a) 10 ঘণ্টায় (b) 12 ঘণ্টায় (c) 14 ঘণ্টায় (d) 16 ঘণ্টায়
78. P, Q এবং R তিনটি নল একটি চৌবাচ্চাকে যথাক্রমে 20 মিনিট, 15 মিনিট এবং 12 মিনিটে পূর্ণ করতে পারে। যদি তিনটি নল একসঙ্গে খুলে দেওয়া হয়, তবে চৌবাচ্চাটির 40% জলপূর্ণ হতে মোট কত সময় লাগবে?
(a) 5 মিনিট (b) 4 মিনিট (c) 3 মিনিট (d) 2 মিনিট
79. দু'টি নল দ্বারা একটি চৌবাচ্চা পূর্ণ করতে যত সময় লাগে, শুধুমাত্র প্রথম নল দ্বারা ওই চৌবাচ্চা পূর্ণ করতে তার থেকে $2\frac{1}{2}$ মিনিট বেশি সময় লাগে এবং শুধুমাত্র দ্বিতীয় নল দ্বারা ওই চৌবাচ্চা পূর্ণ করতে প্রথম ও দ্বিতীয় নলের একত্রিত সময় থেকে 10 মিনিট বেশি সময় লাগে। নল দু'টি একত্রে খুলে দিলে চৌবাচ্চাটি জলপূর্ণ হতে কত সময় লাগবে?
(a) 25 মিনিট (b) 10 মিনিট (c) 15 মিনিট (d) 20 মিনিট
80. একটি চৌবাচ্চার A ও B নল একত্রে 12 ঘণ্টায়, B ও C নল একত্রে 8 ঘণ্টায় এবং C ও A নল একত্রে 6 ঘণ্টায় পূর্ণ করে। তবে A, B এবং C নল পৃথকভাবে কত সময়ে চৌবাচ্চাটি পূর্ণ করবে?
(a) 16 ঘণ্টায়, 12 ঘণ্টায় এবং $9\frac{3}{5}$ ঘণ্টায় (b) 16 ঘণ্টায়, 48 ঘণ্টায় এবং $9\frac{3}{5}$ ঘণ্টায়
(c) 10 ঘণ্টায়, 48 ঘণ্টায় এবং 2 ঘণ্টায় (d) 16 ঘণ্টায়, 48 ঘণ্টায় এবং $9\frac{3}{5}$ ঘণ্টায়
81. $2 + 4 + 6 + ... + 50$ এই সংখ্যা শ্রেণির যোগফল কত?
(a) 660 (b) 680 (c) 620 (d) 650
82. $59^{[illegible]} + 2$-কে 58 দ্বারা ভাগ করলে কত অবশিষ্ট থাকে?
(a) 1 (b) 2 (c) 3 (d) 4
83. পরস্পর দু'টি সংখ্যার বর্গের পার্থক্য 81 হলে, বৃহত্তর সংখ্যাটি কত?
(a) 39 (b) 40 (c) 41 (d) 42
84. তিনটি সংখ্যার অনুপাত 2 : 3 : 7 এবং তাদের ল.সা.গু. 252। গ.সা.গু. কত হবে?
(a) 7 (b) 4 (c) 6 (d) 3
85. তিনটি সংখ্যার অনুপাত 5 : 7 : 9 এবং তাদের গ.সা.গু. 45। বৃহত্তম সংখ্যাটি কত হবে?
(a) 405 (b) 225 (c) 315 (d) 945
86. 12 : 18 ও 21 : 18 এই দু'টির মধ্যে কোন অনুপাতটি সর্বাধিক?
(a) 12 : 18 (b) 21 : 18 (c) দু'টিই সমান (d) কোনওটিই নয়
87. 8 ও 72-এর মধ্যে সমানুপাত হল:
(a) 24 (b) 40 (c) 16 (d) 32
88. কোনটি সবচেয়ে বড়?
(a) $\frac{13}{11}$ (b) $\frac{15}{10}$ (c) $\frac{11}{9}$ (d) $\frac{12}{10}$
89. নীচের কোনটি সর্বনিম্ন?
(a) $\frac{14}{15}$ (b) 57 (c) 49 (d) 3
90. 8 জন সদস্যের একটি পরিবারে বাবা, মা ও বড় ছেলের আয় যথাক্রমে 6000, 4000 ও 2000 টাকা হলে পরিবারের একজন সদস্যের গড় আয় কত?
(a) 1280 টাকা (b) 1500 টাকা (c) 1390 টাকা (d) 1525 টাকা
91. 10টি চেয়ার ও 6টি টেবিলের মূল্য 30 টাকা। যদি টেবিলের গড়মূল্য 50 টাকা হয় তবে চেয়ারের গড় মূল্য কত?
(a) 24 টাকা (b) 18 টাকা (c) 1925 টাকা (d) 16.80 টাকা
92. কোনও ব্যক্তি 6 কিমি দূরত্ব 4 কিমি/ঘণ্টা গতিবেগে অতিক্রম করে এবং 4 কিমি দূরত্ব 3 কিমি/ঘণ্টা গতিবেগে অতিক্রম করে। ওই ব্যক্তির গড় গতিবেগ কত?
(a) $4\frac{1}{17}$ কিমি/ঘণ্টা (b) $3\frac{9}{17}$ কিমি/ঘণ্টা (c) $2\frac{9}{17}$ কিমি/ঘণ্টা (d) $6\frac{1}{3}$ কিমি/ঘণ্টা
93. A, B, C-র গড় বয়স 36 বছর। যদি B ও C-এর গড় বয়স 30 বছর ও B এর বয়স 22 বছর হয় তবে A ও C-র বয়সের যোগফল কত?
(a) 68 বছর (b) 86 বছর (c) 58 বছর (d) 61 বছর
94. তিনটি নির্দিষ্ট সংখ্যার গড় 12 এবং তাদের মধ্যে সবচেয়ে ছোট 4, তাহলে সর্বোচ্চ সংখ্যাটি হতে পারে:
(a) 27 (b) 18 (c) 17 (d) 16
95. $1\frac{1}{5} + 2\frac{2}{5} + 3\frac{10}{25} = ?$
(a) 6 (b) 7 (c) 5 (d) 4
96. $0.11 + 0.19 \times 0.5 = ?$
(a) 0.105 (b) 0.205 (c) 0.305 (d) 0.215
97. $50 \div 5 \div 5 = ?$
(a) 2 (b) 10 (c) 5 (d) 4
98. $6 \times 6 = 35$, $14 \times 14 = ?$
(a) 195 (b) 196 (c) 144 (d) 143
99. $(242 - 17) - (7 \times 5) = ?$
(a) 190 (b) 192 (c) 227 (d) 150
100. $\frac{187}{17} \times \frac{196}{14} \times \frac{1}{11} = ?$
(a) 18 (b) 14 (c) 17 (d) 13

### উত্তর

1(d), 2(c), 3(a), 4(d), 5(b), 6(b), 7(c), 8(c), 9(b), 10(b), 11(d), 12(a), 13(c), 14(b), 15(c), 16(c), 17(a), 18(b), 19(a), 20(c), 21(c), 22(a), 23(a), 24(d), 25(c), 26(a), 27(b), 28(a), 29(b), 30(a), 31(d), 32(a), 33(a), 34(c), 35(c), 36(a), 37(b), 38(a), 39(b), 40(c), 41(c), 42(b), 43(b), 44(c), 45(a), 46(c), 47(b), 48(a), 49(b), 50(d), 51(a), 52(a), 53(c), 54(a), 55(a), 56(d), 57(b), 58(c), 59(a), 60(c), 61(b), 62(c), 63(b), 64(a), 65(c), 66(d), 67(d), 68(b), 69(b), 70(d), 71(a), 72(b), 73(a), 74(b), 75(b), 76(a), 77(c), 78(d), 79(a), 80(b), 81(d), 82(c), 83(c), 84(c), 85(a), 86(b), 87(a), 88(b), 89(a), 90(b), 91(b), 92(b), 93(b), 94(a), 95(b), 96(b), 97(a), 98(a), 99(a), 100(b).

### সমাধান

71(a): গন্তব্যস্থলের দূরত্ব $= \frac{\text{দু'টি গতির গুণফল}}{\text{দু'টি গতির পার্থক্য}} \times$ সময় পার্থক্য

$= \left[\frac{3 \times 3.75}{(3.75 - 3)} \times \frac{30}{60}\right]$ কিমি $= \frac{3 \times 3.75}{.75} \times \frac{30}{60}$ কিমি

$= \frac{3 \times 375}{75} \times \frac{30}{60}$ কিমি $= \frac{15}{2} = 7.5$ কিমি

∴ নির্ণেয় গন্তব্যস্থলের দূরত্ব 7.5 কিমি।

72(b): 10 মিনিটে 1 কিমি অর্থাৎ ঘণ্টায় গড় গতি $= (60 \div 10) = 6$ কিমি

∴ তাহলে দু'টি পথের সময়ের অনুপাত $= (8 - 6) : (6 - 4) = 1 : 1$

∴ রিকশায় 5 মিনিটে পথ যায় $= \left(8^2 \times \frac{5}{60}\right)$ কিমি $= \frac{2}{3}$ কিমি।

73(a): রামপুরহাট থেকে কলকাতা স্টেশনের দূরত্ব $= \left(\frac{50 \times 40}{50 - 40}\right) \times \left(\frac{11 - 5}{60}\right)$ কিমি $= 20$ কিমি

∴ 40 কিমি গতিতে চললে 20 কিমি যেতে সময় লাগে $= \left(60 \times \frac{20}{40}\right)$ মিনিট $= 30$ মিনিট

এরপর তেরোর পাতায়

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

### পি এস সি-র মাধ্যমে

## রাজ্য সরকারে ক্লার্ক

### পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*বারোর পাতার পর*

∴ রামপুরহাট স্টেশন থেকে কলকাতা পৌঁছতে সময় লাগে = (30 – 11) মিনিট = 19 মিনিট।

74(b): সকাল 9.30 টায় রাম ও রহিমের মধ্যে দূরত্ব $= 95 - \left(10 \times 1\frac{1}{2}\right)$ কিমি = 80 কিমি

∴ রাম ও রহিম একত্রে মিলিত হবে $= 9.30 + \left(\frac{80}{10+15}\right)$ ঘণ্টা $= 9.30 + \frac{80}{25}$ ঘণ্টা = 9.30 + 3 ঘণ্টা 12 মিনিট = 12টা 42 মিনিট।

75(b): A অপেক্ষা B-এর গতি ঘণ্টায় বেশি $= \left(\frac{2 \times 60}{10}\right)$ কিমি = 12 কিমি

∴ B-এর গতিবেগ ঘণ্টায় = (20 + 12) = 32 কিমি।

76(a): প্রশ্নানুসারে চৌবাচ্চাটি 16 মিনিটে পূর্ণ হয়।

চৌবাচ্চাটির $\frac{1}{5}$ অংশ জল ছিদ্র দিয়ে বেরিয়ে যায়

∴ ভর্তি থাকে $= \left(1 - \frac{1}{5}\right)$ অংশ $\frac{4}{5}$ অংশ

অর্থাৎ $\frac{4}{5}$ অংশ ভর্তি হয় 16 মিনিটে

1 অংশ ভর্তি হয় $\frac{16 \times 5}{4}$ মিনিটে = 20 মিনিটে

∴ চৌবাচ্চাটি ভর্তি হতে 20 মিনিট সময় লাগবে।

77(c): A, B, C তিনটি নল জলাধারকে 1 ঘণ্টায় পূর্ণ করে $\frac{1}{6}$ অংশ

∴ 2 ঘণ্টায় পূর্ণ করে $\frac{1}{3}$ অংশ ∴ বাকি থাকে $= \left(1 - \frac{1}{3}\right)$ অংশ $= \frac{2}{3}$ অংশ

∴ $\frac{2}{3}$ অংশ = 7 ঘণ্টা ∴ 1 অংশ $= \frac{3 \times 7}{2}$ ঘণ্টা $= \frac{21}{2}$ ঘণ্টা

A ও B $\frac{21}{2}$ ঘণ্টায় পূর্ণ করে 1 অংশ ∴ 1 ঘণ্টায় পূর্ণ করে $\frac{2}{21}$ অংশ

∴ C একা 1 ঘণ্টায় পূর্ণ করে $= \left(\frac{1}{6} - \frac{2}{21}\right)$ অংশ $= \frac{21-12}{126}$ অংশ $= \frac{9}{126}$ অংশ

$= \frac{1}{14}$ অংশ ∴ C একা $\frac{1}{14}$ অংশ পূর্ণ করে 1 ঘণ্টায়

1 অংশ পূর্ণ করে 14 ঘণ্টায়

∴ C একা জলাধারকে 14 ঘণ্টায় পূর্ণ করতে পারবে।

78(d): P 1 মিনিটে পূর্ণ করে চৌবাচ্চার $= \frac{1}{20}$ অংশ

Q 1 মিনিটে পূর্ণ করে চৌবাচ্চার $= \frac{1}{15}$ অংশ

R 1 মিনিটে পূর্ণ করে চৌবাচ্চার $= \frac{1}{12}$ অংশ

∴ P + Q + R 1 মিনিটে পূর্ণ করে চৌবাচ্চার $= \left(\frac{1}{20} + \frac{1}{15} + \frac{1}{12}\right)$ অংশ

$= \frac{3+4+5}{60} = \frac{12}{60} = \frac{1}{5}$ অংশ, $40\% = \frac{40}{100} = \frac{2}{5}$ অংশ

$\frac{1}{5}$ অংশ পূর্ণ হতে সময় লাগে 2 মিনিট

1 অংশ পূর্ণ হতে সময় লাগে 5 মিনিট

∴ $\frac{2}{5}$ অংশ পূর্ণ হতে সময় লাগে $\frac{5 \times 2}{5} = 2$ মিনিট।

79(a): দু'টি নল একসঙ্গে খুলে দিলে চৌবাচ্চা পূর্ণ হতে সময় লাগবে $= \sqrt{\frac{5}{2} \times 10^5}$ মিনিট = 25 মিনিট।

80(b): শুধুমাত্র A নল দিয়ে চৌবাচ্চা পূর্ণ হয় $= \frac{2 \times 12 \times 8 \times 6}{12 \times 8 + 8 \times 6 - 12 \times 6}$ ঘণ্টায়

$= \frac{2 \times 12 \times 8 \times 6}{96 + 48 - 72}$ ঘণ্টায় $= \frac{2 \times 12 \times 8 \times 6}{72}$ ঘণ্টায় = 16 ঘণ্টায়

শুধুমাত্র B নল দিয়ে চৌবাচ্চা পূর্ণ হয় $\frac{2 \times 12 \times 8 \times 6}{8 \times 6 + 12 \times 6 - 12 \times 8}$ ঘণ্টায়

$= \frac{2 \times 12 \times 8 \times 6}{48 + 72 - 96}$ ঘণ্টায় $= \frac{2 \times 12 \times 8 \times 6}{24}$ ঘণ্টায় = 48 ঘণ্টায়

শুধুমাত্র C নল দিয়ে চৌবাচ্চা পূর্ণ হবে $= \frac{2 \times 12 \times 8 \times 6}{12 \times 6 + 12 \times 8 - 8 \times 6}$ ঘণ্টায়

$= \frac{2 \times 12 \times 8 \times 6}{72 + 96 - 48}$ ঘণ্টায় $= \frac{2 \times 12 \times 8 \times 6}{120}$ ঘণ্টায় $= \frac{48}{5} = 9\frac{3}{5}$ ঘণ্টায়।

81(d): সংখ্যা শ্রেণির যোগফল = প্রথম সংখ্যা + শেষ সংখ্যা $\times \frac{N}{2}$

এখানে N = 25, কারণ 2 থেকে 50 পর্যন্ত জোড়সংখ্যা 25টি

$(2 + 50) \times \frac{25}{2} = 52 \times \frac{25}{2} = 26 \times 25 = 650.$

82(c): $(59^{59} + 2)$-কে 58 দিয়ে ভাগ করলে অবশিষ্ট থাকে $= 1^{59} + 2 = 1 + 2 = 3.$

83(c): পরপর দু'টি সংখ্যার বর্গের পার্থক্য 81

∴ বৃহত্তম সংখ্যা $= \frac{81+1}{2} = 41.$

84(c): গ.সা.গু. = ল.সা.গু. = অনুপাতের ল.সা.গু. = 252 ÷ 42(2, 3 এবং 7 এর ল.সা.গু.) = 6.

85(a): বৃহত্তর সংখ্যা = গ.সা.গু. × বৃহত্তম অনুপাত = 45 × 9 = 405.

86(b): $12 : 18 = 2 : 3 = \frac{2}{3} = 0.667$ $21 : 18 = 7 : 6 = \frac{7}{6} = 1.167$

∴ 21 : 18 এটি বৃহত্তর।

87(a): 8 : x = x : 72

বা, $\frac{8}{x} = \frac{x}{72}$ বা, $x^2 = 72 \times 8 = 576$ বা, x = 24.

88(b): $\frac{13}{11} = 1.182$, $\frac{15}{10} = 1.5$, $\frac{11}{9} = 1.22$, $\frac{12}{10} = 1.2$

∴ $\frac{15}{10}$ ভগ্নাংশটি বৃহত্তম।

90(b): বাবা, মা ও বড় ছেলের মোট আয় = 6000 + 4000 + 2000 = 12000 টাকা

∴ 8 জনের গড় আয় $= \frac{12000}{8} = 1500$ টাকা।

91(b): ধরি 10টি চেয়ারের গড় মূল্য x টাকা

6টি চেয়ারের মোট দাম 6 × 50 = 300 টাকা

প্রশ্নানুসারে, 10x + 300 = (10 + 6) × 30

বা, 10x + 300 = 16 × 30 বা, 10x = 480 – 300

বা, $x = \frac{180}{10}$, x = 18.

92(b): 4 কিমি দূরত্ব যায় 1 ঘণ্টায়

1 কিমি দূরত্ব যায় $\frac{1}{4}$ ঘণ্টায়

6 কিমি দূরত্ব যায় $\frac{1}{4} \times 6$ ঘণ্টায় $= \frac{3}{2}$ ঘণ্টায়

আবার, 3 কিমি দূরত্ব যায় 1 ঘণ্টায়

1 কিমি দূরত্ব যায় $\frac{1}{3}$ ঘণ্টায়

4 কিমি দূরত্ব যায় $\frac{4}{3}$ ঘণ্টায়

মোট সময় $= \frac{3}{2} + \frac{4}{3} = \frac{17}{6}$ ঘণ্টা

মোট দূরত্ব 6 + 4 = 10 কিমি

∴ গড় গতিবেগ $= 10 \times \frac{6}{17} = \frac{60}{17} = 3\frac{9}{17}$ কিমি/ঘণ্টা।

93(b): A, B ও C-এর বয়সের সমষ্টি 36 × 3 = 108 বছর

B ও C-এর বয়সের সমষ্টি 30 × 2 = 60 বছর

∴ A-এর বয়স (108 – 60) = 48 বছর

C-এর বয়স 60 – 22 = 38 বছর

A ও C-এর বয়সের যোগফল = 48 + 38 = 86 বছর।

94(a): তিনটি সংখ্যার সমষ্টি = 12 × 3 = 36

বাকি সংখ্যাদু'টির যোগফল = 36 – 4 = 32

32 = 5 + 27 ∴ বড় সংখ্যাটি হবে 27।

95(b): $1\frac{1}{5} + 2\frac{2}{5} + 3\frac{10}{25} = \frac{6}{5} + \frac{12}{5} + \frac{85}{25} = \frac{30+60+85}{25} = \frac{175}{25} = 7.$

96(b): $0.11 + 0.19 \times 0.5 = \frac{11}{100} + \frac{19}{100} \times \frac{5}{10} = \frac{11}{100} + \frac{95}{1000}$ $= \frac{110+95}{1000} = \frac{205}{1000} = 0.205.$

97(a): 50 ÷ 5 ÷ 5 = 10 ÷ 5 = 2.

99(a): (247 – 17) – (7 × 5) = 225 – 35 = 190.

100(b): $\frac{187}{17} \times \frac{196}{14} \times \frac{1}{11} = 14.$

*প্রস্তুত করেছেন: অভিষেক রায়*

## সাধারণ জ্ঞানের প্রশ্নোত্তর

1. চিরহরিৎ অরণ্য অঞ্চলের একটি গাছের উদাহরণ হল:
(a) গর্জন (b) সেগুন (c) শাল (d) সুন্দরী

2. 'ভারত ভারতবাসীর জন্য' —এই রাজনৈতিক উক্তিটি কার?
(a) মহাত্মা গান্ধী (b) দয়ানন্দ সরস্বতী (c) স্বামী বিবেকানন্দ (d) লাল বাহাদুর শাস্ত্রী

3. 'নারায়ণহিতি রাজপ্রাসাদ' কোথায় অবস্থিত?
(a) কলম্বো (b) কাঠমান্ডু (c) কোচবিহার (d) বর্ধমান

4. ভারতীয় ডাক বিভাগের নতুন অ্যাপ 'DARPAN'-এর পুরো কথা হল:
(a) Digital Application for Rural Post office for A New India (b) Digital Agreement of Rural Post office for A New India (c) Digital Advancement of Rural Post office for A New India (d) Digital Affiliation of Rural Post office for A New India

5. বায়ুমণ্ডলের শীতলতম অঞ্চল হল:
(a) স্ট্র্যাটোপজ (b) থার্মোপজ (c) মেসোপজ (d) ট্রোপোপজ

6. নীচের কোন অঞ্চলটি জাহাজ শিল্পের সঙ্গে যুক্ত?
(a) তাজপুর (b) গার্ডেনরিচ (c) বজবজ (d) চিত্তরঞ্জন

7. 'PASSEX-2018' যৌথ সামরিক মহড়ায় ভারতের সঙ্গে কোন দেশ অংশগ্রহণ করে?
(a) জাপান (b) ইন্দোনেশিয়া (c) সিঙ্গাপুর (d) কানাডা

8. পৃথিবীর প্রাচীনতম দলগত খেলা কোনটি?
(a) রাগবি (b) ফুটবল (c) পোলো (d) ভলিবল

9. 'প্যারাট্রুপার ট্রেনিং স্কুল' কোন রাজ্যে অবস্থিত?
(a) ঝাড়খণ্ড (b) উত্তরপ্রদেশ (c) হিমাচল প্রদেশ (d) সিকিম

10. 1992 থেকে 1997 সময়কালে ভারতের রাষ্ট্রপতি ছিলেন:
(a) প্রতিভা পাটিল (b) ডঃ শঙ্করদয়াল শর্মা (c) আর বেঙ্কটরমন (d) কে আর নারায়ণ

11. 'দ্য চাইল্ড' কবিতার বইটি কার লেখা?
(a) সত্যজিৎ রায় (b) রবীন্দ্রনাথ ঠাকুর (c) সুকুমার রায় (d) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

12. অলিম্পিক গেমসের প্রতীকে কোন রঙের বৃত্ত অস্ট্রেলিয়া মহাদেশকে নির্দেশ করে?
(a) লাল (b) সবুজ (c) হলুদ (d) কালো

13. 'ফ্রিয়ন' হল:
(a) ক্লোরোফ্লুরোকার্বন (b) ফেরাস সালফেট (c) ফ্লোরাইড (d) হাইড্রোকার্বন

14. ভারতে ক'টি পিনকোড অঞ্চল আছে?
(a) 8 (b) 9 (c) 7 (d) 6

15. 'মনসবদারি প্রথা' কে প্রবর্তন করেন?
(a) আকবর (b) শিবাজি (c) মহম্মদ বিন তুঘলক (d) শের শাহ

16. 'কলকাতার যিশু' কবিতাটি কার লেখা?
(a) মল্লিকা সেনগুপ্ত (b) শক্তি চট্টোপাধ্যায় (c) জয় গোস্বামী (d) নীরেন্দ্রনাথ চক্রবর্তী

17. 'পটলডাঙা অ্যাকাডেমি'-এর বর্তমান নাম কী?
(a) হেয়ার স্কুল (b) হিন্দু কলেজ (c) স্কটিশচার্চ কলেজ (d) বিনোদিনী গার্লস হাইস্কুল

18. 2018 সালের 'World Antibiotic Awareness Week' পালিত হল:
(a) 12-18 নভেম্বর (b) 10-16 নভেম্বর (c) 11-17 নভেম্বর (d) 18-24 নভেম্বর

19. বিজ্ঞানী টরিসেলি নীচের কোন যন্ত্রটি আবিষ্কার করেন?
(a) অ্যাভাপোমিটার (b) অ্যামিটার (c) ব্যারোমিটার (d) ল্যাক্টোমিটার

20. বাবাবুদান পাহাড় কোন রাজ্যে অবস্থিত?
(a) কেরল (b) ওড়িশা (c) বিহার (d) কর্নাটক

21. ল্যাটেরাইট মাটির স্থানীয় নাম হল:
(a) ভাঙ্গর (b) খাদার (c) মোরাম (d) রেগুর

22. 'গো সমৃদ্ধি প্লাস স্কিম' চালু করল কোন রাজ্য সরকার?
(a) কেরল (b) উত্তরপ্রদেশ (c) উত্তরাখণ্ড (d) পাঞ্জাব

23. ভারতের আয়ুর্বেদ দিবসের এবছরের থিম হল:
(a) Ayurveda for good health (b) Ayurveda for people health (c) Ayurveda for Indian (d) Ayurveda for public health

24. বায়ুসেনার সামরিক মহড়া 'ইন্দ্র ধনুষ' (Rainbow)-এ কোন কোন দেশ অংশগ্রহণ করে?
(a) ভারত ও ব্রিটেন (b) ভারত ও মালয়েশিয়া (c) ভারত ও ফ্রান্স (d) ভারত ও রাশিয়া

25. 'ইন্টারন্যাশনাল ওয়াটার কালার ফেস্টিভ্যাল' কোথায় অনুষ্ঠিত হল?
(a) বেঙ্গালুরু (b) দিল্লি (c) রাঁচি (d) কলকাতা

26. 'শ্রীকৃষ্ণের শেষ কটা দিন' বইটির লেখক হলেন:
(a) সঞ্জীব চট্টোপাধ্যায় (b) সঙ্গীতা বন্দোপাধ্যায় (c) নৃসিংহ প্রসাদ ভাদুড়ী (d) সতীনাথ ভাদুড়ী

27. দ্রোণাচার্য শ্রীনিবা রাও কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) বক্সিং (b) কুস্তি (c) টেবিল টেনিস (d) সাঁতার

28. নীচের কোনটিতে আলোকীয় ঘনত্ব সবচেয়ে বেশি?
(a) বরফ (b) কাচ (c) হিরে (d) জল

29. 2019 সালে প্রজাতন্ত্র দিবসের প্রধান অতিথি ছিলেন:
(a) ভেনেজুয়েলার প্রধানমন্ত্রী (b) দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রপতি (c) কাতারের রাষ্ট্রপতি (d) বাংলাদেশের প্রধানমন্ত্রী

30. DNES কথার পূর্ণরূপ হল:
(a) Department of News Sources (b) Department of Northern Engineer Service (c) Department of Nuclear Energy Sources (d) Department of Non-Energy Sources

31. কোনও রাজ্যের রাজ্যপালকে শপথ বাক্য পাঠ করান কে?
(a) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (b) রাজ্যের হাইকোর্টের প্রধান বিচারপতি (c) বিধানসভার অধ্যক্ষ (d) রাষ্ট্রপতি

32. 'রয়্যাল ডিজিজ' কাকে বলা হয়?
(a) হান্টিংটনস (b) অ্যানিমিয়া (c) হিমোফিলিয়া (d) থ্যালাসেমিয়া

33. কেন্দ্রীয় সরকারের 'লক্ষ্য স্কিম'-এর উদ্দেশ্য হল:
(a) কৃষিজ পণ্যের উন্নতি (b) শিশু শিক্ষার উন্নতি (c) মাতৃত্বকালীন স্বাস্থ্যের উন্নতি (d) দরিদ্রদের স্বাস্থ্যের উন্নতি

### উত্তর

1(a), 2(b), 3(b), 4(c), 5(c), 6(b), 7(b), 8(c), 9(b), 10(b), 11(b), 12(b), 13(a), 14(a), 15(a), 16(d), 17(a), 18(a), 19(c), 20(d), 21(c), 22(a), 23(d), 24(a), 25(c), 26(a), 27(c), 28(c), 29(b), 30(d), 31(b), 32(c), 33(c).

*প্রস্তুত করেছেন: পলাশ কান্তি মণ্ডল*

পেশাপ্রবেশ
চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী
প্রতিমাসেই বেরনো মাত্র ফুরিয়ে যায়, কারণ:
- 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার উৎকৃষ্ট ফসল।
- 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয়ও সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।
ফুরোবার আগেই সংগ্রহ করুন।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কেন্দ্রীয় সরকারে ৯৬৫ ডাক্তার

*প্রথম পাতার পর*

মেডিক্যাল অফিসার ইন দ্য রেলওয়েজ: মোট শূন্যপদ ৩০০। এর মধ্যে ১২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। অ্যাসিস্ট্যান্ট মেডিক্যাল অফিসার ইন ইন্ডিয়ান অর্ডন্যান্স ফ্যাক্টরিজ হেলথ সার্ভিসেস: মোট শূন্যপদ ৪৬। এর মধ্যে ২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। জুনিয়র স্কেল পোস্টস ইন সেন্ট্রাল হেলথ সার্ভিসেস: মোট শূন্যপদ ২৫০। এর মধ্যে ৩টি শূন্যপদ দৃষ্টি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, ২টি করে শূন্যপদ চলাফেরায় প্রতিবন্ধকতা আছে এবং একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার ইন নিউ দিল্লি মিউনিসিপ্যাল কাউন্সিল: মোট শূন্যপদ ৭টি। জেনারেল ডিউটি মেডিক্যাল গ্রেড টু ইন ইস্ট, নর্থ অ্যান্ড সাউথ দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশন: মোট শূন্যপদ ৩৬২। এর মধ্যে ৮টি শূন্যপদ চলাফেরায় প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থী এবং ৬টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত, শ্রবণ সংক্রান্ত প্রতিবন্ধী ও একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

প্রবেশন অ্যাসিস্ট্যান্ট ডিভিশনাল মেডিক্যাল অফিসারের ক্ষেত্রে ১ বছর এবং বাকি পদগুলির ক্ষেত্রে ২ বছর।

**বয়স**: ১-৮-২০১৯ তারিখে ৩২ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা সর্বাধিক ১০ বছর বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে কম্পিউটার-ভিত্তিক লিখিত পরীক্ষা (৫০০ নম্বর) ও পার্সোন্যালিটি টেস্টের (১০০ নম্বর) মাধ্যমে। লিখিত পরীক্ষায় থাকবে দুটি পত্র। প্রথম পত্রে (কোড নম্বর ১) জেনারেল মেডিসিন ও পেডিয়াট্রিক্স এবং দ্বিতীয় পত্রে (কোড নম্বর ২) সার্জারি, গাইনিকোলজি অ্যান্ড অবস্টেট্রিক্স ও প্রিভেন্টিভ অ্যান্ড সোশ্যাল মেডিসিন বিষয়ে প্রশ্ন থাকবে। প্রতি পত্রে নম্বর ২৫০ ও সময় ২ ঘন্টা। নেগেটিভ মার্কিং থাকবে। লিখিত পরীক্ষায় সফল হলে নেওয়া হবে ১০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.upsconline.nic.in

অনলাইনে দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in ৬ মে পর্যন্ত অনলাইনে দরখাস্ত করা যাবে। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইনে দরখাস্ত পূরণের সময় প্রার্থীর জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা ফটো ও সই (উভয়ই ২০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ পে-ইন-স্লিপের মাধ্যমে নগদ ২০০ টাকা জমা দিতে হবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। এছাড়া অনলাইনে নেট ব্যাঙ্কিং ব্যবস্থায় অথবা ভিসা বা মাস্টার বা রুপে ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমেও ফি দেওয়া যাবে। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি লাগবে না। অনলাইনে ফি দিলে ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। ফি জমা দেওয়ার শেষ তারিখ ৬ মে। অফলাইনে নগদে ফি জমা দিতে চাইলে পে-ইন-স্লিপ ডাউনলোড করতে হবে ৫ মে-র মধ্যে। ফি-সহ পে-ইন-স্লিপ জমা দিতে হবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়।

অনলাইনে দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলির যে-কোনও একটিতে: (০১১) ২৩৩৮-৫২৭১/১১২৫।

## ফল বেরোল

**ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন দ্বারা পরিচালিত ক্লার্ক পদে** নিয়োগের মেন এক্সামিনেশনের ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.ibps.in

# অ্যাটমিক রিসার্চ সেন্টারে ১৩০ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ

১৩০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিস-শিপ ট্রেনিং দেবে তামিলনাড়ুর কলপক্কমের ইন্দিরা গান্ধি সেন্টার ফর অ্যাটমিক রিসার্চ। এটি কেন্দ্রের অ্যাটমিক এনার্জি দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রে-ন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ এবং অ্যাপ্রেন্টিস-শিপ রুলস, ১৯৯১ অনুসারে প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: 01/2019.

**ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ**: ফিটার: ৩০টি, টার্নার: ৫টি, মেশিনিস্ট: ৫টি, ইলেক্ট্রিশিয়ান: ২৫টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৭টি, ইলেক্ট্রনিক মেকানিক: ১০টি, ইনস্ট্রুমেন্ট মেকানিক: ১২টি, ড্রাফটসম্যান (মেকানি-ক্যাল): ৮টি, ড্রাফটসম্যান (সিভিল): ২টি, মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং: ৮টি, কার্পেন্টার: ৪টি, মেকানিক্যাল মেশিন টুল মেইন্টেন্যান্স: ২টি, প্লাম্বার: ২টি, মেসন/সিভিল মিস্ত্রি: ২টি, বুক বাইন্ডার: ১টি, প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট: ৭টি।

**শিক্ষাগত যোগ্যতা**: মেসন এবং বুক বাইন্ডার ট্রেডের ক্ষেত্রে ক্লাস এইট পাশ, সঙ্গে অন্তত ১ বছর মেয়াদের আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। অন্যান্য ট্রেডের ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ২ বছরের আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক), কার্পেন্টার এবং প্লাম্বার ট্রেডের ক্ষেত্রে অন্তত ১ বছর মেয়াদের আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডে ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। **বয়স**: ২৪-৪-২০১৯ তারিখে ১৬ থেকে ২২ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রার্থীকে প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েব-সাইটের মাধ্যমে: www.apprentice ship.gov.in রেজিস্ট্রেশনের সময় পাওয়া অ্যাপ্রেন্টিস রেজিস্ট্রেশন নম্বরটি টুকে রাখবেন। পরে কাজে লাগবে। এরপর প্রশিক্ষণের জন্য অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.igcar.gov.in আবেদন করা যাবে ২৪ এপ্রিল পর্যন্ত। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদন-পত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিয়ে যেতে হবে। আবেদনের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভারত ইলেক্ট্রনিক্সে ১৫০

*প্রথম পাতার পর*

সহ সংশ্লিষ্ট ট্রেডে এন সি ভি টি স্বীকৃত আই টি আই কোর্স পাশ। প্রার্থীকে অবশ্যই গত ৩ বছরের মধ্যে আই টি আই উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

**স্টাইপেন্ড**: ওয়েল্ডার এবং কম্পিউটার অপারেটর প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ৬,৭৫৪ টাকা এবং বাকি ট্রেডগুলির ক্ষেত্রে ৭,৫৯১ টাকা।

**বয়স**: ৩০-৪-২০১৯ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন।

প্রাথমিক ভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের লিখিত পরীক্ষা বা ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

প্রথমে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeship.gov.in যেসব প্রার্থী আগেই রেজিস্ট্রেশন করেছেন তাঁদের আর নতুন করে রেজিস্ট্রেশন করতে হবে না। পুরনো রেজিস্ট্রেশন নম্বর দিয়েই তাঁরা ভারত ইলেক্ট্রনিক্সে আবেদন করতে পারবেন। ওই ওয়েবসাইটেই এস্টাবলিশমেন্ট সার্চ অপশনে গিয়ে ভারত ইলেক্ট্রনিক্সে অ্যাপ্রেন্টিসশিপের জন্য আবেদন করা যাবে। রেজিস্ট্রেশনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো ও জন্মতারিখের নথিপত্র আপলোড করতে হবে। অনলাইন আবেদন করা যাবে ২২ এপ্রিল পর্যন্ত। খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভেলে ১৪৫ ইঞ্জিনিয়ার ও এক্সিকিউটিভ ট্রেনি

*প্রথম পাতার পর*

প্রশিক্ষণ চলাকালীন মূলভাতা প্রতি মাসে ৫০,০০০ টাকা। সফলভাবে ট্রেনিং শেষে **বেতনক্রম**: ৬০,০০০-১,৮০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ২৫ মে ও ২৬ মে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://careers.bhel.in অনলাইন দরখাস্ত করা যাবে ৬ মে পর্যন্ত। অনলাইন আবেদনের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (৮০ কেবি সাইজের মধ্যে), কালো কালিতে করা সই (৮০ কেবি সাইজের মধ্যে), প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, প্রাক্তন সমরকর্মী ও আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট (৫০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৮০০ টাকা (অ্যাপ্লিকেশন ফি ৫০০ টাকা ও প্রসেসিং ফি ৩০০ টাকা)। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের শুধু প্রসেসিং ফি দিতে হবে। জি এস টি অতিরিক্ত। ফি জমা দেওয়া যাবে ইন্টারনেট ব্যাঙ্কিং বা ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ৮ মে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে যথাযথ ভাবে দরখাস্ত পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# হৃষীকেশ এইমসে ২০৩

*প্রথম পাতার পর*

ম্যানেজমেন্টে ডিগ্রি বা ডিপ্লোমা থাকলে অগ্রাধিকার। **বয়স**: ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

**ওয়্যারম্যান** (বিজ্ঞপ্তি নম্বর: 2019/161): শূন্যপদ ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে ইলেক্ট্রিশিয়ান ট্রেডে আই টি আই ডিপ্লোমা এবং ইলেক্ট্রিক্যাল ওয়ার্কম্যান কম্পিটেন্সি সার্টিফিকেট থাকতে হবে। পাশাপাশি, সংশ্লিষ্ট ট্রেডে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স**: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

**ক্যাশিয়ার** (বিজ্ঞপ্তি নম্বর: 2019/146): শূন্যপদ ১৩টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা**: কমার্সে স্নাতক। সঙ্গে কোনও সরকারি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার ব্যবহারে দক্ষ হতে হবে। **বয়স**: ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ২৫,৫০০-৮১,১০০ টাকা।

**ড্রাইভার (অর্ডিনারি গ্রেড)** (বিজ্ঞপ্তি নম্বর: 2019/155): শূন্যপদ ১৬টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক। সঙ্গে লাইট এবং হেভি মোটর ভেহিক্যাল কমার্শিয়াল লাইসেন্স থাকতে হবে। কমার্শিয়াল ভেহিক্যাল ড্রাইভিংয়ে ২ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। **বয়স**: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

**স্যানিটারি ইনস্পেক্টর গ্রেড-টু** (বিজ্ঞপ্তি নম্বর: 2019/140): শূন্যপদ ১৮টি (সাধারণ ১০, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা**: উচ্চমাধ্যমিক। সেই সঙ্গে ১ বছরের মেয়াদের স্যানিটারি ইনস্পেক্টর কোর্স করে থাকতে হবে। পাশাপাশি, অন্তত ২০০ শয্যাবিশিষ্ট হাসপাতালে ৪ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স**: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ২৯,২০০-৯২,৩০০ টাকা।

**মেডিকো সোশ্যাল সার্ভিস অফিসার** (বিজ্ঞপ্তি নম্বর: 2019/127): শূন্যপদ ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা**: মেডিক্যাল সোশ্যাল ওয়ার্কে স্পেশ্যালাইজেশন-সহ সোশ্যাল ওয়ার্কে স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে অন্তত ২০০ শয্যাবিশিষ্ট হাসপাতালে ৫ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার-জ্ঞান থাকলে অগ্রাধিকার। **বয়স**: ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা।

**মেডিক্যাল অফিসার আয়ুষ** (বিজ্ঞপ্তি নম্বর: 2019/122): শূন্যপদ ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা**: আয়ুষ-সম্পর্কিত কোনও শাখায় স্নাতক। সেন্ট্রাল বা স্টেট রেজিস্টারে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। পাশাপাশি, চিকিৎসা বা শিক্ষকতায় ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আয়ুষ-সম্পর্কিত কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি থাকলে অগ্রাধিকার। **বয়স**: ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

**ডার্ক রুম অ্যাসিস্ট্যান্ট** (বিজ্ঞপ্তি নম্বর: 2019/149): শূন্যপদ ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা**: রেডিওগ্রাফিতে ডিপ্লোমা-সহ ১ বছরের অভিজ্ঞতা। **বয়স**: ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ২৫,৫০০-৮১,১০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট লন্ড্রি সুপারভাইজার** (বিজ্ঞপ্তি নম্বর: 2019/150): শূন্যপদ ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা**: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। সেই সঙ্গে ড্রাই ক্লিনিং বা লন্ড্রি টেকনোলজিতে ডিপ্লোমা বা সার্টিফিকেট থাকতে হবে। পাশাপাশি, সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স**: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ২৫,৫০০-৮১,১০০ টাকা।

**ইলেক্ট্রিশিয়ান** (বিজ্ঞপ্তি নম্বর: 2019/151): শূন্যপদ ৬টি (সাধারণ ৫, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে ইলেক্ট্রিশিয়ান ট্রেডে আই টি আই ডিপ্লোমা এবং ইলেক্ট্রিক্যাল সুপারভাইজরি কম্পিটেন্সি সার্টিফিকেট থাকতে হবে। পাশাপাশি, ইউ জি কেবল সিস্টেম-সহ হাই টেনশন ও লো টেনশন ইলেক্ট্রিক্যাল ইনস্টলেশন চালনা বা রক্ষণাবেক্ষণের কাজে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স**: ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ২৫,৫০০-৮১,১০০ টাকা।

**ডিসপেন্সিং অ্যাটেন্ড্যান্টস** (বিজ্ঞপ্তি নম্বর: 2019/153): শূন্যপদ ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা**: ফার্মাসিতে ডিপ্লোমা। ফার্মাসিস্ট হিসেবে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। **বয়স**: ২১ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ২৫,৫০০-৮১,১০০ টাকা।

**জুনিয়র অ্যাকাউন্টস অফিসার (অ্যাকাউন্ট্যান্ট)** (বিজ্ঞপ্তি নম্বর: 2019/129): শূন্যপদ ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা**: কমার্সে স্নাতক। সঙ্গে কোনও সরকারি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স**: ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

**অপারেটর (ই অ্যান্ড এম)/লিফট অপারেটর** (বিজ্ঞপ্তি নম্বর: 2019/159): শূন্যপদ ১২টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই ডিপ্লোমা বা সমতুল। **বয়স**: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

**প্লাম্বার** (বিজ্ঞপ্তি নম্বর: 2019/160): শূন্যপদ ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা**: সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই ডিপ্লোমা-সহ ৫ বছরের অভিজ্ঞতা। **বয়স**: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

**মেকানিক (ই অ্যান্ড এম)** (বিজ্ঞপ্তি নম্বর: 2019/157): শূন্যপদ ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ট্রেডে আই টি আই ডিপ্লোমা। এ ছাড়া সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স**: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

**ডিসেকশন হল অ্যাটেন্ড্যান্ট** (বিজ্ঞপ্তি নম্বর: 2019/156): শূন্যপদ ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা**: উচ্চমাধ্যমিক-সহ ১ বছরের কাজের অভিজ্ঞতা অথবা মাধ্যমিক-সহ ৩ বছরের কাজের অভিজ্ঞতা। **বয়স**: ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

**সি এস এস ডি টেকনিশিয়ান** (বিজ্ঞপ্তি নম্বর: 2019/138): শূন্যপদ ৬টি (সাধারণ ৫, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা**: মাইক্রোবায়োলজি বা মেডিক্যাল টেকনোলজিতে বি এসসি। সঙ্গে ২০০ শয্যাবিশিষ্ট হাসপাতালে সেন্ট্রাল স্টেরিল সার্ভিসেস ডিপার্টমেন্টে (সি এস এস ডি) ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা 'এ' গ্রেড রেজিস্ট্রেশন-সহ স্টাফ নার্স। সঙ্গে ২০০ শয্যাবিশিষ্ট হাসপাতালে সি এস এস ডি-তে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা থিয়েটার অ্যাসিস্ট্যান্ট কোর্স পাশ করে থাকতে হবে। সঙ্গে ২০০ শয্যাবিশিষ্ট হাসপাতালে সি এস এস ডি-তে ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স**: ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsrishikesh.edu.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৩ জুন পর্যন্ত। অনলাইনে ফি বাবদ দিতে হবে ৩,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০০ টাকা, ও বি সি-এ-র ক্ষেত্রে ১,৫০০ টাকা, ও বি সি-বি-র ক্ষেত্রে ১,৬০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# স্টেট ব্যাঙ্কে ৮৯০৪ জুনিয়র অ্যাসোসিয়েট

(হিন্দি বা ইংলিশ): ২৭টি (সাধারণ ১৬, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**সিকিম (নেপালি বা ইংলিশ)**: ৮টি (সাধারণ ৬, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

**জম্মু ও কাশ্মীর (হিন্দি)**: ৪০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১০, আর্থিকভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**হিমাচল প্রদেশ (হিন্দি)**: ১৩২টি (সাধারণ ৫৫, তফসিলি জাতি ৩৩, তফসিলি উপজাতি ৫, ও বি সি ২৬, আর্থিকভাবে অনগ্রসর ১৩)। এর মধ্যে ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ১৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**চণ্ডিগড় (হিন্দি)**: ৩৬টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৬, ও বি সি ৯, আর্থিকভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**পাঞ্জাব (হিন্দি)**: ৩৩৭টি (সাধারণ ১৩৭, তফসিলি জাতি ৯৭, ও বি সি ৭০, আর্থিকভাবে অনগ্রসর ৩৩)। এর মধ্যে ১২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৩৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**দিল্লি (হিন্দি)**: ৪৩৭টি (সাধারণ ১৮০, তফসিলি জাতি ৬৫, তফসিলি উপজাতি ৩২, ও বি সি ১১৭, আর্থিকভাবে অনগ্রসর ৪৩)। এর মধ্যে ১৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৪৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১৯টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**উত্তরাখণ্ড (হিন্দি)**: ১৮৪টি (সাধারণ ১০৫, তফসিলি জাতি ৩৩, তফসিলি উপজাতি ৫, ও বি সি ২৩, আর্থিকভাবে অনগ্রসর ১৮)। এর মধ্যে ৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ১৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৮টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**হরিয়ানা (হিন্দি)**: ১৫২টি (সাধারণ ৭০, তফসিলি জাতি ২৮, ও বি সি ৪০, আর্থিকভাবে অনগ্রসর ১৪)। এর মধ্যে ৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ১৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৬টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**তেলঙ্গানা (হিন্দি)**: ৪২৫টি (সাধারণ ১৭২, তফসিলি জাতি ৬৮, তফসিলি উপজাতি ২৯, ও বি সি ১১৪, আর্থিকভাবে অনগ্রসর ৪২)। এর মধ্যে ২৬টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৫৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৪৬টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**রাজস্থান (হিন্দি)**: ৬৫৩টি (সাধারণ ২৪০, তফসিলি জাতি ১২৪, তফসিলি উপজাতি ৮৫, ও বি সি ১২০, আর্থিকভাবে অনগ্রসর ৬০)। এর মধ্যে ৪৮টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৬০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ২৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**উত্তরপ্রদেশ (হিন্দি)**: ১,১৯৭টি (সাধারণ ৪৯৩, তফসিলি জাতি ২৫০, তফসিলি উপজাতি ১৩, ও বি সি ৩২২, আর্থিকভাবে অনগ্রসর ১১৯)। এর মধ্যে ৪৮টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ১১৯টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৫২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**অসম (বাংলা)**: ৩০০টি (সাধারণ ১৩২, তফিসিলি জাতি ২১, তফসিলি উপজাতি ৩৬, ও বি সি ৮১, আর্থিকভাবে অনগ্রসর ৩০)। এর মধ্যে ১২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৩০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**অরুণাচল প্রদেশ (ইংলিশ)**: ৫৫টি (সাধারণ ২৬, তফসিলি উপজাতি ২৬, আর্থিকভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**মেঘালয় (ইংলিশ)**: ৩২টি (সাধারণ ১১, তফসিলি উপজাতি ১৮, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**নাগাল্যান্ড (ইংলিশ)**: ৪০টি (সাধারণ ১৮, তফসিলি উপজাতি ১৮, আর্থিকভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**ত্রিপুরা (বাংলা)**: ২৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৫,

*প্রথম পাতার পর*

তফসিলি উপজাতি ১৭, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**বিহার (হিন্দি)**: ১১৫টি (সাধারণ ৫৪, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি  ১, ও বি সি ৩১, আর্থিকভাবে অনগ্রসর ১১)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ১১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**ঝাড়খণ্ড (হিন্দি)**: ২৩৫টি (সাধারণ ৯৫, তফসিলি জাতি ২৮, তফসিলি উপজাতি ৬১, ও বি সি ২৮, আর্থিকভাবে অনগ্রসর ২৩)। এর মধ্যে ১০টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ২৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১০টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

অস্থি, দৃষ্টি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীরা ছাড়াও অটিজমে আক্রান্ত এবং স্পেসিফিক লার্নিং ডিজেবিলিটি, মানসিক প্রতিবন্ধকতা ও একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীরা দৈহিক প্রতিবন্ধীদের জন্য নির্ধারিত শূন্যপদে আবেদন করতে পারেন।

**শিক্ষাগত যোগ্যতা**: যে-কোনও শাখায় স্নাতক। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন, তবে, ৩১-৮-২০১৯ তারিখের আগে পাশ করে ও সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

**বয়স**: ১-৪-২০১৯ তারিখে ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর, বিধবা, বিবাহবিচ্ছিন্না বা আইনত স্বামীবিচ্ছিন্নারা পুনরায় বিবাহ না করে থাকলে ৭ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম**: ১১,৭৬৫-৩১,৪৫০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই হবে দু'পর্যায়ের (প্রিলিমিনারি ও মেন) অনলাইন পরীক্ষা ও ভাষাগত দক্ষতা যাচাইয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গের (স্টেট কোড ৪৪) পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী ও শিলিগুড়ি। প্রিলিমিনারি পরীক্ষা নেওয়া হবে জুনে।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন থাকবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), নিউমেরিক্যাল এবিলিটি (৩৫ নম্বর), রিজনিং এবিলিটি (৩৫ নম্বর) বিষয়ে। বিষয় প্রতি সময়সীমা ২০ মিনিট। মেন পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে জেনারেল ইংলিশ (৪০ নম্বর), জেনারেল/ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস (৫০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর), রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (৬০ নম্বর) বিষয়ে। মোট সময়সীমা ২ ঘণ্টা ৪০ মিনিট।

উভয় পরীক্ষাতেই নেগেটিভ মার্কিং থাকবে।

তফসিলি, প্রাক্তন সমরকর্মী এবং সংখ্যালঘু প্রার্থীদের পরীক্ষার প্রস্তুতির প্রশিক্ষণ দেওয়া হতে পারে দেশ জুড়ে ব্যাঙ্কের বিভিন্ন কেন্দ্রে। কলকাতা, আসানসোল এবং শিলিগুড়িতে প্রশিক্ষণের ব্যবস্থা থাকবে। তবে প্রশিক্ষণের খরচ দিতে হবে প্রার্থীকেই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: https://www.sbi.co.in/careers https://bank.sbi/careers

প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩ মে।

প্রথমে উপরোক্ত ওয়েবসাইটে গিয়ে দরখাস্তের ফর্ম অনলাইনে পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং কালো কালিতে করা সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ জমা দিতে হবে ৭৫০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ১২৫ টাকা)। অনলাইনে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড অথবা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পরে ই-রিসিপ্ট এবং পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে প্রয়োজন হবে।

রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ডের সাহায্যে প্রিলিমিনারি পরীক্ষার কললেটার জুনের প্রথম সপ্তাহ থেকে এবং মেন এক্সামিনেশনের কললেটার জুলাইয়ের চতুর্থ সপ্তাহ থেকে ডাউনলোড করা যাবে উপরোক্ত ওয়েবসাইটের মাধ্যমে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে সন্ধ্যা ৬টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০২২) ২২৮২-০৪২৭।

# সেন্টার ফর ডেভেলপমেন্ট অব অ্যাডভান্সড কম্পিউটিংয়ে প্রোজেক্ট ইঞ্জিনিয়ার

প্রোজেক্ট ইঞ্জিনিয়ার পদে ৮৭ জনকে নেবে মুম্বইয়ের সেন্টার ফর ডেভেলপমেন্ট অব অ্যাডভান্সড কম্পিউটিং। প্রাথমিকভাবে ১ বছরের চুক্তিতে নিয়োগ হবে। ভালো কাজের নিরিখে চুক্তির মেয়াদ ৩ বছর অবধি বাড়ানো হতে পারে।

শূন্যপদের বিবরণ: পোস্ট কোড CDACM_PE02: ৫৮টি। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনস বা ইনফর্মেশন টেকনোলজিতে প্রথম শ্রেণির বি ই বা বি টেক বা এম সি এ। ফ্রেশার প্রার্থীরা আবেদনের যোগ্য। কর্মরতদের ক্ষেত্রে তিন বছরের বেশি কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না। অথবা প্রথম শ্রেণিতে ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্সে এম এসসি বা মাস্টার অব কম্পিউটার সায়েন্স (এম সি এস), সঙ্গে ১ বছরের কাজের অভিজ্ঞতা। বয়স: ২৬-৪-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড CDACM_PE03: ২০টি। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনস বা ইনফর্মেশন টেকনোলজিতে প্রথম শ্রেণির বি ই বা বি টেক বা এম সি এ, সঙ্গে অন্তত তিন বছরের কাজের অভিজ্ঞতা। অথবা সংশ্লিষ্ট শাখায় এম ই বা এম টেক অথবা পি এইচ ডি। বয়স: ২৬-৪-২০১৯ তারিখে ৩২ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড CDACM_PE04: ৯টি। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনস বা ইনফর্মেশন টেকনোলজিতে প্রথম শ্রেণির বি ই বা বি টেক বা এম সি এ, সঙ্গে অন্তত সাত বছরের কাজের অভিজ্ঞতা। অথবা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনস বা ইনফর্মেশন টেকনোলজিতে এম ই বা এম টেক, সঙ্গে তিন বছরের কাজের অভিজ্ঞতা অথবা সংশ্লিষ্ট বিষয়ে পি এইচ ডি। বয়স: ২৬-৪-২০১৯ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

**বেতন**: প্রতি মাসে ৩১,০০০-১,৩৫,০০০ টাকা।

প্রাথমিকভাবে শিক্ষাগত যোগ্যতা এবং প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://cdac.in দরখাস্তের শেষ তারিখ ২৬ এপ্রিল। দরখাস্তের সময় প্রার্থীর জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (৪০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ফি বাবদ অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের কোনও ফি লাগবে না।

অনলাইনে দরখাস্ত পূরণের সময় একটি অ্যাপ্লিকেশন নম্বর পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। পরে কাজে লাগবে। সাবমিট করা দরখাস্ত এবং ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# আই টি বি পি-তে ১২১ খেলোয়াড়

*প্রথম পাতার পর*

থেকে ২১-৬-২০১৯-এর মধ্যে অলিম্পিক্স বা ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ বা ওয়ার্ল্ড কাপ বা এশিয়ান বা কমনওয়েলথ গেমস বা এশিয়ান বা কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপ বা ইয়ুথ অলিম্পিক বা সাফ গেমসে দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে বা পদক পেয়ে থাকতে হবে। অথবা ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস বা ন্যাশনাল গেমস বা সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ বা জুনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে পদক জিতে থাকতে হবে।

**বয়স**: ২১-৬-২০১৯ তারিখে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সি-রা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। **দৈহিক মাপজোক**: উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৭০ সেমি (গোর্খা এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি, উগ্র বামপন্থী অধ্যুষিত এলাকার তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬০ সেমি)। মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৫২.৫ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫০ সেমি ও উগ্র বামপন্থী অধ্যুষিত এলাকার তফসিলি উপজতি প্রার্থীদের ক্ষেত্রে ১৪৭.৫ সেমি)। বুকের ছাতি: শুধুমাত্র পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ৭৭ সেমি ও ৮২ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)। সবক্ষেত্রেই বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। **দৃষ্টিশক্তি**: চশমা ছাড়া ন্যূনতম দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। কাছের ক্ষেত্রে ভালো চোখে এন-সিক্স, খারাপ চোখে এন-নাইন। রং চেনার ক্ষমতা সি পি-থ্রি মানের হতে হবে। প্রার্থীকে শারীরিকভাবে সক্ষম হতে হবে। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, তির্যক চাউনি, শিরাস্ফীতি থাকলে চলবে না। **বেতন**: প্রতি মাসে ২১,৭০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে খেলাধুলার যোগ্যতা, দৈহিক মাপজোক যাচাই এবং মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.recruitment.itbpolice.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২২ এপ্রিল থেকে ২১ জুন পর্যন্ত। দরখাস্তের সময় প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। অনলাইনে ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা ও তফসিলিদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

## প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**মে-এর প্রতিযোগিতার জন্য এপ্রিল মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ মে-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:
**সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।**